টেট স্পেশাল ১৬ পাতার সংখ্যা

# কর্মসংস্থান

দাম : ৫ টাকা

www.karmosangsthan.com

Vol. 35 ■ Issue No. 44 ■ 5th November 2022 ■ Saturday ■ Kolkata ■ R.N.I. 44167/88

"বনগাঁ, বসিরহাট ও মধ্যমগ্রামে"
স্কুল সার্ভিস ও প্রাইমারীতে সফল হতে —
* সপ্তাহে 8-16 ঘণ্টা ক্লাস।
* সপ্তাহে দুটি মকটেস্ট।
* নিজস্ব বই ও ম্যাগাজিন।
সাকসেস সেন্টার
• বসিরহাট : 9932326566
• বনগাঁ : 8337000600
• মধ্যমগ্রাম : 8337000900

স্টাফ সিলেকশন কমিশনের মাধ্যমে বি.এস.এফ, সি.আই.এস.এফ, সি.আর.পি.এফ, এস.এস.বি, আই.টি.বি.পি, এস.এস.এফ, নারকোটিক্স ব্যুরো, অসম রাইফেলস-সহ

# ৮ কেন্দ্রীয় বাহিনীতে ২৪,৩৬৯ কনস্টেবল

**নিজস্ব সংবাদদাতা :** কেন্দ্রীয় সরকারের স্বরাষ্ট্র মন্ত্রকের অধীন বর্ডার সিকিউরিটি ফোর্স, সেন্ট্রাল ইন্ডাস্ট্রিয়াল সিকিউরিটি ফোর্স, ইন্দো-তিব্বত সীমান্ত পুলিশ, সশস্ত্র সীমা বল ও সেক্রেটারিয়েট সিকিউরিটি ফোর্স (এস.এস.এফ.)'-এ 'কনস্টেবল (জেনারেল ডিউটি)' পদে, অসম রাইফেলসে 'রাইফেলম্যান (জেনারেল ডিউটি)' আর নারকোটিক্স কন্ট্রোল ব্যুরোতে সেপাই পদে ২৪,৩৬৯ জন ছেলেমেয়ে নেওয়া হচ্ছে। এই ৭ বাহিনীতে লোক নেওয়া হবে সর্বভারতীয় ভিত্তিতে, কেন্দ্রীয় স্টাফ সিলেকশন কমিশনের মাধ্যমে। এজন্য প্রথমে অনলাইনে লিখিত পরীক্ষা হবে। তাতে সফল হলে শারীরিক মাপজোখ, শারীরিক সক্ষমতার পরীক্ষা ও ডাক্তারি পরীক্ষা হবে।

NCTE / WBUTTEPA
প্রাইমারি ও স্কুলে চাকরির জন্য
affiliated কলেজ থেকে
B.ED / D.EL.ED
2022-24 Session-এ
পশ্চিমবঙ্গ থেকে ভর্তি হওয়ার
শেষ সুযোগ। যোগাযোগ :
AIES website : www.aies.in
9733777197 / 7031558361
8013577182 / 7679383939

অন্তত মাধ্যমিক পাশ ছেলেমেয়েরা এই পদের জন্য আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১-১-২০২৩'র হিসাবে ১৮ থেকে ২৩ বছরের মধ্যে অর্থাৎ, জন্ম-তারিখ হতে হবে ২-১-২০০০ থেকে ১-১-২০০৫'এর মধ্যে। ও.বি.সি. সম্প্রদায়ের প্রার্থীরা ৩ বছর, তপশিলীরা ৫ বছর আর প্রাক্তন সমরকর্মী ও বিভাগীয় কর্মীরা যথারীতি বয়সে ছাড় পাবেন। শরীরের মাপজোখ হতে হবে ছেলেদের বেলায় লম্বায় অন্তত ১৭০ সেমি. (তপশিলী উপজাতি হলে ১৬২.৫ সেমি, অসম, ত্রিপুরা, মিজোরাম ও পার্বত্য এলাকার প্রার্থী হলে ১৬৫ সেমি আর ত্রিপুরা ও সিকিমের নকশাল অধ্যুষিত প্রার্থীদের বেলায় ১৬০ সেমি) আর বুকের ছাতি না-ফুলিয়ে ৮০

সরকারি চাকরির প্রস্তুতি
ICE Academy
WBCS SSC-CGL
PSC Primary-TET
School Service
বালিগঞ্জ কেন্দ্র
9804412898
7044517509

সেমি. ও ফুলিয়ে ৮৫ সেমি. (পার্বত্য এলাকার হলে যথাক্রমে ৭৮ ও ৮৩ সেমি.)। মহিলাদের বেলায় লম্বায় অন্তত ১৫৭ সেমি. (তপশিলী উপজাতি হলে ১৫০ সেমি, অসম, ত্রিপুরা, মিজোরাম ও পার্বত্য এলাকার প্রার্থী হলে ১৫৫ সেমি.)। দৃষ্টিশক্তি দরকার দূরের বেলায়

☞ এরপর ৮ পাতায়

# প্রাইমারি 'টেট'এর পরীক্ষা পদ্ধতি বদল

## একবার 'টেট' পাশ করলে বয়স থাকা পর্যন্ত তা গ্রাহ্য হবে

**রঞ্জিৎ ঘোষ :** প্রাইমারি 'টেট'এ দরখাস্ত নেওয়া প্রায় শেষ পর্যায়ে। জেনে নিন শেষ মুহূর্তের কিছু জরুরী তথ্য। দরখাস্ত নেওয়া হবে ৩ নভেম্বর পর্যন্ত। যাঁরা এখনো দরখাস্ত করেননি, তাঁরা সত্বর দরখাস্ত করুন। বি.পি.এড. পাশ প্রার্থীরাও এবার 'টেট' দিতে পারবেন। এবার বদলে গেল পরীক্ষা পদ্ধতি। এবার প্রতিটি পার্টে পেডাগগি থেকে প্রশ্ন হবে। এই 'টেট' হবে ১১ ডিসেম্বর, রবিবার দুপুর ১২টা থেকে আড়াইটা পর্যন্ত। 'টেট' দেওয়ার জন্য বয়সের কোনো উর্ধ্বসীমা নেই। তবে 'টেট' কোয়ালিফাই করে প্রাইমারি টিচার পদের ইন্টারভিউয়ের জন্য বয়স হতে হবে ৪০ বছরের মধ্যে। 'টেট'এর জন্য দরখাস্ত করতে পারবেন এই ওয়েবসাইটে :

☞ এরপর ৩ পাতায়

# ইন্টেলিজেন্স ব্যুরোয় ১,৬৭১ অ্যাসিস্ট্যান্ট, মাল্টি টাস্কিং স্টাফ

কেন্দ্রীয় সরকারের স্বরাষ্ট্র মন্ত্রকের অধীন ইন্টেলিজেন্স ব্যুরো 'সিকিউরিটি অ্যাসিস্ট্যান্ট /এক্সিকিউটিভ' ও 'মাল্টি টাস্কিং স্টাফ (জেনারেল)' পদে ১,৬৭১ জন ছেলেমেয়ে নিচ্ছে। মাধ্যমিক পাশ ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। ইন্টেলিজেন্সের কাজে অভিজ্ঞতা থাকলে ভালো হয়। যে কেন্দ্রের শূন্যপদের জন্য দরখাস্ত করবেন, সেখানকার

☞ এরপর ৪ পাতায়

৫০ লক্ষ টাকা স্কলারশিপ !!
পশ্চিমবঙ্গে নার্সিং পড়তে আগ্রহী ছাত্রীদের জন্য শীঘ্র আবেদন

নিজস্ব প্রতিবেদন : পশ্চিমবঙ্গে নার্সিং কাউন্সিলের অধীনস্থ কলেজ হইতে জি.এন.এম (GNM) জেনারেল নার্সিং এন্ড মিডওয়াইফেরী নার্সিং পড়তে আগ্রহী এই একাডেমি সেশনে (2022-23) ছাত্রীরা যাহারা উচ্চমাধ্যমিকে ন্যূনতম ৬০% নম্বর বা নার্সিং এর ANM/GNM কমন এন্ট্রান্স পরীক্ষার যে কোন র‍্যাঙ্কে Qualify করা ছাত্রীরা সরাসরি স্কলারশিপের জন্য আবেদন করিতে পারিবেন।
জরুরী ভিত্তিক আবেদন করিতে পারিবেন নিম্নলিখিত পদ্ধতিতে।
(১) Speed Post এর মাধ্যমে দরখাস্ত পৌঁছাতে হবে ১০ই নভেম্বর, ২০২২ এর মধ্যে।
(২) প্রার্থী বাছাই হইবে লিখিত পরীক্ষার ও কাউন্সিলিং এর মাধ্যমে। পরীক্ষা তারিখ ১২ই নভেম্বর দুপুর ১২টা। ফল প্রকাশ হইবে ১৫ই নভেম্বর।
দরখাস্ত করিবেন সাদা কাগজে নাম, সম্পূর্ণ ঠিকানা + Phone Number + WhatsApp Number + Email Id এবং মাধ্যমিক থেকে উচ্চমাধ্যমিক পর্যন্ত সমস্ত Documents Xerox Copy Self attested করিয়া ও এক কপি ছবি সহ এবং যদি কোনো র‍্যাঙ্ক করিয়া থাকে উহার কপি সংযুক্ত করিয়া উক্ত দরখাস্ত পৌঁছাতে হইবে ১০ নভেম্বর নিম্নলিখিত ঠিকানায়—
"Angel Institute of Education and Research Foundation" (এটি একটি স্বেচ্ছাসেবী সংস্থা)
Address: 115/1 Jessore Road East, Barasat, Kolkata-700125
অথবা E-mail বা WhaptsApp করিতে পারেন সমস্ত Documents scan করিয়া
Email Id- aier.scholarship01@gmail.com
Call / WhatsApp No.- 9734716994
বিজ্ঞাপন

# বি.পি.এড কোর্স পাশরাও প্রাইমারি 'টেট'এ যোগ্য

**নিজস্ব সংবাদদাতা :** প্রাইমারি 'টেট'এর জন্য শারীরশিক্ষার (বি.পি.এড. পাশ) প্রার্থীরাও আবেদন করতে পারবেন। পশ্চিমবঙ্গ প্রাথমিক শিক্ষা পর্ষদ এক সংশোধনী বিজ্ঞপ্তিতে জানায়, এবছর ১১ ডিসেম্বর যে প্রাইমারি 'টেট' হবে, তাতে ফিজিক্যাল এডুকেশনের সার্টিফিকেট / ডিপ্লোমা / ডিগ্রি কোর্স পাশরা অন্তত ২ বছরের কোর্স পাশ হলে দরখাস্ত করতে পারবেন।

☞ এরপর ১০ পাতায়

টেট-এর কোচিং ফ্রি !!
নতুন সিলেবাস ধরে অভিজ্ঞ ফ্যাকাল্টিদের তৈরি করা মডেল প্রশ্নোত্তর (সম্পূর্ণ ব্যাখ্যা সহ) পেতে আজই যোগাযোগ করুন
এই নম্বরে :
9830624170

# ৩১২ গার্ড ও অফিসার

**নিজস্ব সংবাদদাতা :** কেন্দ্রীয় সরকারের পারমাণবিক শক্তি দফতরের অধীন অ্যাটমিক মিনারেলস ডিরেক্টরেট ফর এক্সপ্লোরেশন অ্যান্ড রিসার্চ 'অ্যাসিস্ট্যান্ট সিকিউরিটি

☞ এরপর ৪ পাতায়

# ৩৪৫ অ্যাপ্রেন্টিস

**নিজস্ব সংবাদদাতা :** কেন্দ্রীয় সরকারের পারমাণবিক শক্তি দফতরের অধীন নিউক্লিয়ার ফুয়েল কমপ্লেক্স 'ট্রেড অ্যাপ্রেন্টিস' হিসাবে ৩৪৫ জন লোক নিচ্ছে। মাধ্যমিক পাশরা আই.টি.আই.

☞ এরপর ৫ পাতায়

২৭.১০.২০২২ পর্ষদের পুরো গাইড লাইন অনুযায়ী
প্রাইমারী
শেষ মিনিটের প্রস্তুতি
3000+ MCQ
20 সেট প্রশ্নোত্তর
পর্ষদের সমস্ত বিষয়ের মডেল প্রশ্নের সমাধান
EPH EDVICON® PUBLISHING HOUSE
Our Books Now Available on Amazon and Flipkart

প্রাইমারী টেট
With Mock Test 7000+ MCQ
সম্পূর্ণ সিলেবাস অনুযায়ী অধ্যায় ভিত্তিক বিস্তারিত আলোচনা
➡ সাফল্যের জন্য লেখকদের পরামর্শ
➡ ৫টি বিষয়ের উপর অধ্যায়ভিত্তিক প্রচুর MCQ প্রশ্নোত্তর
➡ প্রতিটি বিষয়ের পেডাগগির উপর অধ্যায়ভিত্তিক আলোচনা
➡ শিশুবিকাশ ও পেডাগগি বিষয়ের একনজরে গুরুত্বপূর্ণ তথ্য
➡ বিগত বছরের (২০২১ পর্যন্ত) প্রশ্নের ব্যাখ্যাসহ সমাধান
শিশু মনস্তত্ত্ব ও শিশু বিকাশ
➡ অধ্যায়ভিত্তিক MCQ ও বিস্তারিত আলোচনা এবং বিগত বছরের
➡ রাজ্য ও কেন্দ্রের প্রাইমারি ও আপার প্রাইমারি টেট পরীক্ষার প্রশ্নোত্তর
কলকাতা পুলিশ কনস্টেবল
31 সাজেস্টিভ প্র্যাকটিস সেট ও Mock Test
➡ বিগত বছরের প্রশ্নের সমাধানসহ
তপতী® পাবলিশার্স
e.mail: tapatipublishers@gmail.com
Our Books Now Available on Amazon and Flipkart

# প্রতিরক্ষা দফতরে ১,০৬১ জন অ্যাসিস্ট্যান্ট, অ্যাটেন্ড্যান্ট, স্টেনো

**নিজস্ব সংবাদদাতা :** কেন্দ্রীয় সরকারের প্রতিরক্ষা মন্ত্রকের অধীন ডিফেন্স রিসার্চ অ্যান্ড ডেভেলপমেন্ট অর্গানাইজেশনের সেন্টার ফর পার্সোনেল ট্যালেন্ট ম্যানেজমেন্ট (CEPTAM) বিভিন্ন ট্রেডে 'স্টোর অ্যাসিস্ট্যান্ট -A', 'সিকিউরিটি অ্যাটেন্ড্যান্ট-A', 'ফায়ারম্যান', 'অ্যাডমিনিস্ট্রেটিভ অ্যাসিস্ট্যান্ট-A' ও 'স্টেনোগ্রাফার' পদে ১,০৬১ জন লোক নিচ্ছে। কারা কোন পদের জন্য যোগ্য :

অ্যাডমিনিস্ট্রেটিভ অ্যান্ড অ্যালায়েড ক্যাডারে নেওয়া হবে :

জুনিয়র ট্রান্সলেশন অফিসার : ইংরিজি

☞ এরপর ৭ পাতায়

ভেতরের পাতায় :
প্রাইমারি টিচার পদের 'টেট'এর সম্ভাব্য ১৫০ প্রশ্নোত্তর

**কর্মসংস্থান**
সাপ্তাহিক পত্রিকা
প্রধান কার্যালয়
১২/৩/৪ জামির লেন, কলকাতা - ৭০০ ০১৯
হেল্প লাইন
✆ : ৯৮৩০৬২৪১৭০
ফ্যাক্স নং : ২৪৬০ ৮২৩৩
নয়াদিল্লি কার্যালয়
রুম নং - ১০২ অ্যানেক্স, আই.এন.এস বিল্ডিং, রফি মার্গ
নয়াদিল্লি-১১০ ০০১
ফোন : ০৯৮১৮৬৭৫২৮৩

মাধ্যমিক • উচ্চমাধ্যমিক
BA • MA • B.Sc.
M.Sc. • B.Com. • M.Com.
লাইব্রেরী সায়েন্স • B.Ed.
D.El.Ed. • M.Ed. • B.P.Ed.
M.P.Ed. • LLB • LLM
HALDAR GROUP
6294181779

### স্কুল-কলেজ-শিক্ষা

IRHAH রিসার্চ অ্যান্ড এডুকেশন, চুঁচুড়া, ২০ জন আর্থিক দুর্বল মহিলাকে বিনা খরচায় ফার্স্ট এইড নার্সিং ট্রেনিংয়ের ব্যবস্থা। 7890294680

B

100% জব রেডি
হোটেল ম্যানেজমেন্ট
B.C.A.
পড়তে পড়তে আয়ের সুযোগ
VIMT
M-80173 79747
www.vimt.org

Distance/Regular Admission going on : B.A, M.A (All subject), B.Ed, M.B.A, B.C.A, B.B.A. Bright Futrue. 8373010007, 9932233506.

S

All disputes regarding sales and advertisement of all publications of Sangsthaan Prakashan Pvt. Ltd. are subject to Kolkata Jurisdiction only.

### স্কুল-কলেজ-শিক্ষা

**WB Primary TET-2022**
Mrs. Maity Coaching. TET Exams Preparation. Affordable Course Fees. M : 98741-21627

SH

**100 টাকা মাসে**
দুপুরের খাবার ফ্রী। সরকারি চাকরির কোচিং। PSC, SSC, RAIL, TET, গড়িয়া, M : 7003966500

SH

**D.EL.ED (2021-23)**
No Class. ভর্তি চলছে। খুব কম খরচে। Last Date : 31.10.22
Mob : 9609491755.

MS

### কর্মখালি

**জাহাজে ও ডকে স্থায়ী জব**
L/C No. KOL–56WB, পঃবাংলার 23টি জেলার বেকার কর্মপ্রার্থীদের যোগ্যতানুযায়ী বিভিন্ন পদে ও বিভিন্ন বেতনে প্রচুর M/F, পঃ বাংলার বিভিন্ন প্রান্তে নিয়োগ করানো হচ্ছে। Salary : 21,670-51,820, 3 মাস 13 দিন কাজ করার পর 27 দিনের ছুটি with Salary সহ। Age : 18-44, ৮ম-স্নাতক, থাকা খাওয়া সহ ছুটি, বোনাস, ESI, PF অন্যান্য। Help : 7384380111

SA

### কর্মখালি

প্রাইভেট ব্যাঙ্কে স্থায়ী জব — Front & Back office. Age : 18-35, HS & Graduate. Salary :12k-20K. নিজ এলাকা। হাওড়া-হুগলি : 9477762102, 6291125164, 8697616100.

R

**ব্যাঙ্ক, এয়ারপোর্ট**
বিনা ডোনেশনে Bank ও এয়ারপোর্টে অষ্টম/স্নাতক M/F কর্মী চাই। বেতন : 22,000/-–42,700/-, PF, ESI, বোনাস-সহ থাকা-খাওয়া ফ্রি। 9434566004

SA

**ট্রেনিং দিয়ে চাকরি**
দেশ ও বিদেশে কর্মী নিয়োগ। বিনা খরচে ব্যাঙ্গালোরে মেকানিক্যাল/সিভিল ট্রেডে Ltd. Company-তে ট্রেনিং দেওয়া হয়। ট্রেনিং শেষে ১০০% কাজের ব্যবস্থা করা হয়। Engg. Trade-এ ITI / Diploma পড়ার ব্যবস্থা আছে। যোগ্যতা- মাধ্যমিক / ওয়েল্ডার। বয়স- 18-30. বেতন- 15-22,000/-. SAGPA-Kol-48, M - 8167258938

D

দরখাস্ত পাঠানোর আগে ফর্ম সহ যাবতীয় প্রমাণপত্রের এক কপি জেরক্স নিজের কাছে রেখে দেবেন।

### কর্মখালি

**জাহাজে ও ডকে স্থায়ী জব**
ভারতবর্ষের বিভিন্ন বন্দরে খিদিরপুর, হলদিয়া হইতে আন্দামান 87 জন M/F নিয়োগ। বেতন: 27,300/-–64,700/-. PF, ESI, ছুটি। 9434565153

SA

**স্পট জয়েনিং**
বিনা ডোনেশনে বিভিন্ন কোম্পানি ও শপিং মলে প্রচুর M/F চাই। বেতন- 9,500-26,500. 9461659163

MS

**জেলাভিত্তিক PVT Bank-এ স্থায়ী জব**
L/C No. KOL-WB69K76, উঃবঙ্গের 7টি জেলা সহ পঃ বাংলার বিভিন্ন জেলার প্রাঃ ব্যাঙ্কে Back Office. এছাড়া যোগ্যতানুযায়ী অন্যান্য পদে ও বিভিন্ন Salary-তে 69 জন M/F কে Joining করানো হচ্ছে। যোগ্যতা : MP-স্নাতক। Salary: 16350–27665, Age:18-42, Canteen-সহ, ছুটি, বোনাস, ESI, PF। এছাড়া অন্যান্য সুবিধা। 57 বছরের Agreement করে Joining করানো হবে। M : 8670290888

SA

### কর্মখালি

**সরাসরি নিয়োগ**
প্রতিটি জেলায় গার্ড, SV, ইনচার্জ, ওয়ার্ডবয়, পিওন, অফিসবয়, ক্লার্ক, ATM গার্ড চাই। বেতন : 13500–22500. M : 8961921488

SA

**BANK-AIRPORT**
Govt. Reg. No.-2248 সমস্ত জেলায় বিনা ডোনেশনে ব্যাঙ্ক, Airport-এ ৮ম/স্নাতক M/F কর্মী চাই। বেতন : (17200–42000) থাকা-খাওয়া ফ্রি। PF, ESI, বোনাস। 9474377412

SA

**জাহাজে স্থায়ী জব**
আন্দামান হইতে বম্বে জাহাজে 45 জন 8ম/স্নাতক কর্মী চাই। বেতন: 25,700/-–67,300/-. PF, ESI, সরকারি সুবিধা আছে। সত্বর যোগাযোগ M : 8902602797

SA

**নিয়োগ সমাচার**
WBSEDCL-এ কন্ট্রাক্টরের অধীনে জেলাভিত্তিক M/F দের স্থায়ী জব। যোগ্যতা : M.P-স্নাতক। বেতন : 18,500–35,500। Ex-আর্মিদের বিশেষ সুযোগ। Mob : 8334801780

SA

### কর্মখালি

**Airport এ নিয়োগ**
No Donation, সরকারি কন্ট্রাক্টরের অধীনে ৮ম/স্নাতক নিয়োগ। পদ- S/V, G/FS, চেকিং - পোস্টিং দমদম, বর্ধমান, অণ্ডাল, শিলিগুড়ি। বেতন - 17,900/- – 42,400/-. শীঘ্র যোগাযোগ-M : 9434564954

SA

**আর্জেন্ট ভ্যাকান্সি**
পঃবঃ প্রতিটি Pvt. ব্যাঙ্ক DSA-তে M/F কর্মী নিয়োগ চলছে। বেতন : 19K–42K, যোগ্যতা : ৮ম-স্নাতক। Ex-আর্মিদের সুবিধা আছে। সত্বর যোগাযোগ M : 9093235207

SA

**বিশেষ বিজ্ঞপ্তি**
'কর্মসংস্থান' পত্রিকায় প্রকাশিত বিজ্ঞাপনের বিষয়বস্তু ও যথার্থতার যাবতীয় দায়িত্ব বিজ্ঞাপনদাতাদের। কোনো সংস্থার বিজ্ঞাপন, আইনি সমস্যা সৃষ্টি করলে বা, কারো আর্থিক ক্ষতির জন্য দায়ী হলে, তার যাবতীয় দায়-দায়িত্ব পুরোপুরি বিজ্ঞাপনদাতা সংস্থার ওপরই বর্তাবে। 'কর্মসংস্থান' পত্রিকা বা, 'সংস্থান প্রকাশন প্রাইভেট লিমিটেড' তার জন্য কোনোভাবেই দায়ী নয়।
— সম্পাদক, কর্মসংস্থান।

## চাকরির পরীক্ষার গণিত

# অ্যারিথমেটিক

**Direction (Qs. 1-5) :** *Study the following table and answer the questions given below.*

Number of Tourists who visit different cities by different modes of transport.

| Cities | Vehicles | | | | |
|---|---|---|---|---|---|
| | Car | Train | Bus | Bike | By Air |
| Delhi | 192 | 188 | 172 | 191 | 174 |
| Mumbai | 180 | 166 | 178 | 187 | 182 |
| Chandigarh | 156 | 194 | 163 | 181 | 148 |
| Dehradun | 132 | 185 | 142 | 170 | 148 |
| Mussoorie | 149 | 159 | 155 | 149 | 183 |
| Jaipur | 168 | 163 | 158 | 142 | 174 |

1. What is the average number of tourists who comes by Trains ?
(A) 190.5 (B) 188.5 (C) 175.83
(D) 137.5 (E) None of these

2. What is the difference between the total number of tourists who went to Mumbai and Mussoorie by all vehicles ?
(A) 78 (B) 98 (C) 88 (D) 83 (E) None of these

3. What is the per cent of tourists who went to Dehradun by train to the tourists who went to Chandigarh by Air ?
(A) 125 (B) 145 (C) 137 (D) 160 (E) None of these

4. What is the difference between the average number of tourists who went by Air to the average number of tourists who went by Bus ?
(A) 7.58 (B) 9.97 (C) 6.83 (D) 2.30 (E) None of these

5. What is the respective ratio between the number of tourists of Delhi by car to the Mumbai by air ?
(A) 35 : 83 (B) 45 : 71 (C) 96 : 91
(D) 32 : 7 (E) None of these

6. If the wheel of a bicycle makes 560 revolutions in travelling 1.1 km, what is its radius ?
$\left(\text{Use } \pi = \frac{22}{7}\right)$
(A) 31.25 cm. (B) 37.75 cm.
(C) 35.15 cm. (D) 11.25 cm. (E) None of these

7. Elena's age after 15 years will be 5 times her age 5 years back. What is the present age of Elena ?
(A) 10 years (B) 37 years
(C) 35 years (D) 11 years
(E) None of these

8. A man purchased a cow for Rs. 3,000 and sold it the same day for Rs. 3,600, allowing the buyer a credit of 2 years. If the rate of interest be 10% per annum, then the man has a gain of :
(A) 5% (B) 0% (C) 20%
(D) 10% (E) None of these

9. A man takes 3 hours 45 minutes to row a boat 15 km. downstream of a river and 2 hours 30 minutes to cover a distance of 5 km. upstream. Find the speed of the current.
(A) 1 kmph (B) 3 kmph
(C) 5 kmph
(D) 2 kmph (E) None of these

10. A cistern 6 metre long and 4 metre wide contains water up to a height of 1 metre 25 cm. Find the total area of the wet surface.
(A) 42 square metre (B) 49 square metre
(C) 52 square metre (D) 64 square metre
(E) Other than those given as options

11. In terms of percentage profit, which among following is the best transaction. ?
(A) C.P. Rs. 36, Profit Rs. 17 (B) C.P. Rs. 50, Profit Rs. 24
(C) C.P. Rs. 40. Profit Rs. 19 (D) C.P. Rs. 60, Profit Rs. 29
(E) Other than those given as options

### সেকেন্ডে উত্তরের কৌশল

**1(C).** ট্রেনে আসা পর্যটকদের গড় সংখ্যা

$$= \frac{188 + 166 + 194 + 185 + 159 + 163}{6}$$

$$= \frac{1055}{6} = 175.83.$$

**2(B).** পর্যটকদের মোট সংখ্যা :
মুম্বই $\Rightarrow 180 + 166 + 178 + 187 + 182 = 893$. মুসৌরী $\Rightarrow 149 + 159 + 155 + 149 + 183 = 795$. পার্থক্য $= 893 - 795 = 98$. **3(A).** $\% = \frac{185}{148} \times 100 = 125\%$.

**4(C).** পর্যটকদের গড় সংখ্যা :
প্লেনে আসা

$$\Rightarrow \frac{174 + 182 + 148 + 183 + 174}{6} = \frac{1009}{6}$$

বাসে আসা $\Rightarrow \frac{172+178+163+142+155+158}{6} = \frac{968}{6}$.

পার্থক্য $= \frac{1009}{6} - \frac{968}{6} = \frac{41}{6} = 6.83$

**5(C).** অনুপাত $= 192 : 182 = 96 : 91$

**6(A).** চাকার 1 বার ঘূর্ণনে অতিক্রান্ত পথ = চাকার পরিধি $= 2\pi r$.

তাহলে, 1 বার ঘূর্ণনে যায় $= \frac{1.1 \times 1000 \times 100}{560}$ সেন্টিমিটার।

$= \frac{11 \times 125}{7}$ সেন্টিমিটার। তাহলে, $2\pi r = \frac{11 \times 125}{7}$ সেন্টিমিটার।

$\Rightarrow 2 \times \frac{22}{7} \times r = \frac{11 \times 125}{7} \Rightarrow r = \frac{11 \times 125}{2 \times 22} = 31.25$ সেন্টিমিটার। **7(A).** মনে করি, এলিনার এখনকার বয়স x বছর।

প্রশ্নানুসারে,
$x + 15 = 5(x - 5)$
$\Rightarrow x + 15 = 5x - 25$
$\Rightarrow 5x - x = 15 + 25$
$\Rightarrow 4x = 40$
$\Rightarrow x = 10$ বছর।

**8(B).** সরল সুদ $= \frac{\text{Principal} \times \text{Time} \times \text{Rate}}{100} = \frac{3000 \times 2 \times 10}{100}$
= 600 টাকা।
সুদাসল = (3,000 + 600) = 3,600 টাকা = বিক্রয়মূল্য। অর্থাৎ কোনো লাভ হয়নি।

**9(A).** স্রোতের অভিমুখে ব্যক্তির বেগ

$= $ প্রতি ঘন্টায় $\left(\frac{15}{3\frac{3}{4}}\right)$ কিলোমিটার $= \left(\frac{15 \times 4}{15}\right) = $ প্রতি ঘন্টায় 4 কিলোমিটার।

স্রোতের বিপরীতে ব্যক্তির বেগ

$= $ প্রতি ঘন্টায় $\left(\frac{5}{2\frac{1}{2}}\right)$ কিলোমিটার $= $ প্রতি ঘন্টায় $\left(\frac{5 \times 2}{5}\right)$ কিলোমিটার। = প্রতি ঘন্টায় 2 কিলোমিটার। তাহলে, স্রোতের বেগ $= \frac{1}{2}(4 - 2) = $ প্রতি ঘন্টায় 1 কিলোমিটার।

**10(B).** ভেজা স্থানের ক্ষেত্রফল
$= 2 \times h(l + b) + lb$
$= (2 \times 1.25(6 + 4) + 6 \times 4)$ বর্গ মিটার।
$= (2.5 \times 10 + 24)$ বর্গ মিটার।
$= 25 + 24 = 49$ বর্গ মিটার।

**11(D).** (1) শতকরা লাভ $= \frac{17}{36} \times 100 = 47\%$
(2) শতকরা লাভ $= \frac{24}{50} \times 100 = 48\%$
(3) শতকরা লাভ $= \frac{19}{40} \times 100 = 47.5\%$
(4) শতকরা লাভ $= \frac{29}{60} \times 100 = \approx 48.3\%$

## প্রাইমারি 'টেট'এর পরীক্ষা পদ্ধতি

১ পাতার পর

www.wbbpe.org, https://wbbprimaryeducation.org এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের ফটো ও সিগনেচার স্ক্যান করে নেবেন। পরীক্ষা ফী বাবদ জেনারেল ক্যাটেগরির প্রার্থীদের জন্য ১৫০ টাকা, ও.বি.সি. সম্প্রদায়ের প্রার্থীদের বেলায় ১০০ টাকা আর তপশিলী ও প্রতিবন্ধী প্রার্থীদের বেলায় ৫০ টাকা অনলাইনে দিতে হবে। 'টেট'এর সিলেবাস ও বিধিতে যেমন বদল হয়েছে, তেমনি পরীক্ষা নেওয়ার ক্ষেত্রেও কড়া ব্যবস্থা নিচ্ছে পর্ষদ। পরীক্ষা কেন্দ্রে বল পয়েন্ট পেন ও অ্যাডমিট কার্ড ছাড়া অন্য কিছু নিয়ে ঢুকতে পারবেন না। ঘড়ি, সোনার গহনা, পার্স, ওয়ালেট ইত্যাদি কিছু নিয়ে ঢুকতে পারবেন না। 'টেট'এর প্রশ্ন হবে বাংলা ও ইংরিজিতে, অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের। প্রতিটি প্রশ্নে থাকবে ১ নম্বর। নেগেটিভ মার্কিং নেই। এই 'টেট'এ ৬০% (তপশিলী, ও.বি.সি., প্রাঃসঃকঃ, প্রতিবন্ধী ও এক্সেমটেড ক্যাটেগরি হলে ৫৫%) নম্বর পেলে সফল হবেন। 'টেট' কোয়ালিফাই করলে 'টেট' সার্টিফিকেট পাবেন। এই সার্টিফিকেটের মেয়াদ থাকবে সারা জীবন অর্থাৎ একবার 'টেট' কোয়ালিফাই করলে ওই সার্টিফিকেট দেখিয়ে নির্দিষ্ট বয়সের মধ্যে যতবার খুশি ইন্টারভিউ দিতে পারবেন। কোনো 'টেট' কোয়ালিফাই প্রার্থী চাইলে নম্বর বাড়ানোর জন্য আবার 'টেট' পরীক্ষা দিতে পারবেন। কীভাবে ফর্ম পূরণ করবেন, কারা পরীক্ষা দিতে পারবেন, কারা পরীক্ষা দিতে পারবেন না, ফর্ম পূরণের নিয়মকানুন বিস্তারিতভাবে গত কয়েক সংখ্যায় নিয়মিতভাবে দেওয়া হয়েছে।

প্রাথমিক শিক্ষা পর্ষদ 'টেট'এর সিলেবাস প্রকাশ করেছে। বিস্তারিত তথ্য ওয়েবসাইটে পাবেন। সম্ভাব্য মডেল প্রশ্নও ওয়েবসাইটে দেওয়া হয়েছে। 'টেট'এর বিস্তারিত সিলেবাস দেওয়া হল : ১৫০ নম্বরের 'টেট'এ থাকবে এই ৫টি বিষয় : (১) শিশু মনস্তত্ত্ব ও উন্নয়ন-৩০ নম্বর, (২) প্রথম ভাষা (যে মাধ্যমের স্কুলে দরখাস্ত করবেন সেই ভাষা) -৩০ নম্বর, (৩) দ্বিতীয় ভাষা (ইংরিজি) - ৩০ নম্বর, (৪) অঙ্ক - ৩০ নম্বর, (৫) পরিবেশ বিজ্ঞান -৩০ নম্বর। বিস্তারিত সিলেবাস নিচে দেওয়া হল :

**(১) শিশু বিকাশ ও শিক্ষাবিদ্যা (চাইল্ড ডেভেলপমেন্ট অ্যান্ড পেডাগগি)** : এই পার্টে ৩০টি প্রশ্ন থাকবে। প্রতিটি প্রশ্নে থাকবে ১ নম্বর। প্রশ্ন হবে — **(ক) চাইল্ড ডেভেলপমেন্ট** : শিশুর বৃদ্ধি, বিকাশ ও পরিণমনের ধারণা, উন্নয়নের কারণ হিসাবে বংশগতি ও পরিবেশ, সামাজিক প্রক্রিয়া : সামাজিক বিশ্ব ও শিশু (শিক্ষক, পিতামাতা, সহকর্মী), বৃদ্ধি ও বিকাশের পার্থক্য, শিখনের সঙ্গে বিকাশের সম্পর্ক, বংশগতি ও পরিবেশের প্রভাব, সামাজিকীকরণ প্রক্রিয়া, শিশুর জীবনবিকাশের বিভিন্ন স্তর : আর্নেস্ট জেমস, রুশো : শারীরিক, মনস্তাতাত্ত্বিক ও সামাজিক বিকাশ, পিয়াজেঁ, কোহেলবার্গ, ভাইগটস্কি'র মনস্তাত্ত্বিক ধারণা।

ব্যক্তিত্ব : অর্থ, প্রকৃতি ও তত্ত্ব (ফ্রয়েড ও এরিকসন)। বুদ্ধিমত্তা - অর্থ, প্রকৃতি ও তত্ত্ব (স্পিয়ারম্যান, থর্নডাইক, গিলফোর্ড, গার্ডেনার, স্টার্নবার্গ এর তত্ত্ব ও তাৎপর্য)। শিক্ষার্থীদের মধ্যে স্বতন্ত্র পার্থক্য ও শিক্ষাক্ষেত্রে শিক্ষার প্রভাব প্রক্রিয়া।

**(খ) অন্তর্ভুক্তিমূলক শিক্ষার ধারণা ও বিশেষ চাহিদাসম্পন্ন শিশুদের বোঝার ধারণা** - বঞ্চিত, অবহেলিত শিক্ষার্থীদের শিক্ষা, ব্যতিক্রমী শিশু, শিখন অক্ষমতা, প্রতিভাবান, সৃজনশীল ও বিশেষ ক্ষমতাসম্পন্ন শিক্ষার্থী। লিঙ্গসমতা।

**(গ) শিখন ও শিশু শিক্ষাবিজ্ঞান** – শিখনের ধারণা, প্রকৃতি, তত্ত্ব (প্যাভলভ, স্কিনার, থর্নডাইক, গেস্টাল্ট) – ব্যবহারিক প্রয়োগ। শিশুকেন্দ্রিক, শিক্ষার্থীকেন্দ্রিক ও প্রগতিশীল শিক্ষা। শিক্ষণ প্রক্রিয়ার ধারণা, শিক্ষণের স্তর ও পর্যায়। সংগঠনবাদ - এর ধারণা, নীতির 5E মডেল। প্রেরণা ও শিখন - ম্যাসলোর তত্ত্ব, সাফল্যের প্রেষণা। বিভিন্ন ধরণের শিক্ষণ পদ্ধতি, বক্তৃতা পদ্ধতি, প্রতিপাদন পদ্ধতি, প্রকল্প পদ্ধতি, সমস্যা সমাধান পদ্ধতি, আবিষ্কার পদ্ধতি, দলবদ্ধ শিক্ষণ, আরোহী পদ্ধতি, অবরোহী পদ্ধতি, আলোচনা পদ্ধতি। ব্লুম ট্যাক্সোটমি নির্দেশদান। মাইক্রোটিচিং ও শিক্ষণ দক্ষতা। গঠনমূলক ও সামগ্রিক মূল্যায়ন, অ্যাসেসমেন্ট, ডায়গনস্টিক টেস্ট, শিখনের অ্যাসেসমেন্ট, শিখনের জন্য অ্যাসেসমেন্ট। মূল্যায়নরত শিক্ষার্থীর জন্য প্রশ্ন গঠন, শ্রেণিকক্ষে ক্রিটিক্যাল চিন্তা।

**(২) প্রথম ভাষা পেপার (বাংলা)** : এই পার্টে মোট ৩০টি প্রশ্ন থাকবে। প্রতিটি প্রশ্নে থাকবে ১ নম্বর। প্রথম ১৫টি প্রশ্ন হবে এইসব বিষয়ে — ২টি আনসিন প্যাসেজ থাকবে।

এরপর ৮ পাতায়


মাধ্যমিক পাশে প্রায় ২৫০০০

স্টাফ সিলেকশন কমিশনে মাধ্যমিক পাশে জিডি কনস্টেবল নিয়োগ হতে চলেছে। আবেদন চলবে ৩০ নভেম্বর পর্যন্ত

প্রাইমারি টেটের আবেদন বেড়ে হল ১৪ নভেম্বর, পরীক্ষা : ১২ ডিসেম্বর
শূন্যপদ : ১১৭৬৫

WBCS 2023
বিজ্ঞপ্তি শীঘ্রই

জিএসসিই-র 'Sure Success' কোর্সগুলি হল

WBCS
Preliminary + Main (Compulsory + Scoring Optional) + Interview

Regular Combined
Staff Selection, Bank (P.O & Clerk), Rail, Police, PSC, Army, LIC etc.

Primary TET SSC

Interview & Personality Grooming

শীঘ্রই ভর্তি হতে আপনার নিকটবর্তী GSCE কেন্দ্রে সত্বর যোগাযোগ করুন

CONVOCATION 2022
Place : CUI AUDITORIUM Date : 06.11.2022

Helpline : 9830277100/200/300 Website : www.gsceindia.org

GSCE কেন্দ্র
শিয়ালদহ (HO) : 9674087465, 9051040306
কোচবিহার : 9830277023
আলিপুরদুয়ার : 9674033336
দিনহাটা : 9830277698
জলপাইগুড়ি : 9674025600
ধূপগুড়ি : 9830277257
শিলিগুড়ি : 9674087473
কালিম্পং : 9830277171
মালদা : 9674087472
বহরমপুর : 9674087471
কৃষ্ণনগর : 9674087470
রানাঘাট : 9674083508
কল্যাণী : 9674087469
ব্যারাকপুর : 9230056668
ডানলপ : 9230056673
বারাসাত : 9674087467
কোন্নগর : 9230056667
সোনারপুর : 9674087468
পঃ মেদিনীপুর : 9230056671
ঝাড়গ্রাম : 9674087874
বর্ধমান : 9674025700
বোলপুর : 9674012025
ব্যান্ডেল : 9230056669
কাটোয়া : 9830277230
মানকুণ্ড : 9804956565

GSCE পড়লেই সরকারি চাকরি
George Telegraph • Since 1920



২০১২ সাল থেকে এখনো পর্যন্ত সর্বমোট ৩ বার টেট হয়েছে।
এই ৩ বছরের পরীক্ষার প্রশ্ন ও তার বিশ্লেষণ নিয়ে বেরোল
টেট স্পেশাল
সাফল্য
সাফল্য সাধারণ জ্ঞান
এছাড়াও পাবেন নতুন সিলেবাসে হওয়া টেট-এর মডেল প্রশ্নপত্র ও তার পুঙ্খানুপুঙ্খ বিশ্লেষণ
ঘরে বসে সরাসরি পেতে যোগাযোগ করুন : 9830624170



THE NATIONAL SMALL INDUSTRIES CORPORATION LTD.
TECHNICAL SERVICES CENTRE
(A Govt.of India Enterprise, MINISTRY OF MSME),
JAPANIGATE, BALITIKURI, HOWRAH - 711 113, WEST BENGAL
Phone: 9679244844, 7983985314, 8777828421

NSIC
MSME — Ministry of MSME, Govt. of India

Free training programme under "Assistance to training Institutions" scheme of Ministry of MSME FOR 2022-23 for all SC/ST & OTHER CATEGORIES(FIRST CUM FIRST SERVE BASIS).

Free Training Programme

Courses-

| SL. NO. | NAME OF PROGRAMME | Eligibility | HOURS | Seats |
|---|---|---|---|---|
| 1. | CERTIFICATE COURSE IN WEB DESIGNING | Basic Computer Knowledge | 80 | 20 |
| 2. | MACHINING TECHNICIAN/CNC OPERATOR | ITI – Mechanical / Machine Technology | 150 | 20 |
| 3. | SOLAR POWER INSTALLATION-OPERATION & MAINTENANCE | 10+2, Diploma / Any Graduates | 80 | 20 |
| 4. | ADVANCED INTEGRATED ENTREPRENEURSHIP DEVELOPMENT PROGRAMME (Pet bottle, Toilet paper, soya milk, Tailoring, etc.) manufacturing courses | Literate / 18 years | 180 | 20 |
| 5. | DIGITAL MARKETING ASSISTANT | 10+2/ITI or equivalent with basic knowledge of computer. | 144 | 20 |
| 6. | CERTIFICATE IN ADVANCED ACCOUNTING WITH TALLY ERP | HS-CIT or any basic Course of Computers, 12th Pass, Knowledge of English or Hindi, Basic Course of Tally of at least 100 hours | 120 | 20 |

Documents required (self attested photocopies)- Adhar card, education certificate, PAN card, Caste certificate and 3 photos

Last Date of Admission - 11.11.2022, CLASS STARTS FROM 14.11.2022



A R LAW COLLEGE

Approved By :
Bar Council Of India, New Delhi
Affiliated to :
University of Calcutta



5 Years
B.A. L.L.B. Course
Eligibility
○ 10+2 or equivalent with 50% marks (In best four subject)
○ 45% marks for SC/ST/OBC

ADMISSIONS
Going On
Session 2022-23

CANDIDATES ARE REQUIRED TO FOLLOW THE MERIT LIST ISSUED BY UNIVERSITY OF CALCUTTA

Hostel Facility Available



Contact : 7449 408 990 / 8274 007 004
arlawcollege@gmail.com www.arlawcollege.in

KNOWLEDGE CITY
First Educational Township in West Bengal
Madrasha Thess (Petrol Pump) ❑ D.H. Road (Amtala) ❑ South 24 Pgs.

## ইন্টেলিজেন্স ব্যুরোয় ১,৬৭১

১ পাতার পর

স্থানীয় ভাষায় জ্ঞান থাকতে হবে। বয়স হতে হবে সিকিউরিটি অ্যাসিস্ট্যান্ট /এক্সিকিউটিভ পদের বেলায় ২৫-১১-২০২২'র হিসাবে ২৭ বছরের মধ্যে আর মাল্টি টাস্কিং স্টাফ (জেনারেল) পদের বেলায় ২৫-১১-২০২২'এর হিসাবে ১৮ থেকে ২৫ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর আর প্রাক্তন সমরকর্মীরা যথারীতি বয়সে ছাড় পাবেন। মূল মাইনে সিকিউরিটি অ্যাসিস্ট্যান্ট /এক্সিকিউটিভ পদের বেলায় ২১,৭০০-৬৯,১০০ টাকা। আর মাল্টি টাস্কিং স্টাফ/জেনারেল পদের বেলায় ১৮,০০০-৫৬,৯০০ টাকা। শূন্যপদ : ১,৬৭১টি।

কলকাতা (স্থানীয় ভাষায় বাংলা, শিলহেতি) সিকিউরিটি অ্যাসিস্ট্যান্ট /এক্সিকিউটিভ পদে ৯২টি (জেনাঃ ৩৮, ও.বি.সি. ১৯, তঃজাঃ ২২, তঃউঃজাঃ ৩, ই.ডব্লু.এস. ১০)। মাল্টি টাস্কিং স্টাফ/জেনারেল পদে ৫টি (জেনাঃ ২, ও.বি.সি. ১, তঃজাঃ ১, ই.ডব্লু.এস. ১)।

পটনা (স্থানীয় ভাষায় হিন্দি) সিকিউরিটি অ্যাসিস্ট্যান্ট /এক্সিকিউটিভ পদে ৪৪টি (জেনাঃ ৩১, ও.বি.সি. ৩, তঃজাঃ ৬, ই.ডব্লু.এস. ৪)। মাল্টি টাস্কিং স্টাফ/জেনারেল পদে ৩টি (জেনাঃ ১, ও.বি.সি. ১, ই.ডব্লু.এস. ১)।

রাঁচী (স্থানীয় ভাষায় সাঁওতালি, হো, মুন্ডি, ওরাও, কুরুক, খড়িয়া, খোরথা, নাগপুরী, কুড়মালি ও পঞ্চপরগনিয়া) সিকিউরিটি অ্যাসিস্ট্যান্ট /এক্সিকিউটিভ পদে ১৩টি (জেনাঃ ৭, ও.বি.সি. ১, তঃজাঃ ৩, তঃউঃজাঃ ১, ই.ডব্লু.এস. ১)। মাল্টি টাস্কিং স্টাফ/জেনারেল পদে ২টি (জেনাঃ ১, তঃউঃজাঃ ১)।

শিলং (স্থানীয় ভাষায় বাংলা, আসামীজ, খাসি, গাড়ো, নেপালী, রাজবংশী) সিকিউরিটি অ্যাসিস্ট্যান্ট /এক্সিকিউটিভ পদে ১৩টি (জেনাঃ ১২, ই.ডব্লু.এস. ১)। মাল্টি টাস্কিং স্টাফ/জেনারেল পদে ২টি (জেনাঃ ১, তঃউঃজাঃ ১)।

আগরতলা (স্থানীয় ভাষায় বাংলা, কাউব্রু, কোকবোরক, মেইটেই, লুসাই) সিকিউরিটি অ্যাসিস্ট্যান্ট /এক্সিকিউটিভ পদে ১৪টি (জেনাঃ ৭, তঃজাঃ ১, তঃউঃজাঃ ৫, ই.ডব্লু.এস. ১)। মাল্টি টাস্কিং স্টাফ/জেনারেল পদে ২টি (জেনাঃ ১, তঃউঃজাঃ ১)।

ভুবনেশ্বর (স্থানীয় ভাষায় ওড়িয়া) সিকিউরিটি অ্যাসিস্ট্যান্ট /এক্সিকিউটিভ পদে ১১টি (জেনাঃ ৭, ও.বি.সি. ২, তঃউঃজাঃ ১, ই.ডব্লু.এস. ১)। মাল্টি টাস্কিং স্টাফ/জেনারেল পদে ২টি (জেনাঃ ১, তঃউঃজাঃ ১)।

গ্যাংটক (স্থানীয় ভাষায় নেপালী, ভুটিয়া, লেপচা, তিব্বতী) সিকিউরিটি অ্যাসিস্ট্যান্ট /এক্সিকিউটিভ পদে ১১টি (জেনাঃ ৭, তঃজাঃ ১, তঃউঃজাঃ ২, ই.ডব্লু.এস. ১)। মাল্টি টাস্কিং স্টাফ/জেনারেল পদে ২টি (জেনাঃ ১, তঃউঃজাঃ ১)।

গুয়াহাটি (স্থানীয় ভাষায় বাংলা, শিলহেতী, আসামীজ, বোরো, দিমাসা, কুকি, নেপালী, গাড়ো, সাঁওতালি, রাজবংশী, মণিপুরি, খাসি) সিকিউরিটি অ্যাসিস্ট্যান্ট /এক্সিকিউটিভ পদে ৪১টি (জেনাঃ ২১, ও.বি.সি. ১২, তঃজাঃ ১, তঃউঃজাঃ ৩, ই.ডব্লু.এস. ৪)। মাল্টি টাস্কিং স্টাফ/জেনারেল পদে ৩টি (জেনাঃ ২, ও.বি.সি. ১)।

শিলিগুড়ি (স্থানীয় ভাষা বাংলা, নেপালী, রাজবংশী, বডো) সিকিউরিটি অ্যাসিস্ট্যান্ট /এক্সিকিউটিভ পদে ২৫টি (জেনাঃ ১৩, ও.বি.সি. ৫, তঃজাঃ ৬, তঃউঃজাঃ ১)। মাল্টি টাস্কিং স্টাফ/জেনারেল পদে ১টি (জেনাঃ)।

প্রার্থী বাছাই হবে লিখিত পরীক্ষার মাধ্যমে। ৩টি টায়ারে পরীক্ষা হবে। টায়ার-I'এ ১০০ নম্বরের ১ ঘন্টার পরীক্ষায় প্রশ্ন হবে অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের এইসব বিষয়ে : (১) জেনারেল অ্যাওয়ারনেস -২০টি প্রশ্ন, (২) কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউট - ২০টি প্রশ্ন, (৩) নিউমেরিক্যাল / অ্যানালিটিক্যাল / লজিক্যাল এবিলিটি অ্যান্ড রিজনিং -২০টি প্রশ্ন, (৪) ইংলিশ ল্যাঙ্গোয়েজ - ২০টি প্রশ্ন, (৫) জেনারেল স্টাডিজ - ২০টি প্রশ্ন। প্রতিটি প্রশ্নে থাকবে ১ নম্বর। নেগেটিভ মার্কিং আছে। ৪টি প্রশ্নের ভুল উত্তরের জন্য প্রাপ্ত নম্বর থেকে ১ নম্বর কাটা হবে।

টায়ার-II'এ ডেসক্রিপ্টিভ টাইপের পার্টে ৪০ নম্বরের ১ ঘন্টার পরীক্ষায় ৫০০ শব্দের মধ্যে সংশ্লিষ্ট ভাষা (স্থানীয় ভাষা) থেকে ইংরিজিতে অনুবাদ করতে হবে। এই পেপারে কোয়ালিফাই নম্বর পেতে হবে। এরপর সিকিউরিটি অ্যাসিস্ট্যান্ট / এক্সিকিউটিভ পদের বেলায় ১০ নম্বরের স্পোকেন এবিলিটি টেস্ট থাকবে।

সিকিউরিটি অ্যাসিস্ট্যান্ট /এক্সিকিউটিভ পদের বেলায় ৫০ (৪০+১০) নম্বরের মধ্যে ২০ নম্বর আর মাল্টি টাস্কিং স্টাফ পদের বেলায় ৪০ নম্বরের মধ্যে ১৬ নম্বর পেতে হবে।

টায়ার-III-তে থাকবে ৫০ নম্বরের ইন্টারভিউ /পার্সোন্যালিটি টেস্ট।

দরখাস্ত করবেন অনলাইনে, ২৫ নভেম্বরের মধ্যে। এই ওয়েবসাইটে : www.mha.gov.in, www.ncs.gov.in এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের ফটো ও সিগনেচার স্ক্যান করে নেবেন। প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তারপর পরীক্ষা ফী বাবদ জেনারেল, ই.ডব্লু.এস. আর ও.বি.সি. সম্প্রদায়ের ছেলেদের জন্য ৫০০ টাকা আর অন্যান্য সব ক্যাটেগরির বেলায় ৪৫০ টাকা ডেবিট কার্ড, ক্রেডিট কার্ড, নেট ব্যাঙ্কিং, ইউ.পি.আই. কিংবা এস.বি.আই. চালানে জমা দেবেন। টাকা জমা দেওয়ার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য ওয়েবসাইটেই পাবেন।

## ৩১২ গার্ড ও অফিসার

১ পাতার পর

অফিসার- A' ও 'সিকিউরিটি গার্ড' পদে ৩১২ জন লোক নিচ্ছে। কারা কোন পদের জন্য যোগ্য :

**সিকিউরিটি গার্ড** : মাধ্যমিক পাশ ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৭-১১-২০২২'র হিসাবে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে। মূল মাইনে ১৮,০০০ টাকা। শরীরের মাপজোখ হতে হবে ছেলেদের বেলায় লম্বায় অন্তত ১৬৭ সেমি ও বুকের ছাতি না-ফুলিয়ে ৮০ সেমি ও ফুলিয়ে ৮৫ সেমি। মেয়েদের বেলায় লম্বায় অন্তত ১৫৭ সেমি হতে হবে। তপশিলী উপজাতির ছেলেরা বুকের ছাতিতে ৩ সেমি আর তপশিলী উপজাতির ছেলেরা উচ্চতায় ৪.৫ সেমি (মেয়েদের বেলায় ৩ সেমি) ছাড় পাবেন। শূন্যপদ : ২৭৪টি (জেনাঃ ১৬২, ই.ডব্লু.এস. ১৮, ও.বি.সি. ৪৬, তঃজাঃ ২০, তঃউঃজাঃ ২৮)।

**অ্যাসিস্ট্যান্ট সিকিউরিটি অফিসার -A** : গ্র্যাজুয়েট ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৭-১১-২০২২'র হিসাবে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে। মূল মাইনে ৩৫,৪০০ টাকা। শরীরের মাপজোখ হতে হবে ছেলেদের বেলায় লম্বায় অন্তত ১৬৭ সেমি ও বুকের ছাতি না-ফুলিয়ে ৮০ সেমি ও ফুলিয়ে ৮৫ সেমি। মেয়েদের বেলায় লম্বায় অন্তত ১৫৭ সেমি হতে হবে। তপশিলী উপজাতির ছেলেরা বুকের ছাতিতে ৩ সেমি আর তপশিলী উপজাতির ছেলেরা উচ্চতায় ৪.৫ সেমি (মেয়েদের বেলায় ৩ সেমি) ছাড় পাবেন। শূন্যপদ : ৩৮টি (জেনাঃ ১৫, ই.ডব্লু.এস. ৩, ও.বি.সি. ১৪, তঃজাঃ ৩, তঃউঃজাঃ ৩)।


সব পদের বেলায় তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর বয়সে ছাড় পাবেন। বিজ্ঞপ্তি নং : AMD 3/2022.

প্রার্থী বাছাইয়ের জন্য প্রথমে শারীরিক মাপজোখ ও শারীরিক সক্ষমতার পরীক্ষা হবে। তারপর হবে লিখিত পরীক্ষা। শারীরিক মাপজোখ ও শারীরিক সক্ষমতার পরীক্ষা হবে ডিসেম্বর মাস নাগাদ। তাতে সফল হলে লিখিত পরীক্ষা হবে পূর্ব ভারতের কলকাতা, রাঁচী, গুয়াহাটিতে।

সিকিউরিটি গার্ড পদের বেলায় ছেলেদের ক্ষেত্রে প্রথমে ১৬ সেকেন্ডে ১০০ মিটার (মেয়েদের বেলায় ২০ সেকেন্ডে ১০০ মিটার) দৌড়তে হবে। ছেলেদের এরপর ৩ সুযোগে ৩.৬৫ মিটার (মেয়েদের বেলায় ৩ সুযোগে ২.৭ মিটার) লং জাম্প হবে। তারপর চিন আপ, পুশ আপ ও সীট আপ হবে। সফল হলে ৯০ মিনিটের ৭৫ নম্বরের কম্পিউটার বেসড টেস্ট হবে জানুয়ারি মাস নাগাদ। এই পরীক্ষায় থাকবে এইসব বিষয় : (১) কম্প্রিহেনশন -২৫ নম্বর, (২) জেনারেল অ্যাওয়ারনেস (অবজেক্টিভ টাইপের) - ২৫ নম্বর, (৩) অ্যানালিটিক্যাল বা, বেসিক অঙ্ক (অবজেক্টিভ টাইপের) - ২৫ নম্বর।

অ্যাসিস্ট্যান্ট সিকিউরিটি অফিসার পদের বেলায় ছেলেদের ক্ষেত্রে প্রথমে সাড়ে ৬ মিনিটে ১.৬ মিটার (মেয়েদের বেলায় ৪ মিনিটে ৮০০ মিটার) দৌড়তে হবে। ছেলেদের এরপর ৩ সুযোগে ৩.৬৫ মিটার (মেয়েদের বেলায় ৩ সুযোগে ২.৭ মিটার) লং জাম্প হবে। তারপর চিন আপ, পুশ আপ ও সীট আপ হবে। সফল হলে ৯০ মিনিটের ৭৫ নম্বরের লিখিত পরীক্ষা হবে ফেব্রুয়ারি মাস নাগাদ। এই পরীক্ষায় থাকবে এইসব বিষয় : (১) কম্প্রিহেনশন (ডেসক্রিপ্টিভ টাইপের) -২৫ নম্বর, (২) রিপোর্ট রাইটিং (ডেসক্রিপ্টিভ টাইপের) - ২৫ নম্বর, (৩) অ্যানালিটিক্যাল বা, বেসিক অঙ্ক, জেনারেল অ্যাওয়ারনেস (অবজেক্টিভ টাইপের)- ২৫ নম্বর।

দরখাস্ত করবেন অনলাইনে, ১৭ নভেম্বরের মধ্যে। এই ওয়েবসাইটে : www.amd.gov.in এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের ফটো (৫০ কে.বি.'র মধ্যে) ও সিগনেচার (৫০ কে.বি.'র মধ্যে) স্ক্যান করে নেবেন। প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। এবার পরীক্ষা ফী বাবদ অ্যাসিস্ট্যান্ট সিকিউরিটি অফিসার -এ পদের বেলায় ২০০ টাকা আর সিকিউরিটি গার্ড পদের বেলায় ১০০ টাকা অনলাইনে ডেবিট কার্ড, ক্রেডিট কার্ড বা, নেট ব্যাঙ্কিংয়ে জমা দিতে হবে। তপশিলী, প্রতিবন্ধী ও মহিলাদের ফী লাগবে না। টাকা জমা দেওয়ার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।



# স্বাস্থ্য বিভাগে কয়েক হাজার শূন্যপদ থাকা সত্ত্বেও চাকরি হচ্ছে না দক্ষ ও আধুনিক পেশাদার কর্মীর অভাবে

**বিশেষ প্রতিনিধি :** বর্তমানে পশ্চিমবঙ্গ-সহ সারা ভারতে বিভিন্ন নামী কর্পোরেট সংস্থাগুলি শহর ও জেলাগুলিতে হসপিটাল ও ডায়াগনস্টিক সেন্টার গড়ে তুলছেন। যার ফলে হেলথ সেক্টরে দক্ষ ও পেশাদার কর্মীর প্রচুর চাহিদা আছে। কিন্তু ব্যাঙের ছাতার মতো গজিয়ে ওঠা বিভিন্ন সংস্থা থেকে পাশ করা ছাত্রছাত্রীরা আজও বসে রয়েছে চাকরির অভাবে। তার কারণ, মূলত আজকের দিনের কর্পোরেট হসপিটাল সংস্থাগুলি তারা যে পেশাদার ও দক্ষ ছেলেমেয়ে চাইছেন, তাঁরা তা [illegible] ফলে সার্টিফিকেট আছে কিন্তু চাকরি হচ্ছে না, শুধুমাত্র কর্পোরেট সংস্থাগুলির চাহিদা মতো শিক্ষা ও আধুনিক প্রযুক্তিতে প্রশিক্ষণের অভাবে। স্কুল অফ মেডিকেল টেকনোলজি এই প্রতিষ্ঠানটি ১৯৯২ সাল থেকে হেলথ কেয়ার ও প্যারামেডিক্যালের বিভিন্ন কর্মমুখী কোর্স পড়িয়ে দক্ষ টেকনিশিয়ান তৈরি করে চলেছে, ঠিক বর্তমান চাহিদার সঙ্গে সামঞ্জস্য রেখে। এই প্রতিষ্ঠানে রয়েছে অত্যন্ত উন্নত মানের সর্বাধুনিক পরিকাঠামো ও শিক্ষকমণ্ডলী, যাঁরা নিরলস পরিশ্রম করে ছাত্রছাত্রীদের পেশাদার ও দক্ষ আধুনিক টেকনিশিয়ান করে তুলতে সাহায্য করেন। রাজ্যব্যাপী Apollo, Dr. Lalpath, SRL-সহ ৩০টির বেশি হাসপাতালের সঙ্গে চুক্তিবদ্ধ রয়েছে এই প্রতিষ্ঠান। তাই এখান থেকে পাশ করা ছাত্রছাত্রীরা পশ্চিমবঙ্গ-সহ ভারতের বিভিন্ন সরকারি ও বেসরকারি হাসপাতাল ও ডায়াগনস্টিক সেন্টারে কর্মরত। এখানে যেসব কোর্সগুলিতে ভরতি করানো হয় সেগুলি সার্টিফিকেট কোর্স (যোগ্যতা : মাধ্যমিক) — (১) অ্যাডভান্স জিডিএ — ক্রিটিক্যাল কেয়ার (নার্সিং), (২) ফ্লেবোটমি (ব্লাড কালেক্টর), (৩) যোগা থেরাপিস্ট। ডিপ্লোমা কোর্স (যোগ্যতা : উচ্চমাধ্যমিক) — (ক) এক্স-রে উইথ ইমেজিং টেকনোলজি (সিটি স্ক্যান), (খ) মেডিক্যাল ল্যাবরেটরি টেকনোলজি, (গ) অপারেশন থিয়েটার টেকনোলজি। (৪) ফিজিওথেরাপি। যোগাযোগ : স্কুল অফ মেডিক্যাল টেকনোলজি, ২৪, গিরিশচন্দ্র বোস রোড, এন্টালি, কলকাতা-১৪। মোবাইল : ৯২৩১৫২০৪৮০, ৯৮৭৪৭৬০০১২, ০৩৩-২২২৭২৩১০। ওয়েবসাইট : www.ssmthope.org

## ৩৪৫ অ্যাপ্রেন্টিস

১ পাতার পর

থেকে অ্যাটেন্ড্যান্ট অপারেটর (কেমিক্যাল প্ল্যান্ট), ইলেক্ট্রিশিয়ান, ইলেক্ট্রনিক্স মেকানিক, ফিটার, ইন্সট্রুমেন্ট মেকানিক, ল্যাবরেটরি অ্যাসিস্ট্যান্ট (কেমিক্যাল প্ল্যান্ট), মেশিনিস্ট, কেমিক্যাল প্ল্যান্ট অপারেটর, টার্নার, কার্পেন্টার, কম্পিউটার অপারেটর অ্যান্ড প্রোগ্রামিং অ্যাসিস্ট্যান্ট, মেকানিক ডিজেল, প্লাম্বার ও ওয়েল্ডার ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশরা সংশ্লিষ্ট ট্রেডের জন্য যোগ্য। বয়স হতে হবে ৫-১১-২০২২'এর হিসাবে ন্যূনতম ১৮ বছর। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর ও প্রতিবন্ধীরা ১০ বছর বয়সে ছাড় পাবেন। ১ বছরের ট্রেনিং। স্টাইপেন্ড মাসে ৭,৭০০ / ৮,০৫০ টাকা। শূন্যপদ : অ্যাটেন্ড্যান্ট অপারেটর (কেমিক্যাল প্ল্যান্ট)-৭টি, ইলেক্ট্রিশিয়ান-২৬টি, ইলেক্ট্রনিক্স মেকানিক-২৭টি, ফিটার-১১৯টি, ইন্সট্রুমেন্ট মেকানিক-৬টি, ল্যাবরেটরি অ্যাসিস্ট্যান্ট (কেমিক্যাল প্ল্যান্ট)-৮টি, মেশিনিস্ট-১৭টি, কেমিক্যাল প্ল্যান্ট অপারেটর-৫টি, টার্নার-২৭টি, কার্পেন্টার-২টি, কম্পিউটার অপারেটর অ্যান্ড প্রোগ্রামিং অ্যাসিস্ট্যান্ট-৭৪টি, মেকানিক ডিজেল-২টি, প্লাম্বার -৪টি, ওয়েল্ডার -২১টি। এই পদের বিজ্ঞপ্তি নং : NFC /01/ App. / 2022., Dated: October 22, 2022.

প্রার্থী বাছাইয়ের মেধা তালিকা তৈরি হবে মাধ্যমিক ও আই.টি.আই. কোর্সে পাওয়া নম্বর দেখে। কবে থেকে ট্রেনিং শুরু হবে তা ই-মেলে জানিয়ে দেওয়া হবে।

প্রার্থীদের প্রথমে অ্যাপ্রেন্টিস হিসাবে নাম নথিভুক্ত করাতে হবে, ৫ নভেম্বরের মধ্যে। এই ওয়েবসাইটে : http://apprenticeshipindia.gov.in নাম নথিভুক্ত করার পর রেজিস্ট্রেশন নম্বর-সহ প্রিন্ট করে নেবেন। সার্টিফিকেট ভেরিফিকেশনের সময় যাবতীয় প্রমাণপত্রের মূল ও প্রত্যয়িত জেরক্স নিয়ে যাবে। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

## ব্যাঙ্কে ৪১ ম্যানেজমেন্ট ট্রেনি

**নিজস্ব সংবাদদাতা :** ইন্ডিয়া এক্সিম ব্যাঙ্ক 'ম্যানেজমেন্ট ট্রেনি' পদে ৪১ জন লোক নিচ্ছে। মোট অন্তত ৬০% নম্বর পেয়ে এম.বি.এ. বা, পি.জি.ডি.বি.এ. কিংবা চার্টার্ড অ্যাকাউন্ট্যান্সি কোর্স পাশরা যোগ্য। বয়স হতে হবে ৪-১১-২০২২এর হিসাবে ২১ থেকে ২৫ বছরের মধ্যে। তপশিলী, ও.বি.সি.'রা যথারীতি বয়সে ছাড় পাবেন। শুরুতে এক বছরের ট্রেনিং। তখন স্টাইপেন্ড মাসে ৫৫,০০০ টাকা। শূন্যপদ : ৪১টি। এর মধ্যে ৩০টি শূন্যপদ পূরণ করা হবে সব ক্যাটেগরির প্রার্থীদের থেকে। মোট শূন্যপদের মধ্যে জেনাঃ ১২, তঃজাঃ ৩, তঃউঃজাঃ ৩, ও.বি.সি. ৯, ই.ডব্লু.এস. ৩, প্রতিবন্ধী ৩।

স্পেশাল রিক্রুটমেন্ট ড্রাইভে নেওয়া হবে ১১টি শূন্যপদ। এর মধ্যে তঃজাঃ ৭, তঃউঃজাঃ ৩, ও.বি.সি. ১।

প্রার্থী বাছাই হবে অনলাইন পরীক্ষার মাধ্যমে। পরীক্ষা হবে নভেম্বর-ডিসেম্বরে। সফল হলে ইন্টারভিউ হবে জানুয়ারি-ফেব্রুয়ারিতে। এই পদের বিজ্ঞপ্তি নং : HRM/MT/SRD/2022-23/01.

দরখাস্ত করবেন অনলাইনে, ৪ নভেম্বরের মধ্যে। এই ওয়েবসাইটে : www.eximbankindia.in/careers তখন পরীক্ষা ফী বাবদ ৬০০ (তপশিলী, প্রতিবন্ধী, ই.ডব্লু.এস. হলে ১০০) টাকা অনলাইনে জমা দেবেন। টাকা জমা দেওয়ার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

**G.K. PUBLIC SCHOOL**
Purbachara, Henria, Purba Medinipur-721430, WB
Ph No-09807 074 074
**Situation Vacant**
1.TGT Biology, 2.TGT History&Civics
Essential qualification: Atleast five years teaching experience in CBSE/ICSE school.Send your application with CV to gkpublicschooloffice@gmail.com within 7 days from the date of advertisement. Shortlisted candidates will be called for interview.




**PRIMARY TET**
এ রাজ্যের কয়েকজন কিংবদন্তী লেখক সমবেতভাবে প্রায় 600 পৃষ্ঠার একটি Compact Study Materials তৈরি করেছেন। শেষ মুহূর্তে এইসব material এর সাথে সিলেবাসভিত্তিক 5টি Mock Test Series ও সর্বশেষ প্রকাশিত সিলেবাস অনুযায়ী বিষয়ভিত্তিক Pedagogy Materials পাচ্ছেন খুব কম খরচে।
**NHSC**
Barnaparichaya Market (1st Floor), College Street, Kol-7
Contact- 7980649836, 9836484969
www.newhorizonstudy.com






# সাধারণ জ্ঞান

এখন সব রকমের চাকরির পরীক্ষায় সাধারণ জ্ঞান বিষয়ে প্রশ্ন আসছেই। দুঃখের কথা এ নিয়ে যতটা গুরুত্ব দেওয়া উচিত ছেলেমেয়েরা ততটা দেয় না। কেন? কারণ হিসাবে তারা বলছে এতবড় সিলেবাস, কোথা থেকে কী প্রশ্ন আসবে? কী ধরণের প্রস্তুতি নিলে সাধারণ জ্ঞান বিষয়েও কমন পাওয়া যাবে তা বুঝে ওঠা প্রায় অসম্ভব। এই সমস্যা সমাধানে এবার থেকে সাধারণ জ্ঞানের বিষয়ভিত্তিক ব্যাপারে জোর দিয়ে চাকরির উপযোগী পুরোপুরি নতুন ধরনের সম্ভাব্য প্রশ্নোত্তরের সেট দেওয়া হচ্ছে।

## সাধারণ বিজ্ঞান

১। 'ফাজ' কথাটির অর্থ কী — ভক্ষক।

২। ওয়াশিং মেশিন কে আবিষ্কার করেন



— হ্যামিল্টন স্মিথ।

৩। কোন অণুজীবে মেসোজোম দেখা যায় — ব্যাকটিরিয়া।

৪। কী থেকে রেয়ন তৈরি করা হয় — সেলুলোজ।

৫। কোন জাতীয় শস্য মাটিতে নাইট্রোজেনের পরিমাণ বাড়াতে সাহায্য করে — ডাল জাতীয় শস্য।

৬। কোনো মৌলের যোজ্যতা স্থির করতে একক হিসাবে কী ধরা হয় — হাইড্রোজেনের যোজ্যতা।

৭। তিমির শ্বাস অঙ্গের নাম কী — ফুসফুস।

৮। মেন্ডেল বর্ণিত জিনের প্রকৃতি কী — ফ্যাক্টর।

৯। স্নায়ুকোশের কোথায় নিজল দানা দেখা যায় — কোশদেহ অংশে।

১০। 'ফোবিয়া সেন্ট্রালিস' মানুষের দেহের কোন অঙ্গে দেখা যায় — চোখে।

১১। গিলেটিন যন্ত্র কে আবিষ্কার করেন — ফরাসি চিকিৎসক ড. গিলোটিন।

## ইতিহাস

১২। 'দ্য ওয়েলথ অফ নেশনস' বইটির লেখক কে — অ্যাডম স্মিথ।

১৩। ইবন বতুতা কোন সুলতানের রাজত্বকালে ভারতে আসেন — মহম্মদ-বিন-তুঘলক।

১৪। শশাঙ্কের রাজধানী কোথায় ছিল — কর্ণসুবর্ণ।

১৫। 'ফরাসি বিপ্লব'এর ৩টি নীতি কী ছিল — সাম্য, মৈত্রী ও স্বাধীনতা।

১৬। কবে 'বাস্তিল দুর্গ' আক্রমণ করা হয়েছিল — ১৭৮৯ সালের ১৪ জুলাই।

১৭। কবে, কাদের মধ্যে নীলনদের যুদ্ধ হয় — ১৭৯৮ সালে ফ্রান্স ও ইংল্যান্ডের মধ্যে।

১৮। দ্বিতীয় পুলকেশী কে ছিলেন — চালুক্য বংশের শ্রেষ্ঠ রাজা।

১৯। কোন সুলতান আগ্রা নগরটি তৈরি করান — সিকান্দার লোদী।

২০। 'কুণিক' উপাধি কে ধারণ করেন — অজাতশত্রু।

## ভূগোল

২১। রাজস্থান মরু অঞ্চলে সব চলমান বালিয়াড়িকে কী বলে — ধ্রিয়ান।

২২। লুনি নদী কোথায় পড়েছে — কচ্ছের রাণ অঞ্চলে।

২৩। পার্বত্য অঞ্চলে নদীর প্রধান কাজ কী — ক্ষয়কার্য।

২৪। বায়ু বাহিত পলি নিম্নভূমিতে সঞ্চিত হয়ে সৃষ্ট সমতলভূমিকে কী বলে — লোয়েস সমভূমি।

২৫। 'শিবসমুদ্রম জলপ্রপাত' কোন নদীর গতিপথে অবস্থিত — কাবেরী নদী।

২৬। আফগান-ই-স্তানের অবস্থানকে কী বলে — স্থলবেষ্টিত বা, মহাদেশীয়।

২৭। পাক-ই-স্তানের জলবায়ু কী প্রকৃতির — শুষ্ক ও চরম প্রকৃতির।

২৮। পশ্চিম ভারতীয় দ্বীপপুঞ্জের ঘূর্ণবাতের নাম কী — লু।

২৯। ভারতের প্রথম সুতাকলটি কোথায় গড়ে উঠেছিল — ঘুসুড়ি।

৩০। কোন পদ্ধতিতে সৌরতাপ পৃথিবীতে পৌঁছায় — বিকিরণ।

## অর্থনীতি

৩১। 'বন্ধন ব্যাঙ্ক'এর প্রচারদূত হিসাবে সম্প্রতি কে মনোনীত হলেন — প্রাক্তন ভারতীয় ক্রিকেটার সৌরভ গঙ্গোপাধ্যায়।

৩২। সম্প্রতি ২০২২-'২৩ আর্থিক বছরে ভারতের অর্থনৈতিক বৃদ্ধি কত শতাংশ অনুমান করল 'আন্তর্জাতিক মুদ্রা ভাণ্ডার' — ৬.৮%।

৩৩। কোন কোম্পানির বাসমতি চাল সম্প্রতি 'বিশ্বের ১ নম্বর বাসমতি চাল ব্র্যান্ড'এর তকমা পেল — 'কেআরবিএল লিমিটেড'এর ব্র্যান্ড 'ইন্ডিয়া গেট' বাসমতি চাল।

৩৪। সম্প্রতি দেশের মোট ক'টি জেলায় মোট ক'টি ডিজিটাল ব্যাঙ্কিং ইউনিট চালু করলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী — ৭৫টি জেলায় ৭৫টি।

৩৫। কোন সংস্থা সম্প্রতি বেঙ্গালুরুতে শুধুমাত্র মহিলাদের জন্য ডিজিটাল সেন্টার চালু করার কথা ঘোষণা করেছে — এইচডিএফসি সিকিউরিটিজ।

## সাম্প্রতিক ঘটনা

৩৬। সৌদি আরবের প্রধানমন্ত্রী হিসাবে সম্প্রতি কে মনোনীত হলেন — মহম্মদ বিন সলমন।

৩৭। সম্প্রতি প্রেগনেন্সির কত সপ্তাহ পর্যন্ত দেশের সব মহিলাদের গর্ভপাতের অধিকার বৈধ ঘোষণা করল 'সুপ্রিম কোর্ট' — ২৪ সপ্তাহ।

৩৮। ২০২২ সালে 'আইআইএফএল ওয়েলথ হারুন ইন্ডিয়া ৪০ অ্যান্ড আন্ডার সেল্ফ-মেড রিচ লিস্ট'এ কে সম্প্রতি শীর্ষ স্থান পেলেন — ভারতের বৃহত্তম স্টক ব্রোকার 'জিরোধা' কোম্পানির সহ-প্রতিষ্ঠাতা নিখিল কামাথ (তাঁর মোট সম্পত্তির পরিমাণ ১৭,৫০০ কোটি টাকা)।

৩৯। রাজ্যের পর্যটন স্থানগুলির প্রচার করতে ভারতের কোন রাজ্য সরকার সম্প্রতি আইআরসিটিসি'র সঙ্গে চুক্তি করল — ছত্তিশগড়।

৪০। সম্প্রতি প্রয়াত জয়ন্তী পটনায়েক (৯০ বছর) কে ছিলেন — ভারতীয় রাজনীতিবিদ ও সমাজকর্মী।

৪১। ইউক্রেনের মোট ক'টি অঞ্চলকে সম্প্রতি রাশিয়ার অংশ হিসাবে ঘোষণা করলেন রুশ প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন — ৪টি।

৪২। 'ইন্দো-তিব্বত সীমান্ত পুলিশ'এর ডিরেক্টর জেনারেল হিসাবে সম্প্রতি কে মনোনীত হলেন — অনীশ দয়াল সিং।

৪৩। 'সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ বোর্ড অফ ইন্ডিয়া'র পূর্ণ সময়ের সদস্য হিসাবে সম্প্রতি কে মনোনীত হলেন — অনন্ত নারায়ণ গোপালকৃষ্ণণ।

৪৪। সম্প্রতি দেশীয় প্রযুক্তিতে তৈরি ব্যাটারি চালিত কোয়াডকপ্টার কনজিউমার ক্যামেরা ড্রোন চালু করলেন ভারতের প্রাক্তন ক্রিকেট অধিনায়ক মহেন্দ্র সিং ধোনি। ড্রোনটির নাম কী — ড্রোনি।

৪৫। কোন গ্রামকে সম্প্রতি ভারতের প্রথম ২৪×৭ সৌরশক্তি চালিত গ্রাম হিসাবে ঘোষণা করলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী — গুজরাতের মেহসানা জেলার মোধেরা।

৪৬। সম্প্রতি প্রয়াত অরুণ বালি (৭৯



বছর) কে ছিলেন — অভিনেতা।

৪৭। কোথায় সম্প্রতি জল ক্রীড়া কেন্দ্রের উদ্বোধন করলেন কেন্দ্রীয় যুব বিষয়ক ও ক্রীড়া মন্ত্রী অনুরাগ সিং ঠাকুর — হিমাচল প্রদেশের বিলাসপুরের কোলদাম বরমানায়।

৪৮। সূর্যের অজানা রহস্য উন্মোচনে, কোন দেশ সম্প্রতি 'কুয়াফু-১' স্যাটেলাইট উৎক্ষেপণ করল — চিন।

৪৯। কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রকের 'রেজিস্ট্রার জেনারেল অ্যান্ড সেনসাস কমিশনার'এর করা সমীক্ষা অনুযায়ী, দেশের মধ্যে সবথেকে বেশি বাল্যবিবাহের ঘটনা ঘটে কোন রাজ্যে — ঝাড়খণ্ড (ঝাড়খণ্ডে প্রতি ১০০ জন মেয়ের মধ্যে ৫.৮% মেয়েদের বিয়ে হয়ে যায় ১৮ বছর পেরোনোর আগেই, যা সারা দেশে সবথেকে বেশি)।

৫০। 'ইসরো'র 'চন্দ্রযান-২' সম্প্রতি এই প্রথমবারের মতো চাঁদের মাটিতে কোন মৌলের খোঁজ পেল — সোডিয়াম।

৫১। আরএসএস অধ্যুষিত সংস্থা 'সেবা ভারতী'র তরফ থেকে, কারা সম্প্রতি 'সেবা রত্ন' সম্মান পেলেন — রতন টাটা ও চালসানি বাবু রাজেন্দ্র প্রসাদ।

৫২। 'সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং রিসার্চ বোর্ড'এর সেক্রেটারি হিসাবে সম্প্রতি কে মনোনীত হলেন — ড.অখিলেশ গুপ্তা।

৫৩। 'অ্যাসোসিয়েশন অফ মিউচুয়াল ফান্ডস ইন ইন্ডিয়া'র চেয়ারম্যান এখন কে — এ.বালাসুব্রমনিয়ান।

৫৪। ভারতের প্রথম কেন্দ্রশাসিত অঞ্চল হিসাবে, কারা সম্প্রতি প্রতিটি জেলায় কমপক্ষে ৭৫টি অমৃত সরোবর তৈরি করার মাইলফলক অর্জন করল — জম্মু ও কাশ্মীর।

৫৫। সম্প্রতি ভারতের প্রথম মাইক্রো ক্যাটেগরি ড্রোন টাইপ সার্টিফিকেশন পেল কোন সংস্থা — বেঙ্গালুরুতে অবস্থিত অ্যারোস্পেস কোম্পানি 'অ্যাস্টেরিয়া অ্যারোস্পেস লিমিটেড'।

৫৬। 'বেআইনি কার্যকলাপ প্রতিরোধ আইন' ট্রাইব্যুনালের প্রিসাইডিং অফিসার হিসাবে সম্প্রতি কে মনোনীত হলেন — বিচারপতি দীনেশ কুমার শর্মা।

৫৭। সম্প্রতি নাগাল্যান্ডের দিখৌ নদী থেকে একটি নতুন প্রজাতির মাছের আবিষ্কার করলেন মকোকচুং জেলার 'ফজল আলি কলেজ'এর গবেষকদের একটি দল। এই নতুন প্রজাতিটির নাম কী রাখা হয়েছে — Pethia dikhuensis।

৫৮। বিশ্বে প্রথম কারা একক স্ট্যান্ডার্ড চার্জার আইন পাস করল — ইউরোপীয় ইউনিয়ন পার্লামেন্ট।

৫৯। বুরকিনা ফাসোর প্রেসিডেন্ট হিসাবে সম্প্রতি কে মনোনীত হলেন — ক্যাপ্টেন ইব্রাহিম ত্রাওরে।

৬০। কে সম্প্রতি 'অপটিমাস' নামে একটি প্রোটোটাইপ হিউম্যানয়েড রোবট প্রকাশ্যে আনলেন — ইলেক্ট্রিক গাড়ি প্রস্তুতকারক সংস্থা 'টেসলা'র চিফ এক্সিকিউটিভ অফিসার এলন মাস্ক (দৈনন্দিন জীবনে বিভিন্ন কাজে মানুষকে সাহায্য করবে মানুষের মতো দেখতে এই রোবট)।

৬১। সম্প্রতি সফলভাবে আকাশে উড়ল বিশ্বের প্রথম বিদ্যুৎচালিত যাত্রীবাহী বিমান। বিমানটির নাম কী — অ্যালিস (ইজরায়েলের 'অ্যাভিয়েশন এয়ারক্র্যাফট' কোম্পানির তৈরি এই বিমানটি সফলভাবে আকাশে উড়তে সক্ষম হয়েছে। ৮ মিনিটের উদ্বোধনী ফ্লাইটে বিমানটি ৩,৫০০ ফুট উচ্চতায় উঠেছিল)।

৬২। সম্প্রতি ১৩৬ ফুট লম্বা দুর্গা পুজোর প্যান্ডেল তৈরি করে 'গিনেস বুক অফ ওয়ার্ল্ড রেকর্ড'এ নাম তুলল উত্তর প্রদেশের রাজধানী শহর লখনউয়ের জাংকিপুরমের একটি পুজো মণ্ডপ। কিসের আদলে এই পুজো প্যান্ডেল তৈরি করা হয়েছে — বৃন্দাবনে নির্মীয়মাণ চন্দ্রোদয় মন্দিরের আদলে।

৬৩। ২০২২ সালে 'বিশ্ব ক্ষুধা সূচক'এ ১২১টি দেশের মধ্যে ভারতের স্থান কত — ১০৭।

৬৪। 'বিশ্ব স্বাস্থ্য সংস্থা'র এক্সিকিউটিভ বোর্ডে মার্কিন যুক্তরাষ্ট্রের প্রতিনিধি



হিসাবে সম্প্রতি কে মনোনীত হলেন — ভারতীয় বংশোদ্ভূত ড.বিবেক মূর্তি।

৬৫। বসনিয়া ও হার্জেগোভিনায়, ভারতের পরবর্তী রাষ্ট্রদূত হিসাবে সম্প্রতি কে মনোনীত হলেন — পার্থ সতপতী।

৬৬। দক্ষিণ কোরিয়ার জেজুতে অনুষ্ঠিত, 'ওয়ার্ল্ড গ্রিন সিটি পুরস্কার ২০২২'এ ইন্টারন্যাশনাল অ্যাসোসিয়েশন অফ হর্টিকালচার প্রোডিউসার্স'এর তরফ থেকে ভারতের কোন শহর সম্প্রতি 'ওয়ার্ল্ড গ্রিন সিটি পুরস্কার' ও 'লিভিং গ্রিন ফর ইকোনমিক রিকোভারি অ্যান্ড ইনক্লুসিভ গ্রোথ' পুরস্কার পেল — তেলেঙ্গানার শহর হায়দরাবাদ।

৬৭। কোন সংস্থা সম্প্রতি রাজস্থানের বিকানের জেলায়, ১,১৯০ মেগাওয়াট সৌর বিদ্যুৎ কেন্দ্র স্থাপন করার সিদ্ধান্ত নিল — কোল ইন্ডিয়া লিমিটেড।

৬৮। বেঙ্গালুরুর সংস্থা 'থিঙ্ক ট্যাঙ্ক'এর তরফ থেকে ২০২২ সালে প্রকাশিত 'পাব্লিক অ্যাফেয়ার্স ইনডেক্স'এ কোন রাজ্য সম্প্রতি ১৮টি বড় রাজ্যের মধ্যে সেরা শাসিত রাজ্যের শিরোপা পেল — হরিয়ানা (হরিয়ানার স্কোর ০.৬৯৪৮)।

৬৯। কুয়েতে, ভারতের রাষ্ট্রদূত হিসাবে সম্প্রতি কে মনোনীত হলেন — ড.আদর্শ স্বাইকা।

৭০। কোথায় সম্প্রতি 'দ্য ট্র্যাপিং জোন' আবিষ্কার করলেন বিজ্ঞানীরা — ভারতের দক্ষিণ প্রতিবেশী দ্বীপরাষ্ট্র মলদ্বীপে (এই ট্র্যাপিং জোন হল একটি নতুন বাস্তুতন্ত্র, যা ভূপৃষ্ঠের প্রায় ৫০০ মিটার নীচে আবিষ্কার করা হয়েছে)।

৭১। কোন দেশে সম্প্রতি 'প্লে পয়েন্টস প্রোগ্রাম' চালু করল গুগল — ভারত।

৭২। ইরাকের প্রেসিডেন্ট হিসাবে সম্প্রতি কে মনোনীত হলেন — আব্দুল লতিফ রশিদ।

৭৩। 'ন্যাশনাল ডিজাস্টার ম্যানেজমেন্ট অথরিটি'র ডিরেক্টর হিসাবে সম্প্রতি কে মনোনীত হলেন — মৃণালিনী শ্রীবাস্তব।

৭৪। বিপন্ন স্লেন্ডার লরিসের জন্য ভারতের প্রথম অভয়ারণ্য কোন রাজ্যে স্থাপিত হতে চলেছে — তামিলনাড়ু।

৭৫। গ্যাস সমৃদ্ধ ভূমধ্যসাগরে দীর্ঘদিন ধরে চলে আসা সামুদ্রিক সীমান্ত বিরোধের অবসান ঘটাতে, কোন ২ দেশ সম্প্রতি এক ঐতিহাসিক চুক্তিতে পৌঁছালো — ইজরায়েল ও লেবানন।

## খেলাধূলা

৭৬। ২০২২ সালে কোন দল মহিলাদের টোয়েন্টি-২০ এশিয়া কাপ জিতল — ভারত (শ্রীলঙ্কাকে ৮ উইকেটে হারিয়ে)।

৭৭। কে সম্প্রতি ২০১৯ সালের 'স্পোর্টস জার্নালিস্ট ফেডারেশন অফ ইন্ডিয়া' পদক পেলেন — কিংবদন্তি ব্যাডমিন্টন তারকা প্রকাশ পাড়ুকোন।

৭৮। ২০২৩ সালের অক্টোবরে, ভারতের কোন রাজ্য ৩৭ তম 'জাতীয় গেমস' আয়োজন করবে — গোয়া।

৭৯। নিষিদ্ধ ড্রাগ 'স্ট্যানোজলল' সেবনের দায়ে, কোন ভারতীয় মহিলা ডিসকাস থ্রোয়ারকে সম্প্রতি ৩ বছরের জন্য নিষিদ্ধ করল 'অ্যাথলেটিক্স ইন্টিগ্রিটি ইউনিট' — কমলপ্রীত কৌর।

৮০। 'বোর্ড অফ কন্ট্রোল ফর ক্রিকেট ইন ইন্ডিয়া'র প্রেসিডেন্ট কে হতে চলেছেন — প্রাক্তন ভারতীয় ক্রিকেটার রজার মাইকেল হামফ্রে বিনি।

৮১। কে সম্প্রতি তামিলনাড়ুর হোসুরে 'এমএস ধোনি গ্লোবাল স্কুল'এ 'চেন্নাই সুপার কিংস আকাদেমি'র উদ্বোধন করলেন — প্রাক্তন ভারতীয় অধিনায়ক ও 'চেন্নাই সুপার কিংস'এর অধিনায়ক মহেন্দ্র সিং ধোনি।

৮২। ২০২৩ সালে পঞ্চম 'খেলো ইন্ডিয়া যুব গেমস' কোথায় অনুষ্ঠিত হবে — মধ্য-প্রদেশ।

৮৩। কে সম্প্রতি কনিষ্ঠতম ক্রিকেটার হিসাবে, আইসিসি পুরুষদের টোয়েন্টি-২০ বিশ্বকাপে খেলতে নেমে নজির



গড়লেন — সংযুক্ত আরব আমিরশাহীর ক্রিকেটার আয়ান আফজল খান (মাত্র ১৬ বছর ৩৩৫ দিন বয়সে এই বিশ্বকাপে খেলতে নেমেছেন তিনি)।

৮৪। ২০২২ সালে কে পুরুষদের বিভাগে "ব্যালন ডি'অর" (গোল্ডেন বল পুরস্কার) জিতলেন — পেশাদার ফরাসি ফুটবলার করিম বেঞ্জেমা।

৮৫। ২০২২ সালে কে মহিলাদের বিভাগে "ব্যালন ডি'অর" (ব্যালন ডি'অর ফেমিনিন পুরস্কার) জিতলেন — স্পেনের জাতীয় দল তথা বার্সেলোনার ফুটবলার অ্যালেক্সিয়া পুতেল্লাস।

৮৬। কে সম্প্রতি সর্বকনিষ্ঠ দাবাড়ু হিসাবে, বিশ্ব বিখ্যাত দাবা খেলোয়াড় নরওয়ের ম্যাগনেস কার্লসেনকে হারিয়ে ইতিহাস গড়লেন — ভারতের দোম্মারাজু গুকেশ।

৮৭। ২০২৩ সালে 'এশিয়ান কাপ' ফুটবল টুর্নামেন্ট আয়োজন করবে কোন দেশ — কাতার।

সঙ্কলক : পলি দেওয়ান

## প্রতিরক্ষা দফতরে ১,০৬১

১ পাতার পর

বিষয়ের পোস্ট-গ্র্যাজুয়েটরা হিন্দি আবশ্যিক বা, ইলেক্টিভ বিষয় নিয়ে থাকলে যোগ্য। ইংরিজি ও হিন্দি বিষয়ের ডিগ্রি কোর্স পাশরা হিন্দি বা, ইংরিজি ট্রান্সলেশনের সার্টিফিকেট বা, ডিপ্লোমা কোর্স পাশ হলেও যোগ্য। বয়স হতে হবে ৩০ বছরের মধ্যে। মূল মাইনে : ৩৫,৪০০-১,১২,৪০০ টাকা। শূন্যপদ : ৩৩টি (জেনাঃ ২৯, ও.বি.সি. ৩, তঃউঃজাঃ ১)। পোস্ট কোড : 0301.

**স্টোর অ্যাসিস্ট্যান্ট 'A' (ইংলিশ টাইপিং)** : উচ্চমাধ্যমিক পাশরা ইংরিজি টাইপিংয়ে মিনিটে অন্তত ৩৫টি শব্দ তোলার গতি থাকলে আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে। মূল মাইনে : ১৯,৯০০-৬৩,২০০ টাকা। শূন্যপদ : ১৩৪টি (জেনাঃ ৮০, ই.ডব্লু.এস. ১২, ও.বি.সি. ২৬, তঃজাঃ ১০, তঃউঃজাঃ ৬)। পোস্ট কোড : 0701.

**অ্যাডমিনিস্ট্রেটিভ অ্যাসিস্ট্যান্ট 'A' (ইংলিশ টাইপিং)** : উচ্চমাধ্যমিক পাশরা ইংরিজি টাইপিংয়ে মিনিটে অন্তত ৩৫টি শব্দ তোলার গতি থাকলে আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে। মূল মাইনে : ১৯,৯০০-৬৩,২০০ টাকা। শূন্যপদ : ২৫০টি (জেনাঃ ১৩৩, ই.ডব্লু.এস. ২০, ও.বি.সি. ৫৮, তঃজাঃ ২৩, তঃউঃজাঃ ১৬)। পোস্ট কোড : 0601.

**স্টেনোগ্রাফার গ্রেড-।। (ইংলিশ টাইপিং)** : উচ্চমাধ্যমিক পাশরা ইংরিজি টাইপিং ও শর্টহ্যান্ডে মিনিটে অন্তত ৫০টি ও ৮০টি শব্দ তোলার গতি থাকলে যোগ্য। বয়স হতে হবে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে। মূল মাইনে : ২৫,৫০০-৮১,১০০ টাকা। শূন্যপদ : ১২৩টি (জেনাঃ ১০০, ই.ডব্লু.এস. ১, ও.বি.সি. ১৬, তঃজাঃ ৬)। পোস্ট কোড : 0501.

**স্টেনোগ্রাফার গ্রেড-। (ইংলিশ টাইপিং)** : ডিগ্রি কোর্স পাশরা ইংরিজি টাইপিং ও শর্টহ্যান্ডে মিনিটে অন্তত ৪০টি ও ১০০টি শব্দ তোলার গতি থাকলে যোগ্য। বয়স হতে হবে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে। মূল মাইনে : ৩৫,৪০০-১,১২,৪০০ টাকা। শূন্যপদ : ২১৫টি (জেনাঃ ১৪৬, ই.ডব্লু.এস. ১২, ও.বি.সি. ৪০, তঃজাঃ ১৩, তঃউঃজাঃ ৪)। পোস্ট কোড : 0401.

**ভেহিক্যাল অপারেটর 'A'** : মাধ্যমিক পাশরা ২/৩ চাকার গাড়ি চালানোর বৈধ লাইসেন্স থাকলে আর গাড়ি চালানোর কাজে ৩ বছরের অভিজ্ঞতা থাকলে যোগ্য। বয়স হতে হবে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে। মূল মাইনে : ১৯,৯০০-৬৩,২০০ টাকা। শূন্যপদ : ১৪৫টি (জেনাঃ ৮২, ই.ডব্লু.এস. ১২, ও.বি.সি. ২৯, তঃজাঃ ১২, তঃউঃজাঃ ১০)। পোস্ট কোড : 0901.

**সিকিউরিটি অ্যাসিস্ট্যান্ট 'A'** : উচ্চমাধ্যমিক পাশরা শারীরিকভাবে সুস্থ থাকলে যোগ্য। বয়স হতে হবে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে। শরীরের মাপজোখ হতে হলে ছেলেদের বেলায় লম্বায় অন্তত ১৬৫ সেমি ও মেয়েদের বেলায় ১৫৭ সেমি। বুকের ছাতি হতে হবে ছেলেদের বেলায় অন্তত ৮১ সেমি। মূল মাইনে : ১৯,৯০০-৬৩,২০০ টাকা। শূন্যপদ : ৪১টি (জেনাঃ ৩২, ই.ডব্লু.এস. ১, ও.বি.সি. ৭, তঃজাঃ ১)। পোস্ট কোড : 0801.

**ফায়ার ইঞ্জিন ড্রাইভার 'A'** : মাধ্যমিক পাশরা ২/৩ চাকার গাড়ি চালানোর বৈধ লাইসেন্স থাকলে আর ট্রাফিক আইন বিষয়ে জ্ঞান থাকলে যোগ্য। বয়স হতে হবে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে। শরীরের মাপজোখ হতে হলে ছেলেদের বেলায় লম্বায় অন্তত ১৬৫ সেমি ও মেয়েদের বেলায় ১৫৭ সেমি। বুকের ছাতি হতে হবে ছেলেদের বেলায় অন্তত ৮১ সেমি। মূল মাইনে : ১৯,৯০০-৬৩,২০০ টাকা। শূন্যপদ : ১৮টি (জেনাঃ ১৩, ই.ডব্লু.এস. ২, ও.বি.সি. ৩)। পোস্ট কোড : 1001.

**ফায়ারম্যান** : মাধ্যমিক পাশরা শারীরিকভাবে সুস্থ থাকলে যোগ্য। বয়স হতে হবে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে। শরীরের মাপজোখ হতে হলে ছেলেদের বেলায় লম্বায় অন্তত ১৬৫ সেমি ও মেয়েদের বেলায় ১৫৭ সেমি। বুকের ছাতি হতে হবে ছেলেদের বেলায় অন্তত ৮১ সেমি। মূল মাইনে : ১৯,৯০০-৬৩,২০০ টাকা। শূন্যপদ : ৮৬টি (জেনাঃ ৫৭, ই.ডব্লু.এস. ৩, ও.বি.সি. ১৯, তঃজাঃ ৫, তঃউঃজাঃ ২)। পোস্ট কোড : 1101.

ওপরের সব পদের বেলায় বয়স গুনতে হবে ৭-১২-২০২২'র হিসাবে। তপশিলী, ও.বি.সি., প্রতিবন্ধী, প্রাক্তন সমরকর্মী, বিধবা ও সরকারি কর্মীরা যথারীতি বয়সে ছাড় পাবেন। চাকরি হবে ভারতের যে কোনো জায়গায়। প্রার্থী বাছাই হবে লিখিত পরীক্ষা ও ইন্টারভিউয়ের মাধ্যমে। সফল হলে পদ অনুযায়ী ট্রেড টেস্ট, টাইপ টেস্ট, কম্পিউটার টেস্ট ও শারীরিক সক্ষমতার পরীক্ষা। লিখিত পরীক্ষা হবে এইসব কেন্দ্রে (ব্র্যাকেটে কোড নং দেওয়া হল) : কলকাতা (২৪), শিলিগুড়ি (৩৭), ভুবনেশ্বর (০৬), গুয়াহাটি (১৩), পটনা (৩১) ও রাঁচী (৩৬)।

সব পদের বেলায় (জুনিয়র ট্রান্সলেটর অফিসার ছাড়া) ১ ঘণ্টার ৭৫ নম্বরের পরীক্ষায় ৭৫টি মাল্টিপল চয়েজ টাইপের প্রশ্ন হবে এইসব বিষয়ে : (১) জেনারেল অ্যাওয়ারনেস, রিজনিং এবিলিটি, জেনারেল ইংলিশ, কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড। জুনিয়র ট্রান্সলেটর অফিসার পদের বেলায় ১ ঘণ্টার ৮০ নম্বরের পরীক্ষায় থাকবে ৪০টি প্রশ্ন হবে জেনারেল হিন্দি বিষয়ে আর ৪০টি প্রশ্ন হবে জেনারেল ইংলিশ বিষয়ে। এরপর ফিজিক্যাল ফিটনেস টেস্ট, স্কিল টেস্ট ও ক্যাপাবিলিটি টেস্ট হবে। কবে কোথায় পরীক্ষা হবে তা চিঠি পাঠিয়ে জানানো হবে কিংবা জানতে পারবেন এই ওয়েবসাইটে : www.drdo.org

সব পদের বেলায় দরখাস্ত করবেন অনলাইনে, ৭ নভেম্বর থেকে ৭ ডিসেম্বরের মধ্যে। এই ওয়েবসাইটে : www.drdo.org এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের ফটো ও সিগনেচার জে.পি.ই.জি. ফর্ম্যাটে স্ক্যান করে নেবেন। অনলাইনে দরখাস্ত করার পর যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। এবার সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। তখন পরীক্ষা ফী বাবদ ১০০ টাকা ক্রেডিট কার্ড, ডেবিট কার্ড বা, নেট ব্যাঙ্কিংয়ে জমা দেবেন। তপশিলী, প্রতিবন্ধী, প্রাক্তন সমরকর্মী ও মহিলাদের ফী লাগবে না। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

Red Plus Vocational Training Centre
50 years RED PLUS SOCIETY
AFFILIATION NO : NCVRT/WB/4045/VTC
Centre of Health & Paramedical Science
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পাশ করার পর কী করবেন চিন্তা করছেন? সত্বর যোগাযোগ করুন :
নার্সিং-এ 100% কর্মজীবন সহায়তা
GNM 3 yrs. Course যোগ্যতা- উচ্চ মাধ্যমিক পাশ
ANM 1 yr. Course যোগ্যতা- মাধ্যমিক পাশ
Approved by INC
■ Diploma in Medical Laboratory Technology (DMLT)
2 yrs. Course • যোগ্যতা- উচ্চ মাধ্যমিক পাশ
ভর্তি চলছে 2022-23 সেশনে
- স্টুডেন্ট ক্রেডিট কার্ড সুবিধা।
- নিজস্ব হসপিটালে প্র্যাক্টিক্যাল করার সুবিধা।
- ন্যূনতম ফি ও কিস্তির মাধ্যমে পরিশোধ করার সুবিধা।
- সকল ডিগ্রি সমস্ত সরকারি বেসরকারি চাকরিতে সর্বত্র মান্যতাপ্রাপ্ত।
- ছেলে ও মেয়ে পৃথক হোস্টেল ও স্বাস্থ্যকর খাবারের ব্যবস্থা।
চাকরি পাওয়ার দুর্দিনে অভাবনীয় চাকরির সুযোগ এনে দিয়েছে
RED PLUS SOCIETY
All courses are conducted in the Hospital's own department
Admission going on now at your doorstep
Baghajatin Centre
403, West Rajapur, Baghajatin Station Road, Kolkata- 32
M: 9830067756 / 9903370881
email: redplusvtc2021@gmail.com

সরকারি চাকরির জন্য নিজেকে প্রস্তুত রেখে ভবিষ্যৎ সুনিশ্চিত করুন
কেন্দ্রীয় আট বাহিনী ও রাজ্য পুলিশে
চাকরী পাওয়ার বিশ্বস্ত প্রতিষ্ঠান
Admission চলছে
ইংরাজি ও হিন্দি উভয় ভাষায় পড়ানো হয়
BSF, CRPF, CISF, SSB, ITBP, AR, NIA, SSF, ARMY, RPF, WBP, KP, SSC Gr.D, PSC Gr. C&D
নিউ জেনারেশন কোচিং সেন্টার
Govt. Regd. No- L- 75797 • An ISO 9001:2015 Certified
www.ngcc.in
Head Office- সুমতি প্যালেস
দেবীপুর, পোঃ- চাঁদপাড়া, গাইঘাটা, উত্তর ২৪ পরগনা। মোবাইল : 9836306785
আমাদের সমস্ত ব্রাঞ্চে ক্লাস শুরু হয়ে গেছে
লিখিত পরীক্ষায় পাশ করতে না পারলে সম্পূর্ণ টিউশন ফিস ফেরতের গ্যারান্টি।
(শুধুমাত্র হেড অফিসের আবাসিকদের জন্য) প্রতিদিন ক্লাস
বালুরঘাট
টাউন ক্লাব মোড়, Bandhan Bank এর বিপরীতে
MOBILE : 7407945419
গঙ্গারামপুর ব্রাঞ্চ হাইস্কুল রোড, (ফায়ার ব্রিগেডের পাশে), দক্ষিণ দিনাজপুর
গঙ্গারামপুর ব্রাঞ্চে পরীক্ষার প্রস্তুতির সাথে দক্ষ Physical Trainer দ্বারা Run করিয়ে গ্যারান্টি সহ Physical Fit করানো হয়। ফোন : 9073360106
রায়গঞ্জ ব্রাঞ্চ
BBD মোড়, রায়গঞ্জ, উত্তর দিনাজপুর
ফোন : 9051149723
ইসলামপুর ব্রাঞ্চ
ইসলামপুর হাইস্কুল মোড়, কে. পি. সাইজের পাশে, উঃদিঃ
ফোন : 8391084168
সমস্ত ব্রাঞ্চে হেড অফিসের অভিজ্ঞ শিক্ষকগণ পড়াবেন।
সমস্ত ব্রাঞ্চে ক্লাস শুরু হয়ে গেছে ও নতুন ব্যাচে ভর্তি চলছে।

## ৮ কেন্দ্রীয় বাহিনীতে ২৪,৩৬৯ কনস্টেবল

১ পাতার পর

এক চোখে ৬/৬ ও অন্য চোখে ৬/৯। কাছের বেলায় ভালো চোখে N6 ও খারাপ চোখে N9. ওজন হতে হবে উচ্চতা ও বয়সের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ। ভাঙা হাঁটু, পায়ের চ্যাটালো পাতা, ধনুকের মতো পা, ট্যারা দৃষ্টি, শুধুমাত্র বাঁ চোখ বোজানোয় অক্ষমতা, আঙুলগুলি নাড়াচাড়া করায় অক্ষমতা, শিরাস্ফীতি, অন্য কোনো শারীরিক ত্রুটি, চোখে চশমা বা, কন্ট্যাক্ট লেন্স কিংবা বর্ণান্ধতা থাকলে আবেদনের যোগ্য নন। মূল মাইনে : সেপাই পদে : ১৮,০০০-৫৬,৯০০ টাকা আর অন্যান্য পদে : ২১,৭০০-৬৯,১০০ টাকা।

শূন্যপদ : বর্ডার সিকিউরিটি ফোর্সে ১০,৪৯৭টি। এর মধ্যে ছেলেদের জন্য ৮,৯২২টি (জেনাঃ ৩৭৩৩, ই.ডব্লু.এস. ৮৮৭, ও.বি.সি. ১৯৮০, তঃউঃজাঃ ৯১৭, তঃজাঃ ১৪০৫)। মেয়েদের জন্য ১,৫৭৫টি (জেনাঃ ৬৬১, ই.ডব্লু.এস. ১৫৮, ও.বি.সি. ৩৪৮, তঃউঃজাঃ ১৬৩, তঃজাঃ ২৪৫)।

সেন্ট্রাল ইন্ডাস্ট্রিয়াল সিকিউরিটি ফোর্সে ১০০টি। এর মধ্যে ছেলেদের জন্য ৯০টি(জেনাঃ ৫০, ই.ডব্লু.এস. ৯, ও.বি.সি. ১৮, তঃউঃজাঃ ৫, তঃজাঃ ৮)। মেয়েদের জন্য ১০টি (জেনাঃ)।

সি.আর.পি.এফ.-এ ৮,৯১১টি। এর মধ্যে ছেলেদের জন্য ৮৩৮০টি(জেনাঃ ৩৭১০, ই.ডব্লু.এস. ৮৭৮, ও.বি.সি. ১৯৭৫, তঃউঃজাঃ ৪৬০, তঃজাঃ ১৩৫৭)। মেয়েদের জন্য ৫৩১টি (জেনাঃ ২২৮, ই.ডব্লু.এস. ৫২, ও.বি.সি. ১১৮, তঃউঃজাঃ ৪৯, তঃজাঃ ৮৪)।

এস.এস.বি.'তে ১২৮৪টি। এর মধ্যে ছেলেদের জন্য ১০৪১টি(জেনাঃ ৪৬৪, ই.ডব্লু.এস. ৫৪, ও.বি.সি. ২৪৩, তঃউঃজাঃ ৭৬, তঃজাঃ ২০৪)। মেয়েদের জন্য ২৪৩টি (জেনাঃ ১০৭, ও.বি.সি. ৬৯, তঃউঃজাঃ ৬, তঃজাঃ ৬১)।

আই.টি.বি.পি.'তে ১,৬১৩টি। এর মধ্যে ছেলেদের জন্য ১,৩৭১টি (জেনাঃ ৬৩৭, ই.ডব্লু.এস. ১১০, ও.বি.সি. ২৭৭, তঃউঃজাঃ ১৫৯, তঃজাঃ ১৮৮)। মেয়েদের জন্য ২৪২টি(জেনাঃ ১৩৫, ই.ডব্লু.এস. ৭, ও.বি.সি. ৪৮, তঃউঃজাঃ ২২, তঃজাঃ ৩০)।

অসম রাইফেলসে ছেলেদের ১,৬৯৭টি (জেনাঃ ৭১৬, ই.ডব্লু.এস. ১৬৯, ও.বি.সি. ৩০৮, তঃউঃজাঃ ৩১৩, তঃজাঃ ১৯১)।

এস.এস.এফ.'এ ১০৩টি। এর মধ্যে ছেলেদের জন্য ৭৮টি (জেনাঃ ৩২, ই.ডব্লু.এস. ৮, ও.বি.সি. ১৪, তঃজাঃ ২৪)। মেয়েদের জন্য ২৫টি(জেনাঃ ১০, ই.ডব্লু.এস. ২, ও.বি.সি. ৫, তঃজাঃ ৮)।

এন.সি.বি.'তে ১৬৪টি (জেনাঃ ৬৭, ই.ডব্লু.এস. ২৩, ও.বি.সি. ৩৮, তঃউঃজাঃ ১১, তঃজাঃ ২৫)।

প্রার্থী বাছাই করবে স্টাফ সিলেকশন কমিশন। 'Constable (GD) in Central Armed Police Forces (CAPFs), SSF, Rifleman (GD) in Assam Rifles and Sepoy in Narcotics Control Bureau Examination, 2022'এর পরীক্ষার মাধ্যমে।

প্রার্থী বাছাইয়ের জন্য প্রথমে 'কম্পিউটার বেসড পরীক্ষা (সি.বি.ই.)' হবে আগামী বছর জানুয়ারি মাস নাগাদ। এই পরীক্ষায় ১৬০ নম্বরের ৮০টি অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের প্রশ্ন হবে এইসব বিষয়ে : (১) পার্ট-এ : জেনারেল ইন্টেলিজেন্স অ্যান্ড রিজনিং - ৪০ নম্বরের ২০টি প্রশ্ন, (২) পার্ট-বি : জেনারেল নলেজ অ্যান্ড জেনারেল অ্যাওয়ারনেস ৪০ নম্বরের ২০টি প্রশ্ন, (৩) পার্ট-সি : এলিমেন্টারি ম্যাথমেটিক্স -৪০ নম্বরের ২০টি প্রশ্ন,(৪) পার্ট-ডি : ইংরিজি /হিন্দি -৪০ নম্বরের ২০টি প্রশ্ন। সময় থাকবে ৬০ মিনিট। পরীক্ষায় প্রশ্ন হবে ইংরিজি, হিন্দিতে। প্রশ্ন হবে মাধ্যমিক মানের। পরীক্ষা হবে এইসব

এরপর ১১ পাতায়

## প্রাইমারি 'টেট'এর পরীক্ষা পদ্ধতি

৩ পাতার পর

একটি গদ্য ও আরেকটি পদ্য। গদ্যে লিঙ্গুয়িস্টিক্স, সাহিত্য, বৈজ্ঞানিক, বিতর্কমূলক বিষয় থেকে আনসিন প্যাসেজ দেওয়া হবে। পদ্যতে স্তবক থাকবে বিবৃতিমূলক ও নাটকীয় প্যাসেজ দেওয়া হবে। গদ্যে ৯টি ও পদ্য থেকে ৬টি প্রশ্ন হবে।

দ্বিতীয় ১৫টি প্রশ্ন হবে ভাষা বিকাশের শিক্ষাবিদ্যা সংক্রান্ত বিষয় থেকে —বাংলা ভাষার শিখন ও আয়ত্তীকরণ, ভাষা শিক্ষণ ও দক্ষতা, ভাষা শিক্ষণের নীতি, ভাষা শিখনে শ্রবণ ও কথনের ভূমিকা, ভাষা শিখনে ব্যকরণের ভূমিকা, বৈচিত্র্যযুক্ত শ্রেণিকক্ষে ভাষা শিক্ষণ, ভাষার দক্ষতা ও বোধ পরীক্ষণের মূল্যায়ন, শিক্ষণ-শিখন উপকরণ, রেমেডিয়াল টিচিং বা সংশোধনমূলক শিক্ষণ, বিভিন্ন ভাষার শ্রেণিকক্ষে প্রথম ভাষার শিক্ষা, ভাষা শিক্ষার উপকরণ, পাঠ্যবই, লেসন প্ল্যান, মাইক্রোটিচিং, অ্যাসেসমেন্ট ও মূল্যায়ন।

(৩) দ্বিতীয় ভাষা পেপার (ইংরিজি) : এই পার্টে মোট ৩০টি প্রশ্ন থাকবে। প্রতিটি প্রশ্নে থাকবে ১ নম্বর। প্রথম ১৫টি প্রশ্ন হবে এইসব বিষয়ে — ২টি গদ্যাংশ থেকে আনসিন প্যাসেজ থাকবে। সাহিত্য, বর্ণনামূলক, বৈজ্ঞানিক, বিতর্কমূলক বিষয় থেকে আনসিন প্যাসেজ দেওয়া হবে। কমপ্রিহেনশন, গ্রামার ও ভোকাবুলারি সংক্রান্ত প্রশ্ন হবে।

দ্বিতীয় ১৫টি প্রশ্ন হবে ভাষা বিকাশের শিক্ষাবিদ্যা সংক্রান্ত বিষয় থেকে — ইংরিজি ভাষার শিখন ও আয়ত্তীকরণ, ভাষা শিক্ষণ ও দক্ষতা, ভাষা শিক্ষণের নীতি, ভাষা শিখনে শ্রবণ ও কথনের ভূমিকা, ভাষা শিখনে ব্যকরণের ভূমিকা, বৈচিত্র্যযুক্ত শ্রেণিকক্ষে ভাষা শিক্ষণ, ভাষার দক্ষতা ও বোধ পরীক্ষণের মূল্যায়ন, শিক্ষণ-শিখন উপকরণ, রেমেডিয়াল টিচিং বা সংশোধনমূলক শিক্ষণ, বিভিন্ন ভাষার শ্রেণিকক্ষে প্রথম ভাষার শিক্ষা, ভাষা শিক্ষার উপকরণ, পাঠ্যবই, লেসন প্ল্যান, মাইক্রোটিচিং, অ্যাসেসমেন্ট ও মূল্যায়ন।

(৪) অঙ্ক : এই পার্টে মোট ৩০টি প্রশ্ন থাকবে। প্রতিটি প্রশ্নে থাকবে ১ নম্বর। প্রথম ১৫টি প্রশ্ন হবে এইসব বিষয়ে — জ্যামিতি, আকৃতি, সংখ্যা, যোগ ও বিয়োগ, গুণ, ভাগ, এলাকা ও পরিধি, সময়, নিদর্শন, অর্থ।

পরের ১৫টি প্রশ্ন হবে পেডাগকিক্যাল সংক্রান্ত (Padagogical Issues) এইসব বিষয়ে — গণিতের প্রকৃতি ও যুক্তিসংগত চিন্তন, প্রাথমিক স্তরে গণিত শিক্ষণের উদ্দেশ্য ও প্রকৃতি, গণিত শিক্ষক ও শিক্ষক-শিখনের পদ্ধতি সমূহ ও তাদের উদ্দেশ্য, গণিতে পেডাগগি সংক্রান্ত জ্ঞান, গণিত শিখনের মূল্যায়ন, গণিত শিখনের সমস্যাসমূহ, ভুলভ্রান্তি বিশ্লেষণ ও শিখন ও শিক্ষণ সম্পর্কিত বিষয়সমূহ, নির্ণায়ক ও সংশোধনমূলক শিক্ষণ, গণিতে পেডাগগি সংক্রান্ত সমস্যা ও সমাধান।

(৫) পরিবেশবিদ্যা : এই পার্টে মোট ৩০টি প্রশ্ন থাকবে। প্রতিটি প্রশ্নে থাকবে ১ নম্বর। প্রথম ১৫টি প্রশ্ন হবে এইসব বিষয়ে — ব্যবহারিক ও সামাজিক পরিবেশ, পশ্চিমবঙ্গ ও ভারতের ভৌগোলিক অবস্থান, পরিবেশসংক্রান্ত ঐতিহাসিক ঘটনা, খাদ্য, বাসস্থান, বস্ত্র ও ভ্রমণ। ইকোলজি ও ইকোসিস্টেম, ফুড চেন, বায়ুমণ্ডল, ভূমি ও জল। পরিবেশ দূষণ, উদ্ভিদ, জীব ও জীববৈচিত্র্য, প্রাকৃতিক সম্পদ, পরিবেশ ও বন্ধু, বর্জ্য ও বর্জ্য ব্যবস্থাপনা, বিশ্বব্যাপী পরিবেশগত সসম্যা, পরিবেশ ও স্বাস্থ্য, মানুষের দক্ষতা ও প্রচেষ্টা। পরের ১৫টি প্রশ্ন হবে পেডাগকিক্যাল সংক্রান্ত (Padagogical Issues) এইসব বিষয়ে —পরিবেশবিদ্যার ধারণা ও পরিধি, পরিবেশবিদ্যার তাৎপর্য, পরিবেশবিদ্যা ও পরিবেশ শিক্ষা, শিখনের নীতি, বিজ্ঞান ও সমাজবিজ্ঞানের সম্পর্ক ও পরিধি, ধারণা উপস্থাপনের পদ্ধতিসমূহ- লেসন প্ল্যান, ডিজাইন, পর্যবেক্ষণ, তথ্য সংগ্রহ ও প্রকল্প জনিত কাজ, পরীক্ষণমূলক শিখন, সক্রিয়তা ও কার্য, নিরবিচ্ছিন্ন ও সার্বিক মূল্যায়ন। শিক্ষণ সহায়ক উপকরণ - প্রস্তুতি ও ব্যবহার, সমস্যা সমাধান ও শিখন, পরিবেশবিদ্যা শিক্ষণে তথ্যপ্রযুক্তির ব্যবহার ও পরিধি।

Non Stop Primary TET
(Offline / Online Class)
Primary TET- 2022
Primary Interview- 17/14
কমল বৈদ্য স্যারের পরিচালনায় ১ নং ফ্যাকাল্টিদের মাধ্যমে 5 Nov. থেকে 5 December পর্যন্ত প্রতিদিন 4 ঘণ্টা করে ক্লাস।
D.El.Ed
প্যাকেজ সিস্টেম কোনো বাড়তি খরচ নেই। এখনও ভর্তি চলছে
NICE EDUCATION 7547906100

তাহেরপুর কবিতা কুটির আশ্রমিক ইনস্টিটিউট
৮০জি ধারায় আয়কর মুক্ত শিক্ষা প্রতিষ্ঠান।
সরকারি চাকরির প্রথম শ্রেণির কোচিং সেন্টার (তাহেরপুর, নদীয়া)
প্রতিষ্ঠাতা আচার্য ভবদেব (প্রাক্তন সিভিল সার্ভেন্ট), প্রবাদ প্রতিম অফিসার-কাম প্রফেসর

যে প্রতিষ্ঠানের কর্তৃপক্ষ সিভিল সার্ভেন্টগণই। পিতাপুত্র, জামাতা সবাই সিভিল সার্ভেন্ট (I.A.S, W.B.C.S-সহ)। এদের সুদক্ষ প্রশিক্ষণে ও নির্দেশে চলে কবিতা কুটির আজ সরকারি চাকরির প্রথম শ্রেণির শ্রেষ্ঠ কোচিং সেন্টারে পরিণত। শুধু কোচিং নয়, এটি মানুষ গড়ার কারখানা। 'অফিসার-মেকার'গণই এখানে পড়ান। সত্বর ভর্তি হোন —
আটবাহিনীতে প্রায় ২৫ হাজার কনস্টেবল
নিশ্চিত সাফল্য পেতে এখনই যোগাযোগ করুন
TET'এর বিজ্ঞপ্তি বেরিয়েছে। পরীক্ষা ১১ ডিসেম্বর। ভর্তির শেষ তারিখ ৬ নভেম্বর।
মাত্র ৩৫ দিনের ট্রেনিং নিয়েই বাজিমাৎ করুন। প্রায় প্রতিদিনই ক্লাস হবে।
W.B.C.S-এর বিজ্ঞপ্তি শিগগিরই বেরোবে। নতুন ব্যাচে ভর্তি শুরু হয়েছে।
যেকোনো পরীক্ষার মক ইন্টারভিউয়ের জন্য যোগাযোগ করুন।

পুলিশের ছাত্রছাত্রীদের থাকার জন্য কবিতা কুটিরের নিজস্ব হোস্টেল

কবিতা কুটিরে নিজস্ব মাঠে মাঠ প্রশিক্ষণ চলছে।
অভিজ্ঞ ট্রেনার দ্বারা মাঠ পরীক্ষার ট্রেনিং দেওয়া হয়
আমাদের দেখুন
ইউ টিউব ফেসবুক, টুইটার, ইনস্টাগ্রাম, টেলিগ্রাম
kabita kutir Ashramic Institute
Achariya Bhabadeb kabitakutir.website2.me
আশ্রমিক কার্যালয় — তাহেরপুর (নদিয়া) : 9474764885
7029463383, 8536920172, 9734155542
তপশিলী জাতি, উপজাতি, ও.বি.সি ও সংখ্যালঘু আর নদীয়া জেলার ছেলেমেয়েদের ভর্তিতে বিশেষ ছাড়

TV9 বাংলা চ্যানেল দ্বারা Academic 2022 Excellence Award 2021-2022 ও Education Conclave Award 2022 'Uttaran' প্রাপ্ত প্রতিষ্ঠান

# বিবেকানন্দ আশ্রমিক কোচিং সেন্টার

An ISO 9001 : 2015 Certified, Govt.. Regn. No [MAS-1/471, L-76204], Maslandapur, North 24 Parganas

জীবন যুদ্ধে থাকবো পাশে

An Iustitute with 6500+ Students

শংকর দার কোচিং ২৪ বছর

## SLST

ক্লাস শুরু নভেম্বর থেকে

Sub : Bengali, Sanskrit, Geography, History, Bio-Science, Education, Mathematics

## SSC GD

Form Fill-up চলছে। পরীক্ষা জানুয়ারি 2023

হিন্দি ও ইংরেজীতে ক্লাস চলছে হেড অফিস সহ সব শাখায়।

সপ্তাহে 5 দিন ক্লাস।

### আসন্ন শূন্যপদ

- R.P.F. Constable & R.P.F Sub Inspector
- পশ্চিমবঙ্গ পুলিশ কনস্টেবল, WBP SI
- আবগারি ASI, আবগারি কনস্টেবল
- WBCS 2023, CRPF
- Primary TET, SLST ইত্যাদি সব বিষয়ে ভর্তি চলছে।

## PRIMARY TET

ক্লাস শুরু হয়ে গেছে। সপ্তাহে 7 দিনই ক্লাস চলছে। প্রতিদিন 4 ঘণ্টা করে অফলাইন ম্যারাথন ক্লাস চলছে। উন্নত মানের **Materials**। ক্লাস চলছে — হেড অফিস, বারাসাত, বসিরহাট, সিমলাপাল, তমলুক, ভর্তির জন্য আজই যোগাযোগ করুন হেড অফিস ও শাখায়।

এক ঝাঁক অভিজ্ঞ শিক্ষক-শিক্ষিকা মণ্ডলীর তত্ত্বাবধানে চলছে আমাদের এই বৃহৎ পরিবার। জীবন যুদ্ধে সফল হতে আপনিও আমাদের পরিবারের সাথে সামিল হন। ভবিষ্যৎ আপনার, তাই সিদ্ধান্ত নেওয়ার দায়িত্বও আপনার। কোথায় ভর্তি হলে সঠিক গাইডেন্স পাবেন, সেটা ভাবুন তারপর ভর্তি হন।

- পশ্চিমবঙ্গ পুলিশ কন্সটেবল ও SI পদে প্রচুর শূন্যপদ আসন্ন, ভর্তি চলছে।
- কলকাতা পুলিশের শেষ ব্যাচে ভর্তি চলছে।
- RPF এ প্রচুর শূন্যপদ আসন্ন, ক্লাস চলছে।
- SSC GD হিন্দি ও ইংরেজিতে ক্লাস চলছে। বিজ্ঞপ্তি বেরিয়ে গেছে।

## WBCS, CGL, CHSL

বারাসাত শাখায়

ক্লাস শুরু হয়ে গেছে

ভর্তির জন্য ফোন করুন — 9091003392

## সেনাবাহিনীর অগ্নিবীর

- ব্যারাকপুর র‍্যালির ক্লাস চলছে। প্রত্যেকদিন আলাদা আলাদা Trade এর দুটো করে ক্লাস। হিন্দি ও ইংরাজিতে।
- কলকাতা র‍্যালির Medical Fit দের ক্লাস শুরু 22শে নভেম্বর, 2022।
- শিলিগুড়ি র‍্যালি ক্লাস শুরু 1- December, 2022
- বহরমপুর র‍্যালি ক্লাস শুরু 22- December, 2022
- অগ্নিবীর Nursing Assistant এর ক্লাস শুরু 26শে জানুয়ারি 2023।

## আমাদের নতুন শাখা খাতরা

বাসস্ট্যান্ডের পাশে

বিশদ জানতে ফোন করুন — 7001867319

হুগলী জেলার ছাত্রছাত্রীদের জন্য আমাদের নতুন শাখা

## আরামবাগ

Mob- 9733894444

- BSF Tradesman, CSF Fire এ ভর্তি চলছে। SSC GD হিন্দি ও ইংরাজিতে ক্লাস হচ্ছে। হেড অফিসে ANM/GNM এর ক্লাস চলছে।
- WBCS, CGL, CHSL এর ক্লাস শুরু হয়ে গেছে, বারাসাত শাখায়। ভর্তির জন্য ফোন করুন এই নম্বরে — 9091003392
- হেড অফিসে Physical ও ক্যারাটে শিক্ষনের ব্যবস্থা আছে।
- বর্তমানে সরকারী চাকরী পেতে হলে প্রয়োজন সঠিক প্রস্তুতি, নিয়মিত মক-টেস্ট। তাই দেরী না করে এখনই ভর্তির জন্য যোগাযোগ করুন।
- দূরাবর্তী ছাত্র ও ছাত্রীদের থাকা ও খাওয়ার জন্য হেড অফিসে রয়েছে নিজস্ব 4টি হোস্টেল।
- প্রতি পরীক্ষার আগে প্রচুর মকটেস্ট নেওয়া হয়।
- প্রতিটি শাখায় প্রয়োজন হলে আগে Demo Class করুন তারপর ভর্তি হন।

পুলিশ ও সেনাবাহিনীতে সবচেয়ে বেশি চাকরী পায় এই প্রতিষ্ঠান থেকে

NAVY | স্কুল সার্ভিস SLST | SSC MTS | AIRFORCE X & Y | WBP SI | R.P.F | সেনাবাহিনী | SSC আটবাহিনী | Railway Gr-D

BSF Tradesman | WBP (MAIN) | Primary TET | Railway Gr-D | স্কুল সার্ভিস গ্রুপ C ও D | কলকাতা পুলিশ | Coast Guard | Upcoming WBP

### হেড অফিস (সপ্তাহে ৭ দিনই খোলা)

মছলন্দপুর, উত্তর ২৪ পরগনা (শিয়ালদহ থেকে বনগাঁ লোকালে মছলন্দপুর স্টেশন সংলগ্ন জাগরণী সংঘের সন্নিকটে)

Admission Helpline 9733894444, 9547004388

### বারাসাত শাখা (শুক্রবার বন্ধ)

বারাসাত ১২ নং রেলগেট এর পাশে নন্দন প্লাজা এর ৩য় তল (Lords রেস্টুরেন্টের বিপরীতে ডা. লাল প্যাথ ল্যাব এর উপরে)

Admission Helpline 9635428886

### বাঁকুড়া শাখা

কাটজুড়িডাঙ্গা, বাঁকুড়া (বাসস্ট্যান্ডের সন্নিকটে সরস্বতী ক্লাবের দোতলায়)

Admission Helpline 8001693133

### সিমলাপাল শাখা

ঠিকানা : সিমলাপাল স্কুল মোড়, MLA অফিসের ৩য় তল।

Admission Helpline 7001867319

### তমলুক শাখা

ঠিকানা : নিমতৌড়ি (কালীমন্দির), তমলুক, পূর্ব মেদিনীপুর। নিমতৌড়ি বাসস্ট্যান্ড থেকে ময়নার দিকে ২ মিনিটের পথ।

Admission Helpline 8328770363

### বসিরহাট শাখা

বসিরহাট স্টেশন রোড (ময়লাখোলা), বসিরহাট ১ নং প্ল্যাটফর্মের পাশে

Admission Helpline 9647303005

### বারুইপুর শাখা

ঠিকানা : বারুইপুর রেল গেট ও কোর্টের মাঝখানে প্রমীলা হাউস, ৫ম তল, মহানাম [illegible] পাশে

Admission Helpline 7557050701

### খড়গপুর শাখা

ঠিকানা : [illegible] বিডিও অফিস থেকে ২ মিনিট হাঁটা পথ এবং [illegible] রেলস্টেশন থেকে উত্তরে ৫ মিনিট, পশ্চিম মেদিনীপুর

Admission Helpline 8670644061

সাম্প্রতিক তথ্যে ভরা

# জিজ্ঞাসা

চাকরির পরীক্ষার কোনো প্রশ্ন আছে? দরখাস্ত করেও কোনো খবর পাচ্ছেন না, নাকি পরীক্ষা দিয়েও ফল কবে বেরোবে জানতে পারছেন না? দরখাস্ত বাতিল হয়ে যাবে কিনা ভাবছেন? কবে, কোথায় পরীক্ষা হবে? কী কী বিষয় থাকবে? অ্যাডমিট কার্ড এখনো পাননি, কবে পাবেন বুঝতে পারছেন না? বিজ্ঞপ্তি কবে বেরোবে? কোথায় যোগাযোগ করবেন? এইসব প্রশ্নের উত্তর জানতে এইসব সাত-সতেরো প্রশ্নের উত্তর ধারাবাহিকভাবে দিচ্ছেন রঞ্জিৎ ঘোষ।

এইবিভাগে উত্তর পেতে হলে E-mail করুন এইনম্বরে : karmajiggasa@gmail.com ই-মেলে নিজের নাম, পুরো ঠিকানা, ফোন নম্বর উল্লেখ করবেন।

## প্রাইমারি চাকরির

■ *মাধ্যমিক স্কুলে ক্লার্কের চাকরি করলে প্রাইমারি 'টেট' পরীক্ষা দেওয়ার জন্য বয়সে ছাড় পাওয়া যায় কি? — প্রশান্ত সরকার, দক্ষিণ ২৪ পরগনা।*

■■ প্রাইমারি 'টেট' দেওয়ার জন্য বয়সের কোনো কড়াকড়ি নেই। তবে প্রাইমারি টিচার পদের ইন্টারভিউয়ের জন্য বয়স হতে হবে ৪০ বছরের মধ্যে। সংরক্ষিত ক্যাটেগরির প্রার্থীরা বয়সে ছাড় পাবেন। তবে কর্মরতরা ছাড় পাবেন না।

■ *প্রাইমারি 'টেট'এর জন্য দু'টি দরখাস্ত করেছি দু'টি ক্যাটেগরিতে। দরখাস্ত বাতিল হবে কি? — জিৎকার মান্ডি, গোয়ালতোড়, পশ্চিম মেদিনীপুর।*

■■ এ'জন্য অসুবিধা হতে পারে।

■ *প্রাইমারি 'টেট' পাশ করলে সেই সার্টিফিকেটের মেয়াদ কতদিন থাকবে? — প্রিয়া দত্ত, বারাসাত, উত্তর ২৪ পরগনা।*

■■ একবার প্রাইমারি 'টেট' পাশ করলে সেই সার্টিফিকেটের বৈধতা সারাজীবন থাকবে। অর্থাৎ, নির্দিষ্ট বয়সের মধ্যে যতবার ইন্টারভিউয়ের জন্য দরখাস্ত নেওয়া হবে, ততবারই দরখাস্ত করতে পারবেন। তবে যাঁরা 'টেট'এ নম্বর বাড়াতে চান, সেক্ষেত্রে নতুন করে 'টেট' দিতে পারবেন।

■ *প্রাইমারি 'টেট'এ কি নেগেটিভ মার্কিং আছে? — গণেশ দাস, বসিরহাট, উত্তর ২৪ পরগনা।*

■■ না, নেগেটিভ মার্কিং নেই।

■ *প্রাইমারি 'টেট' পাশ করেছি। এবার নতুন করে প্রাইমারি 'টেট'এ দরখাস্ত করেছি। যদি এবারের 'টেট'এ কোয়ালিফাই করতে না পারি, তাহলে আগের 'টেট' সার্টিফিকেট দেখিয়ে ইন্টারভিউয়ের জন্য দরখাস্ত করতে পারব কি? — রূপালি বিশ্বাস, দোয়ারা, কৃষ্ণনগর, নদিয়া।*

■■ হ্যাঁ, পারবেন।

■ *এবার বি.এড.-এ ভরতি হয়ে প্রাইমারি 'টেট'এ দরখাস্ত করেছি। ১১ ডিসেম্বরের পরীক্ষায় সফল হলে এ'বছর কি প্রাইমারির চাকরি পেতে পারি? — শুভদীপ বিশ্বাস, হুগলি।*

■■ এবার যাঁরা বি.এড. বা, ডি.এল.এড. কোর্সে ভরতি হয়ে দরখাস্ত করেছেন, কিংবা প্রথম সেমেস্টারের পরীক্ষা দিয়ে দরখাস্ত করেছেন, তাঁরাও পরীক্ষা দিয়ে 'টেট' কোয়ালিফাই করতে পারবেন। তবে বি.এড. বা, ডি.এল.এড. কোর্স শেষ না হওয়া পর্যন্ত প্রাইমারির চাকরি পাবেন না। কারণ ইন্টারভিউয়ের জন্য যখন 'টেট' পাশদের থেকে দরখাস্ত নেওয়া হবে, তখন বি.এড. বা, ডি.এল.এড. পাশ হতে হবে।

■ *প্রাইমারি 'টেট' কোয়ালিফাই করেছি। বি.পি.এড. যোগ্যতা আছে। এ'বারের প্রাইমারি টিচার পদের ইন্টারভিউয়ের জন্য যে দরখাস্ত নেওয়া হচ্ছে, তাতে দরখাস্ত করতে পারব কি? — পূজা দাস, জগৎবল্লভপুর, হাওড়া।*

■■ হ্যাঁ, পারবেন।

## ব্যাঙ্কে চাকরির

■ *ব্যাঙ্কে চাকরির জন্য কেমন শিক্ষাগত যোগ্যতা থাকা দরকার। প্রতিবছরই কি ব্যাঙ্কের পরীক্ষা হয়? উচ্চমাধ্যমিক যোগ্যতায় ব্যাঙ্কে চাকরি পাওয়া যায় কি? — মৈনাক দত্ত, বামনগাছি, উত্তর ২৪ পরগনা। পরিমল বসাক, উত্তরপাড়া, হুগলি। নমিতা ভট্টাচার্য, সোনারপুর, দক্ষিণ ২৪ পরগনা।*

■■ ব্যাঙ্কে ক্লারিক্যাল ও প্রবেশনারি অফিসার পদে প্রতি বছরই লোক নেওয়া হয়। স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়া নিজেরাই ক্লার্ক ও প্রবেশনারি অফিসার পদে লোক নেয়। অন্যান্য সব রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্ক ক্লার্ক ও প্রবেশনারি অফিসার পদে লোক নেয় ইনস্টিটিউট অফ ব্যাঙ্কিং পার্সোনেল সিলেকশন (আই.বি.পি.এস.)'এর মাধ্যমে। যে কোনো শাখার ডিগ্রি কোর্স পাশ ছেলেমেয়েরা ২০ থেকে ২৮ বছরের মধ্যে বয়স থাকলে ক্লার্ক পদের জন্য আবেদন করতে পারেন। যে কোনো শাখার ডিগ্রি কোর্স পাশ ছেলেমেয়েরা ২০ থেকে ৩০ বছরের মধ্যে বয়স থাকলে প্রবেশনারি অফিসার পদের জন্য আবেদন করতে পারেন। ক্লার্ক পদের বেলায় প্রার্থী বাছাই হবে অনলাইন (প্রিলিমিনারি ও মেন) পরীক্ষার মাধ্যমে। পরীক্ষায় প্রশ্ন হয় বাংলা, ইংরিজি ও হিন্দিতে।

অনলাইন প্রিলিমিনারি পরীক্ষায় অবজেক্টিভ টাইপের পার্টে ১০০ নম্বরের ১ ঘন্টার পরীক্ষায় প্রশ্ন হয় এইসব বিষয়ে : (১) ইংলিশ ল্যাঙ্গোয়েজ - ৩০ নম্বর। সময় ২০ মিনিট। (২) নিউমেরিক্যাল এবিলিটি - ৩৫ নম্বর। সময় ২০ মিনিট। (৩) রিজনিং এবিলিটি - ৩৫ নম্বর। সময় ২০ মিনিট। প্রতিটি প্রশ্নে থাকবে ১ নম্বর। ওই তিনটি বিষয়ের প্রতিটিতে কাট-অফ নম্বর পেয়ে থাকতে হবে। নেগেটিভ মার্কিং আছে।

অনলাইন মেন পরীক্ষায় অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের ২০০ নম্বরের ১৯০টি প্রশ্ন হয় এইসব বিষয়ে : (১) জেনারেল /ফিনান্সিয়াল অ্যাওয়ারনেস -৫০ নম্বরের ৫০টি প্রশ্ন। সময় থাকবে ৩৫ মিনিট। (২) জেনারেল ইংলিশ -৪০ নম্বরের ৪০টি প্রশ্ন। সময় থাকবে ৩৫ মিনিট। (৩) কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউট -৫০ নম্বরের ৫০টি প্রশ্ন। সময় থাকবে ৪৫ মিনিট। (৪) রিজনিং এবিলিটি অ্যান্ড কম্পিউটার অ্যাপ্টিটিউট- ৬০ নম্বরের ৫০টি প্রশ্ন। সময় থাকে ৪৫ মিনিট। প্রশ্ন হয় ইংরিজিতে।

প্রবেশনারি অফিসার পদের বেলায় প্রার্থী বাছাই হয় অনলাইন (প্রিলিমিনারি ও মেন) পরীক্ষার মাধ্যমে। প্রিলিমিনারি পরীক্ষায় অবজেক্টিভ টাইপের পার্টে ১০০ নম্বরের ১ ঘন্টার পরীক্ষায় প্রশ্ন হয় এইসব বিষয়ে : (১) ইংলিশ ল্যাঙ্গোয়েজ -৩০ নম্বর, (২) কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড- ৩৫ নম্বর, (৩) রিজনিং এবিলিটি -৩৫ নম্বর। সময় এক ঘন্টা। প্রতিটি প্রশ্নে থাকে ১ নম্বর। ওই তিনটি বিষয়ের প্রতিটিতে কাট-অফ নম্বর পেয়ে থাকতে হবে। অনলাইন মেন পরীক্ষায় অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের ২০০ নম্বরের ১৫৫টি প্রশ্ন হয় এইসব বিষয়ে : (১) রিজনিং অ্যান্ড কম্পিউটার অ্যাপ্টিটিউট -৬০ নম্বরের ৪৫টি প্রশ্ন। সময় থাকবে ৬০ মিনিট। (২) ইংলিশ ল্যাঙ্গোয়েজ -৪০ নম্বরের ৩৫টি প্রশ্ন। সময় থাকবে ৪০ মিনিট। (৩) জেনারেল /ইকনমি /ব্যাঙ্কিং অ্যাওয়ারনেস -৪০ নম্বরের ৪০টি প্রশ্ন। সময় থাকবে ৩৫ মিনিট। (৪) ডাটা অ্যানালাইসিস অ্যান্ড ইন্টারপ্রিটেশন -৬০ নম্বরের ৩৫টি প্রশ্ন। সময় থাকে ৪৫ মিনিট।

এছাড়াও ইংলিশ ল্যাঙ্গোয়েজ (চিঠি লেখা ও প্রবন্ধ লেখা) পেপারে ২৫ নম্বরের ২টি প্রশ্ন। সময় থাকবে ৩০মিনিট। প্রশ্ন হয় ইংরিজিতে। মেন পরীক্ষায় পাওয়া নম্বর দেখে ১০০ নম্বরের ইন্টারভিউ।

## কলেজে চাকরির

■ *'নেট' বা, 'সেট' পরীক্ষা কি প্রতি বছর হয়? কেমন শিক্ষাগত যোগ্যতা দরকার? — কৌশিক চট্টোপাধ্যায়, শ্রীরামপুর, হুগলি।*

■■ দ্বিতীয় শ্রেণির ৩ বছরের ডিগ্রি কোর্স পাশের পর সংশ্লিষ্ট বিষয়ের পোস্ট-গ্র্যাজুয়েট ছেলেমেয়েরা মোট অন্তত ৫৫% (তপশিলী, ই.ডব্লু.এস., ও.বি.সি., ট্রান্সজেন্ডার, শারীরিক প্রতিবন্ধী আর দৃষ্টিহীন প্রতিবন্ধী প্রার্থী হলে ৫০%) নম্বর পেয়ে থাকলে কলেজ সার্ভিস কমিশনের 'সেট' পরীক্ষার জন্য আবেদন করতে পারেন। এ'বছর যাঁরা ওইসব বিষয়ের পোস্ট-গ্র্যাজুয়েট কোর্সের ফাইনাল পরীক্ষা দেবেন বা, দিয়েছেন, তারা 'সেট' পরীক্ষা হওয়ার দিন থেকে ২ বছরের মধ্যে পোস্ট-গ্র্যাজুয়েট ডিগ্রি কোর্স পাশের মার্কশীট দেখাতে পারলে ও ওই শতকরা হারে নম্বর পাওয়ার বিষয়ে নিশ্চিত হলেও আবেদনের যোগ্য।

সংশ্লিষ্ট বিষয়ের পোস্ট-গ্র্যাজুয়েট ছেলেমেয়েরা মোট অন্তত ৫৫% (ও.বি.সি., তপশিলী ও প্রতিবন্ধী হলে ৫০%) নম্বর পেয়ে থাকলে 'নেট' পরীক্ষার জন্য আবেদন করতে পারেন। এ'বছরের ফাইনাল পরীক্ষার্থীরা কিংবা যাঁদের পোস্ট-গ্র্যাজুয়েট কোর্সের ফল এখনো বেরোয়নি, তাঁরাও আবেদনের যোগ্য। তবে তাঁদের বেলায় 'নেট' পরীক্ষার ফল বেরোনোর ২ বছরের মধ্যে ওই শতকরা হারে নম্বর পেয়ে পাশ করার বিষয়ে নিশ্চিত থাকতে হবে।

# রাজ্য ও কেন্দ্রীয় সরকারের যেসব পদে এখনো দরখাস্ত করতে পারবেন

রাজ্য ও কেন্দ্রীয় সরকারের বিভিন্ন দফতরে লোক নেওয়ার খবর বেরোলেই তা যথাসময়ে 'কর্মসংস্থান'এ দেওয়া হয়। অনেক ক্ষেত্রে দেখা যায়, প্রার্থী সেই সংখ্যা সংগ্রহ করতে না পারার জন্য দরখাস্ত করতে পারেন না। তাই প্রার্থীদের সুবিধার জন্য এখনো কোন কোন পদে দরখাস্ত করার সুযোগ আছে, তা এক নজরে দেওয়া শুরু হল।

| পদ | যোগ্যতা | শূন্যপদ | শেষ তারিখ | ওয়েবসাইট |
|---|---|---|---|---|
| আই.টি.বি.পি.-তে হেড কনস্টেবল | গ্র্যাজুয়েট | ২৩ | ১১-১১-২২ | www.recruitment.itbpolice.nic.in |
| এন.টি.পি.সি.তে এক্সিকিউটিভ ট্রেনি | গ্র্যাজুয়েট | ৫০ | ১১-১১-২২ | www.careers.ntpc.co.in |
| প্রাইমারি স্কুলে চাকরির জন্য প্রাইমারি 'টেট'এর দরখাস্ত নেওয়া শুরু | উচ্চমাধ্যমিক, গ্র্যাজুয়েট | - | ৩-১১-২২ | www.wbbpe.org |
| আই.টি.বি.পি.-তে হেড কনস্টেবল | উচ্চমাধ্যমিক | ৪০ | ১৭-১১-২২ | www.recruitment.itbpolice.nic.in |
| এয়ারপোর্ট অথরিটিতে জুনিয়র অ্যাসিস্ট্যান্ট | ডিপ্লোমা | ৩২ | ১০-১১-২২ | www.aai.aero |
| আই.টি.বি.পি.-তে ফার্মাসিস্ট | উচ্চমাধ্যমিক ও ফার্মাসি | ২৪ | ২৩-১১-২২ | www.recruitment.itbpolice.nic.in |
| বি.এস.এফ.-এ অ্যাসিস্ট্যান্ট কম্যান্ড্যান্ট | গ্র্যাজুয়েট | ৮ | ২০-১১-২২ | https://rectt.bsf.gov.in |
| দিল্লি সাব-অর্ডিনেটে শিক্ষক, ইন্সপেক্টর, স্টোরকীপার | উচ্চমাধ্যমিক, গ্র্যাজুয়েট | ৬৩২ | ১৮-১১-২২ | http://dsssbonline.nic.in |
| ডি.আর.ডি.ও.-তে অ্যাপ্রেন্টিস | মাধ্যমিক ও আই.টি.আই. | ৩২ | ১০-১১-২২ | http://apprenticeshipindia.gov.in |
| নেভিতে অফিসার | গ্র্যাজুয়েট | ২১৭ | ৬-১১-২২ | www.joinindiannavy.gov.in |
| ন্যাভাল শিপ রিপেয়ারে ট্রেড অ্যাপ্রেন্টিস | আই.টি.আই. | ১৮০ | ২০-১১-২২ | www.apprenticeshipIndia.org |
| কেন্দ্রীয় স্কুলে শিক্ষক হওয়ার জন্য 'সি-টেট'এর দরখাস্ত নেওয়া শুরু | উচ্চমাধ্যমিক, গ্র্যাজুয়েট | - | ২৪-১১-২২ | www.ctet.nic.in |
| আই.টি.বি.পি.-তে কনস্টেবল ও হেড কনস্টেবল | মাধ্যমিক, উচ্চমাধ্যমিক | ১৮৬ | ২৭-১১-২২ | www.recruitment.itbpolice.nic.in |
| ও.এন.জি.সি.-তে অফিসার | গ্র্যাজুয়েট | ৪৮ | ৭-১১-২২ | www.ongcindia.com |
| স্টেট ব্যাঙ্কে অফিসার | গ্র্যাজুয়েট | ১,৪০০ | ৭-১১-২২ | https://bank.sbi/careers |

# পারমাণবিক শক্তি দফতরে
## ৭০ জুনিয়র পারচেজ অ্যাসিস্ট্যান্ট

**নিজস্ব সংবাদদাতা :** কেন্দ্রীয় সরকারের পারমাণবিক শক্তি দফতরের অধীন ডিরেক্টরেট অফ পারচেজ অ্যান্ড স্টোর্স 'জুনিয়র পারচেজ অ্যাসিস্ট্যান্ট' পদে ৭০ জন লোক নিচ্ছে। মোট অন্তত ৬০% নম্বর পেয়ে সায়েন্স শাখার গ্র্যাজুয়েট কিংবা মোট অন্তত ৬০% নম্বর পেয়ে কমার্স শাখার গ্র্যাজুয়েটরা আবেদন করতে পারেন। মেকানিক্যাল, ইলেক্ট্রিক্যাল, ইলেক্ট্রনিক্স, কম্পিউটার সায়েন্সের ডিপ্লোমা কোর্স পাশরা মোট অন্তত ৬০% নম্বর পেয়ে থাকলেও যোগ্য। বয়স হতে হবে ১০-১১-২০২২'র হিসাবে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে। তপশিলী, ও.বি.সি.'রা যথারীতি বয়সে ছাড় পাবেন। মূল মাইনে : ২৫,৫০০-৮১,১০০ টাকা। শূন্যপদ : ৭০টি (জেনাঃ ১৩, ও.বি.সি. ১২, তঃজাঃ ২৩, ই.ডব্লু.এস. ২২)। এই পদের বিজ্ঞপ্তি নং : Advt No. 1/DPS/ 2022.

প্রার্থী বাছাই হবে লিখিত পরীক্ষার মাধ্যমে। ২০০ নম্বরের ২ ঘন্টার পরীক্ষায় অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের প্রশ্ন হবে এইসব বিষয়ে : জেনারেল ইংলিশ, জেনারেল ইন্টেলিজেন্স অ্যান্ড রিজনিং /বেসিক অ্যাকাউন্টিং প্রিন্সিপ্যাল, কোয়ান্টেটিভ অ্যাপ্টিটিউট, জেনারেল নলেজ, কম্পিউটার নলেজ। এরপর ডেসক্রিপ্টিভ টাইপের পার্টে ৩ ঘন্টার ১০০ নম্বরের পরীক্ষায় থাকবে ইংলিশ ল্যাঙ্গোয়েজ অ্যান্ড কমপ্রিহেনশন বিষয়ে। পরীক্ষা হবে ডিসেম্বরে পূর্ব ভারতে কলকাতা ও গুয়াহাটিতে। দরখাস্ত করবেন অনলাইনে, ১০ নভেম্বরের মধ্যে। এই ওয়েবসাইটে : www.dpsdae.gov.in এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের ফটো (৫০ কে.বি.'র মধ্যে, মাপ উচ্চতা ৪.৫× চওড়া ৩.৫ সেমির মধ্যে) ও সিগনেচার (৫০ কে.বি.'র মধ্যে, মাপ উচ্চতা ৪.৫× চওড়া ৩.৫ সেমির মধ্যে) স্ক্যান করে নেবেন। প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। এবার পরীক্ষা ফী বাবদ ২০০ টাকা অনলাইনে দিতে হবে। তপশিলী, মহিলা, প্রাক্তন সমরকর্মী ও প্রতিবন্ধীদের ফী লাগবে না। টাকা জমা দেওয়ার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন।

## বি.পি.এড. কোর্স পাশরাও

১ পাতার পর

ফিজিক্যাল এডুকেশনের ১ বছরের ডিগ্রি (বি.পি.এড.) কোর্স পাশরা ২০১৪ বা, তার আগে পাশ হলেও যোগ্য। সব ক্ষেত্রেই বি.পি.এড. কোর্স পাশ হতে হবে এন.সি.টি.ই.'র স্বীকৃত প্রতিষ্ঠান থেকে।

প্রাথমিক স্কুলে খেলাধুলাকে যথেষ্ট গুরুত্ব দেওয়া হলেও প্রাথমিক স্কুলে কোনো শারীরশিক্ষার শিক্ষক এতদিন পর্যন্ত ছিল না। শারীরশিক্ষার প্রার্থীদের অভিযোগ, বি.এড. বা, ডি.এল.এড. কোর্স পাশ করে যদি 'টেট'এ বসা যায়, তাহলে বি.পি.এড. পাশরা কেন 'টেট' দিতে পারবে না? যেখানে এন.সি.টি.ই. কর্তৃপক্ষ বি.পি.এড. প্রশিক্ষণের বৈধতা দিয়েছে।

প্রাথমিক শিক্ষা পর্ষদের উপসচিব পার্থ কর্মকার জানান, প্রাথমিক স্কুলে খেলাধুলার ওপর রাজ্য সরকার জোর দিয়েছে। এতদিন প্রাথমিকে কোনো খেলার শিক্ষক ছিল না। প্রাথমিকে খেলার শিক্ষক থাকলে ক্রীড়া প্রতিযোগিতায় আরো ভালো ফল করবে প্রাথমিক পড়ুয়া ছেলেমেয়েরা। তাই এবার থেকে বি.পি.এড. কোর্স পাশরাও প্রাইমারি 'টেট' দিতে পারবে। এতদিন পর্যন্ত বি.পি.এড. কোর্স পাশরা শুধুমাত্র স্কুল সার্ভিস কমিশনের মাধ্যমে শারীরশিক্ষা বিষয়ের জন্য যোগ্য ছিলেন।

## কেন্দ্রীয় সংস্থায় ৪৫ টেকনিশিয়ান

নিজস্ব সংবাদদাতা : কেন্দ্রীয় সংস্থা, দ্য ফার্টিলাইজার্স অ্যান্ড কেমিক্যালস ট্রাভাঙ্কোর (এফ.এ.সি.টি.) লিমিটেড 'টেকনিশিয়ান (প্রসেস)' পদে ৪৫ জন লোক নিচ্ছে।

কেমিস্ট্রি, ইন্ডাস্ট্রিয়াল কেমিস্ট্রির ডিগ্রি কোর্স পাশরা যোগ্য। কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং বা, কেমিক্যাল টেকনোলজির ডিপ্লোমা কোর্স পাশরা অপারেশন, অ্যানালিটিক্যাল ফিল্ড, কোয়ালিটি কন্ট্রোল, কেমিক্যাল কন্ট্রোল, প্রসেস কন্ট্রোল, আর অ্যান্ড ডি লার্জ ফার্টিলাইজার, কেমিক্যাল, পেট্রোকেমিক্যাল প্ল্যান্টের ২ বছরের অভিজ্ঞতা থাকলেও যোগ্য। বয়স হতে হবে ৩৫ বছরের মধ্যে অর্থাৎ, জন্ম-তারিখ হতে হবে ১-১০-১৯৮৭ বা, তারপর। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর বয়সে ছাড় পাবেন। ২ বছরের জন্য নেওয়া হবে। পারিশ্রমিক মাসে ২২,০০০ টাকা (২ বছরের অভিজ্ঞতা থাকলে), ২০,০০০ টাকা (১ থেকে ২ বছরের অভিজ্ঞতা থাকলে), ১৮,০০০ টাকা (তপশিলী প্রার্থীদের ১ বছরের অভিজ্ঞতা বা, অভিজ্ঞতা না থাকলে)। ২ বছরের ট্রেনিংয়ে সফল হলে মূল মাইনে : ৯,২৫০-৩২,০০০ টাকা। শূন্যপদ : ৪৫টি (জেনাঃ ১৮, তঃজাঃ ৫, তঃউঃজাঃ ১৩, ই.ডব্লু.এস. ২, ও.বি.সি. ৭)। পোস্ট কোড : 1.

প্রার্থী বাছাই হবে অনলাইন টেস্টের মাধ্যমে। ৯০ মিনিটের পরীক্ষার প্রথম পার্টে ৩০টি প্রশ্ন হবে অ্যাপ্টিটিউড ও রিজনিং বিষয়ে আর ৬০টি প্রশ্ন হবে সংশ্লিষ্ট বিষয়ের ওপর। প্রথম পার্টে প্রতিটি প্রশ্নে থাকবে ১ নম্বর। নেগেটিভ মার্কিং আছে। প্রতিটি প্রশ্নের ভুল উত্তরের জন্য প্রাপ্ত নম্বর থেকে ০.৩৩ নম্বর কাটা হবে। দ্বিতীয় পার্টে প্রতিটি প্রশ্নে থাকবে ১.৫ নম্বর। নেগেটিভ মার্কিং আছে। প্রতিটি প্রশ্নের ভুল উত্তরের জন্য প্রাপ্ত নম্বর থেকে ০.৫০ নম্বর কাটা হবে। প্রশ্ন হবে ইংরিজি ও হিন্দিতে। সাধারণ প্রার্থীরা ৪০% (তপশিলী হলে ৩০%) নম্বর পেলে সফল হবেন। এরপর সার্টিফিকেট ভেরিফিকেশন। প্রার্থী বাছাই পরীক্ষা হবে কোচিতে। এই পদের বিজ্ঞপ্তি নং : 11/2022 dated 25.10.2022.

দরখাস্ত করবেন অনলাইনে, ১৬ নভেম্বরের মধ্যে। এই ওয়েবসাইটে : www.fact.co.in এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের ফটো ও সিগনেচার স্ক্যান করে নেবেন। তারপর পরীক্ষা ফী বাবদ ৫৯০ (তপশিলী, প্রাক্তন সমরকর্মীদের ফী লাগবে না) টাকা অনলাইনে দিতে হবে। টাকা জমা দেওয়ার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন ওপরের ওই ওয়েবসাইটে।

## ৮ কেন্দ্রীয় বাহিনীতে ২৪,৩৬৯ কনস্টেবল

৮ পাতার পর

কেন্দ্র : কলকাতা (কোড ৪৪১০), শিলিগুড়ি (৪৪১৫), হুগলি (৪৪১৮), পোর্ট ব্লেয়ার (৪৮০২), গ্যাংটক (৪০০১), কটক (৪৬০৫), সম্বলপুর, (৪৬০৯), দিসপুর (গুয়াহাটি) (৫১০৫), শিলচর (৫১১১), আগরতলা (৫৬০১), ইটানগর (৫০০১), শিলঙ (৫৪০১), ইম্ফল (৫৫০১), আইজল (৫৭০১), ডিব্রুগড় (৫১০২), কোহিমা (৫৩০২), পটনা (৩২০৬), ভুবনেশ্বর (৪৬০৪) ও রাঁচি (৪২০৫); বেরহামপুর (৪৬০২)।

কম্পিউটার বেসড পরীক্ষায় সফল হলে 'শারীরিক মাপজোখের পরীক্ষা (PST)' ও 'শারীরিক সক্ষমতার পরীক্ষার (PET)' জন্য ডাকা হবে। তখন সব সার্টিফিকেট পরীক্ষা করা হবে।

শারীরিক মাপজোখের পরীক্ষায় প্রথমে থাকবে ছেলেদের বেলায় ২৪ মিনিটে ৫ কিমি দৌড় আর মেয়েদের বেলায় ৮.৩০ মিনিটে ১.৬ কিমি দৌড়। অ্যাডমিট কার্ড ডাকে পাঠানো হবে না। ই-অ্যাডমিট ডাউনলোড করতে পারবেন, এই ওয়েবসাইট থেকে : www.crpf.nic.in

সফল হলে ডাক্তারি পরীক্ষা হবে। চূড়ান্ত তালিকা তৈরির সময় লিখিত পরীক্ষার নম্বর দেখা হবে। শারীরিক মাপজোখ বা, শারীরিক সক্ষমতায় পাওয়া নম্বর দেখা হবে না। প্রতিটি রাজ্যের জন্য আলাদা মেধা তালিকা তৈরি হবে। সাধারণ প্রার্থীরা ৩০% আর ও.বি.সি./ই.ডব্লু.এস. প্রার্থীরা ২৫% আর অন্যান্য ক্যাটেগরির প্রার্থীদের বেলায় ২০% নম্বর পেলে সফল হবেন। এন.সি.সি.'র 'সি' সার্টিফিকেট পাশরা ৫%, 'বি' সার্টিফিকেট পাশরা ৩% আর 'এ' সার্টিফিকেট পাশরা ২% নম্বর পাবেন। পরীক্ষা সংক্রান্ত আরো বিস্তারিত তথ্য পাবেন এই ওয়েবসাইটে : www.ssc.nic.in

দরখাস্ত করতে পারবেন অনলাইনে, ৩০ নভেম্বরের মধ্যে। এই ওয়েবসাইটে : www.ssconline.nic.in, www.ssc.nic.in>Apply>GD-Constable এজন্য একটি বৈধ ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের রঙিন ফটো (৪ থেকে ২০ কেবির মধ্যে) ও সিগনেচার (১ থেকে ১২ কেবির মধ্যে) স্ক্যান করে নেবেন। প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তারপর পরীক্ষা ফী বাবদ ১০০ টাকা ইউ.পি.আই., ভীম, নেট ব্যাঙ্কিং, ডেবিট কার্ড, ক্রেডিট কার্ডের মাধ্যমে কিংবা স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়ার চালানের মাধ্যমে জমা দিতে পারবেন। অনলাইনে ফী জমা দিতে পারবেন ১ ডিসেম্বরের মধ্যে আর অফলাইনে ফী জমা দিতে পারবেন ১ ডিসেম্বরের মধ্যে (চালান তৈরি হবে ৩০ নভেম্বরের মধ্যে)। তপশিলী জাতি, তপশিলী উপজাতি, মহিলা ও প্রাক্তন সমরকর্মীদের ফী লাগবে না। ফর্ম পূরণ করতে অসুবিধা হলে ফোন করতে পারেন এই নম্বরে : ০৯৪৭৭৪৬১২২৮, ০৩৩-২২৯০২২৩০.


**SSC GD** স্পেশাল কোচিং-এ ভর্তি চলছে হিন্দি এবং ইংরেজিতে

INDIAN FORCE ACADEMY

ব্যারাকপুর আর্মি র‍্যালির মাঠ ও মেডিক্যাল ফিট ছেলে-মেয়েদের লিখিত পরীক্ষার কোচিং শুরু হচ্ছে ২০ নভেম্বর ২০২২

Call : 9836635555

আইফা-থেকে সাফল্য পাওয়া ছাত্র-ছাত্রীদের মধ্যে কয়েকজন




প্রতিদিন ৩টি করে সপ্তাহে ৭দিন বিষয়ভিত্তিক ক্লাস। কমনযোগ্য নোটস ও মেটেরিয়ালস। সাপ্তাহিক ক্লাস টেস্ট ও মকটেস্ট। অঙ্ক, ইংরেজিতে দুর্বল প্রার্থীদের বিশেষ নজরদারী

বহিরাগত ছেলে-মেয়েদের পৃথক হোস্টেলের ব্যবস্থা।

HEAD OFFICE: রাইগাছি শেষ মোড়, পোস্ট ও থানা - রাজারহাট (লোটাস হসপিটালের সন্নিকটে), কলকাতা - ১৩৫

Admission Helpline : 9836635555

**৮ বাহিনীতে ২৪৩৬৯ কনস্টেবল**

নিশ্চিত সাফল্যের ঠিকানা একটাই

**ICS Defence Academy**

পাঁজির মোড়, চাকদহ, নদিয়া

786-400-2150 / 97348-65456

ফোন করুন : 10 am - 4 pm (কোন শাখা নেই)

BSF * CRPF * CISF * ITBP
SSB * SSF * NCB * AR

**SSC** আট বাহিনী কনস্টেবল (GD)

আট বাহিনীর ব্যাচ শুরু হচ্ছে 16 নভেম্বর থেকে

কোর্স-ফি : 5000 টাকা

দূরের ছাত্রদের থাকা খাওয়ার খরচ আলাদা

নিশ্চিত সাফল্যের জন্য

ক্লাস নিচ্ছেন রাজ্যের প্রথম সারির পত্র-পত্রিকার লেখক ও গবেষকরা

এছাড়া রাজ্য পুলিশ, কলকাতা পুলিশ, লেডি কনস্টেবল, রেল গ্রুপ-ডি ইত্যাদি পরীক্ষার নিবিড় প্রশিক্ষণ চলছে

786-400-2150 / 97348-65456

ফোন করুন কেবলমাত্র 10 am - 4 pm এর মধ্যে

# এক নজরে সাপ্তাহিক ঘটনাপ্রবাহ

গত সপ্তাহের পর ☞

**১৩ অক্টোবর :** ইরাকের প্রেসিডেন্ট হিসাবে মনোনীত হলেন আব্দুল লতিফ রশিদ।

❑ 'ন্যাশনাল ডিজাস্টার ম্যানেজমেন্ট অথরিটি'র ডিরেক্টর হিসাবে মনোনীত হলেন মৃণালিনী শ্রীবাস্তব।

❑ 'বন্ধন ব্যাঙ্ক'এর প্রচারদূত হিসাবে মনোনীত হলেন প্রাক্তন ভারতীয় ক্রিকেটার সৌরভ গঙ্গোপাধ্যায়।

❑ ভারতে 'প্লে পয়েন্টস প্রোগ্রাম' চালু করল গুগল। এর ফলে, ব্যবহারকারীরা গুগল প্লে স্টোর থেকে কিছু কিনলে (যেমন, বিভিন্ন ধরনের অ্যাপ আইটেম, অ্যাপ, গেম ও অন্যান্য সাবস্ক্রিপশন) তাঁরা পয়েন্ট সংগ্রহ করতে পারবেন। এই প্লে পয়েন্ট প্রোগ্রামের মোট ৪টি লেভেল রয়েছে — ব্রঞ্জ, সিলভার, গোল্ড ও প্ল্যাটিনাম। এই ৪টি লেভেলের মাধ্যমে বিভিন্ন ধরনের পুরস্কার জিতে নিতে পারবেন ব্যবহারকারীরা। যিনি যত বেশি পয়েন্ট সংগ্রহ করবেন, তিনি তত বেশি আকর্ষণীয় পুরস্কার জিতে নিতে পারবেন। ফলে, এখন ভারতকে নিয়ে মোট ২৮টি দেশে গুগলের এই প্রোগ্রাম চালু হয়েছে।

❑ ভারতের দক্ষিণ প্রতিবেশী দ্বীপরাষ্ট্র মলদ্বীপে 'দ্য ট্যাপিং জোন' আবিষ্কার করলেন বিজ্ঞানীরা। এই ট্যাপিং জোন হল একটি নতুন বাস্তুতন্ত্র, যা ভূপৃষ্ঠের প্রায় ৫০০ মিটার নীচে আবিষ্কার করা হয়েছে। এটিকে 'মহাসাগরীয় জীবনের মরূদ্যান' হিসাবে বর্ণনা করা হয়েছে। 'ওমেগা সিমাস্টার II' নামে সাবমার্সিবল ক্যামেরা ব্যবহার করে এই বাস্তুতন্ত্রের খোঁজ পেয়েছেন বিজ্ঞানীরা। 'নেকটন মলদ্বীপ মিশন'এর অধীনে বিজ্ঞানীরা এটি আবিষ্কার করেছেন। প্রসঙ্গত উল্লেখ্য; নেকটন হল একধরনের সামুদ্রিক প্রাণী প্রজাতি, যারা বাতাস ও জলের স্রোতের বিরুদ্ধে স্বাধীনভাবে সাঁতার কাটতে সক্ষম। এই ধরনের প্রজাতির মধ্যে রয়েছে হাঙ্গর (কর্ডেট নেকটন বিভাগের অধীনে), অক্টোপাস ও স্কুইড (মোলাস্কান নেকটন বিভাগের অধীনে), বাগদা চিংড়ি ও গলদা চিংড়ি (আর্থ্রোপড নেকটন বিভাগের অধীনে)।

**১৪ অক্টোবর :** কুয়েতে, ভারতের রাষ্ট্রদূত হিসাবে মনোনীত হলেন ড.আদর্শ স্বাইকা।

❑ বেঙ্গালুরুর সংস্থা 'থিঙ্ক ট্যাঙ্ক'এর তরফ থেকে ২০২২ সালে প্রকাশিত 'পাব্লিক অ্যাফেয়ার্স ইনডেক্স'এ ১৮টি বড় রাজ্যের মধ্যে সেরা শাসিত রাজ্যের শিরোপা পেল হরিয়ানা। হরিয়ানার স্কোর ০.৬৯৪৮। এরপর রয়েছে তামিলনাড়ু, কেরালা, ছত্তিশগড়, পঞ্জাব ও কর্ণাটক। কেন্দ্রীয় সরকারের তথ্যের ওপর ভিত্তি করে রাজ্যগুলিকে বড় ও ছোট ২ ভাগে বিভক্ত করা হয়। ১০টি ছোট রাজ্যের মধ্যে শীর্ষ স্থান দখল করেছে সিকিম।

❑ রাজস্থানের বিকানের জেলায়, ১,১৯০ মেগাওয়াট সৌর বিদ্যুৎ কেন্দ্র স্থাপন করার সিদ্ধান্ত নিল 'কোল ইন্ডিয়া লিমিটেড'। এজন্য 'রাজস্থান বিদ্যুৎ উৎপাদন নিগম লিমিটেড'এর সঙ্গে ৫,৪০০ কোটি টাকার একটি সমঝোতা চুক্তি স্বাক্ষর করেছে 'কোল ইন্ডিয়া লিমিটেড'।

❑ দক্ষিণ কোরিয়ার জেজুতে অনুষ্ঠিত, 'ওয়ার্ল্ড গ্রিন সিটি পুরস্কার ২০২২'এ 'ইন্টারন্যাশনাল অ্যাসোসিয়েশন অফ হর্টিকালচার প্রোডিউসার্স'এর তরফ থেকে 'ওয়ার্ল্ড গ্রিন সিটি পুরস্কার' ও 'লিভিং গ্রিন ফর ইকোনমিক রিকোভারি অ্যান্ড ইনক্লুসিভ গ্রোথ' পুরস্কার পেল তেলেঙ্গানার শহর হায়দরাবাদ। প্যারিস, মেক্সিকো সিটি, মন্ট্রিল, ফোর্তালেজা ও বোগোটা'র মতো শহরগুলিকে হারিয়ে এই পুরস্কার পেল হায়দরাবাদ। এছাড়াও, একমাত্র ভারতীয় শহর হিসাবে এই খ্যাতি অর্জন করল তারা। মোট ৬টি বিভাগে এই পুরস্কার দেওয়া হয়েছে।



শ্রীলঙ্কাকে ৮ উইকেটে হারিয়ে, ২০২২ সালে মহিলাদের টোয়েন্টি-২০ এশিয়া কাপ জিতল ভারত।

❑ মিশরের কায়রোতে অনুষ্ঠিত 'আইএসএসএফ বিশ্ব চ্যাম্পিয়নশিপ'এ পুরুষদের ১০ মিটার এয়ার রাইফেল বিভাগে সোনার পদক পেলেন ভারতীয় শ্যুটার ১৮ বছর বয়সি রুদ্রাঙ্কশ পাটিল। অভিনব বিন্দ্রার পর, দ্বিতীয় ভারতীয় হিসাবে এই কৃতিত্ব অর্জন করলেন তিনি। ফাইনাল ম্যাচে ইতালির দানিলো ডেনিস সোলাজ্জোকে ১৭-১৩ ব্যবধানে হারিয়েছেন তিনি। এর ফলে, দেশের হয়ে ২০২৪ সালের 'প্যারিস অলিম্পিক'এ খেলার যোগ্যতা অর্জন করলেন রুদ্রাংশ।

**১৫ অক্টোবর :** বসনিয়া ও হার্জেগোভিনায়, ভারতের পরবর্তী রাষ্ট্রদূত হিসাবে মনোনীত হলেন পার্থ সতপতী।

❑ 'কর্ণাটক স্টেট ক্রিকেট অ্যাসোসিয়েশন'এ এক অনুষ্ঠান চলার সময়, ২০১৯ সালের 'স্পোর্টস জার্নালিস্ট ফেডারেশন অফ ইন্ডিয়া' পদক পেলেন কিংবদন্তি ব্যাডমিন্টন তারকা প্রকাশ পাড়ুকোন। কোভিড-১৯ প্রাদুর্ভাবের কারণে ২০১৯ সালের এই পুরস্কার অনুষ্ঠান এতদিন স্থগিত ছিল। প্রসঙ্গত উল্লেখ্য, ২০১৮ সালে প্রথমবার এই পুরস্কার চালু হওয়ার পর, এই পুরস্কার পান বিজয় অমৃতরাজ।

❑ ২০২২ সালে 'বিশ্ব ক্ষুধা সূচক'এ ১২১টি দেশের মধ্যে ১০৭ তম স্থান পেল ভারত। ভারতের স্কোর ২৯.১। এই ক্ষুধার মাত্রাকে 'গুরুতর' হিসাবে চিহ্নিত করেছে 'বিশ্ব ক্ষুধা সূচক'এর প্রকাশক 'কনসার্ন ওয়ার্ল্ডওয়াইড' ও 'ওয়েলথাঙ্গারহিলফে'। প্রতিবেশী দেশ পাক-ই-স্তান (৯৯), শ্রীলঙ্কা (৬৪), বাংলাদেশ (৮৪), নেপাল (৮১) ও মায়ানমার (৭১)-এর স্থানও ভারতের ওপরে। প্রসঙ্গত উল্লেখ্য, এই তালিকায় প্রথম ৫টি দেশের মধ্যে রয়েছে বেলারুশ, বসনিয়া অ্যান্ড হারজেগোভিনা, চিলি, চিন ও ক্রোয়েশিয়া।

**১৬ অক্টোবর :** স্লোভাক প্রজাতন্ত্রে, ভারতের রাষ্ট্রদূত হিসাবে মনোনীত হলেন অপূর্বা শ্রীবাস্তব।

❑ বিশিষ্ট চিকিৎসক তথা ওআরএস'এর স্রষ্টা ড.দিলীপ মহলানবীশ (৮৮-বছর) মারা গেলেন।

❑ মাছ উৎপাদনে বিশ্বের মধ্যে তৃতীয় স্থান পেল ভারত। বেঙ্গালুরুতে 'ইনল্যান্ড ফিশ প্রোডিউসার্স মিট'এ এদিন এই ঘোষণা করেন কেন্দ্রীয় মৎস্য, পশুপালন ও দুগ্ধজাত প্রতিমন্ত্রী ড.লোগানাথন মুরুগান। এছাড়াও, চিনের পর, বিশ্বের দ্বিতীয় বৃহত্তম অ্যাকোয়াকালচারের দেশ ভারত। ড.এল.মুরুগান এদিন জানিয়েছেন, গত ৮ বছরে মাছের উৎপাদন, রফতানি ও পরিকাঠামোগত উন্নয়নের জন্য বেশ কিছু পদক্ষেপ নিয়েছে কেন্দ্রীয় সরকার। কর্ণাটকের কথা উল্লেখ করে তিনি বলেছেন, মাছ সংক্রান্ত পরিকাঠামোগত উন্নয়নের জন্য ২০২০-'২১ আর্থিক বছর থেকে এখনও পর্যন্ত 'প্রধানমন্ত্রী মৎস্য সম্পদ যোজনা'র অধীনে রাজ্যে ৭৩৪.৭৭ কোটি টাকা বরাদ্দ করা হয়েছে। এই প্রকল্পের অধীনে, ম্যাঙ্গালোর ফিশিং বন্দরের তৃতীয় ধাপের সম্প্রসারণ, গাঙ্গোলি ফিশিং বন্দরের দ্বিতীয় ধাপ, আলভেকোডি ও থেঙ্গিনাগুন্ডি ফিশ ল্যান্ডিং সেন্টার সম্পূর্ণ করতে ৫৩ কোটি টাকারও বেশি আর্থিক সুবিধা দেওয়া হয়েছে।

❑ মধ্য প্রদেশের ভোপালে, ভারতের প্রথম হিন্দি ভাষায় এমবিবিএস কোর্সের বই প্রকাশ করলেন কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ। মধ্য প্রদেশ সরকার যে হিন্দি ভাষায় শিক্ষাদানের প্রকল্প চালু করেছে, তারই অধীনে এই এমবিবিএস কোর্সের বইগুলি প্রকাশ করা হল। দেশের প্রথম রাজ্য হিসাবে হিন্দি ভাষায় এমবিবিএস কোর্স শুরু করেছে মধ্য প্রদেশ। এই বইগুলির মাধ্যমে হিন্দি ভাষায় চিকিৎসা শিক্ষা গ্রহণ করা যাবে। অ্যানাটমি, ফিজিওলজি ও বায়োকেমিস্ট্রি বিষয়ের বইগুলির হিন্দি সংস্করণ এদিন প্রকাশ করা হয়েছে। প্রাথমিকভাবে হিন্দিতে এই ৩টি বিষয় পড়াশোনা করা যাবে।

❑ একটি শীর্ষস্থানীয় আন্তর্জাতিক গবেষণা সংস্থা 'মর্ডর ইন্টেলিজেন্স প্রাইভেট লিমিটেড'এর তরফ থেকে, বাসমতি চালের বিশ্ব বাজার নিয়ে করা এক সমীক্ষা অনুযায়ী, 'বিশ্বের ১ নম্বর বাসমতি চাল ব্র্যান্ড'এর তকমা পেল 'কেআরবিএল লিমিটেড'এর ব্র্যান্ড 'ইন্ডিয়া গেট' বাসমতি চাল। মার্কিন যুক্তরাষ্ট্র, ইউরোপ, এশিয়া-প্যাসিফিক, মধ্যপ্রাচ্য ও আফ্রিকার মতো মহাদেশ জুড়ে সাদা ও বাদামি বাসমতি চালের শ্রেণিগুলিকে নিয়ে এই গবেষণা করা হয়েছে। প্রসঙ্গত উল্লেখ্য, ভারতে তৈরি এই বাসমতি চালের ব্র্যান্ড 'ইন্ডিয়া গেট' প্রতি বছর সফলভাবে ৯০টিরও বেশি দেশে ৮ কোটিরও বেশি প্যাক রফতানি করে।

❑ 'ভুবনেশ্বর রেলওয়ে স্টেশন'এ, ভারতের প্রথম অ্যালুমিনিয়াম মালবাহী রেকের উদ্বোধন করলেন কেন্দ্রীয় রেলমন্ত্রী অশ্বিনী বৈষ্ণব, যেটির নাম-'61 BOBRNALHSM1'। মালবাহী পরিবহণের আধুনিকীকরণ ও ভারতীয় রেলের কার্বন নির্গমন কমাতে এই অ্যালুমিনিয়াম রেকগুলি তৈরি করা হয়েছে। 'রিসার্চ ডিজাইন অ্যান্ড স্ট্যান্ডার্ডস অর্গানাইজেশন', 'হিন্দালকো' ও 'বেস্কো ওয়াগন'এর সহযোগিতায় এই অ্যালুমিনিয়াম রেক তৈরি করা হয়েছে। এই রেকগুলি এখনকার ইস্পাতের রেকগুলির তুলনায় প্রায় ১৮০ টন হালকা। ইস্পাতের রেকের তুলনায় ৫-১০% বেশি পেলোড বহন করতে পারে এই রেকগুলি। এর ফলে একদিকে যেমন রেলের শক্তি কম খরচ হবে, তেমনই বেশি মাল বহন করার ক্ষমতাও বাড়বে।



সর্বকনিষ্ঠ দাবাড়ু হিসাবে, বিশ্ব বিখ্যাত দাবা খেলোয়াড় নরওয়ের ম্যাগনেস কার্লসেনকে হারিয়ে ইতিহাস গড়লেন ভারতের দোম্মারাজু গুকেশ। 'এমচেজ র‍্যাপিড অনলাইন টুর্নামেন্ট'এ এই নজির গড়লেন তিনি।


❑ কনিষ্ঠতম ক্রিকেটার হিসাবে, আইসিসি পুরুষদের টোয়েন্টি-২০ বিশ্বকাপে খেলতে নেমে নজির গড়লেন সংযুক্ত আরব আমিরশাহীর ক্রিকেটার আয়ান আফজল খান। মাত্র ১৬ বছর ৩৩৫ দিন বয়সে এই বিশ্বকাপে খেলতে নেমেছেন তিনি। এতদিন কনিষ্ঠতম খেলোয়াড় হিসাবে পুরুষদের টোয়েন্টি-২০ বিশ্বকাপে খেলতে নামার নজির ছিল পাক-ই-স্তানের মহম্মদ আমিরের (২০০৯ সালের বিশ্বকাপে, তাঁর বয়স ছিল ১৭ বছর ৫৫ দিন) দখলে। অর্থাৎ, এই প্রথম ১৭ বছরের নীচে কোনো ক্রিকেটার পুরুষদের টোয়েন্টি-২০ বিশ্বকাপে খেলছেন।

**১৭ অক্টোবর :** সুইডেনের প্রধানমন্ত্রী হিসাবে মনোনীত হলেন উলফ ক্রিস্টারসন।

❑ 'আদানি এয়ারপোর্ট হোল্ডিংস লিমিটেড'এর চিফ এক্সিকিউটিভ অফিসার হিসাবে মনোনীত হলেন অরুন বনসল।

❑ 'জেপি মর্গ্যান ভারত'এর প্রধান হিসাবে মনোনীত হলেন কৌস্তভ কুলকার্নি।

❑ 'প্রধানমন্ত্রী জন ধন যোজনা'র অধীনে, বেসিক ব্যাঙ্ক অ্যাকাউন্টগুলিতে মোট ব্যালেন্স ১.৭৫ লাখ কোটি টাকা ছাড়ালো। সরকারি তথ্য অনুসারে, ২০২২ সালের ৫ অক্টোবর পর্যন্ত মোট ব্যালেন্স দাঁড়িয়েছে ১,৭৫,২২৫ কোটি ও মোট সুবিধাভোগীর সংখ্যা ৪৭ কোটি ছুঁয়েছে।



২০২২ সালে 'বুকার পুরস্কার' পেলেন শ্রীলঙ্কার লেখক শেহান করুনাতিলাকা। গৃহযুদ্ধের নিষ্ঠুরতা ও মৃত্যু পরবর্তী জীবন নিয়ে লেখা উপন্যাস 'The Seven Moons of Maali Almeida'এর জন্য এই পুরস্কার পেলেন তিনি। মাইকেল ওন্ডাতজে'র পর (১৯৯২ সালে 'The English Patient' বইটির জন্য 'বুকার পুরস্কার' পান তিনি), দ্বিতীয় শ্রীলঙ্কান লেখক হিসাবে এই পুরস্কার পেলেন তিনি। প্রসঙ্গত উল্লেখ্য, ১৯৬৯ সাল থেকে 'বুকার পুরস্কার' দেওয়া হচ্ছে। ইংরেজি ভাষায় লেখা ব্রিটেনে প্রকাশিত কথাসাহিত্য এই পুরস্কারের জন্য বিবেচিত হয়।

❑ স্বাধীনতার ৭৫ বছর পূর্তি উপলক্ষ্যে, দেশের ৭৫টি জেলায় ৭৫টি ডিজিটাল ব্যাঙ্কিং ইউনিট চালু করলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। দেশের প্রতিটি কোণায় ডিজিটাল ব্যাঙ্কিংয়ের সুবিধা পৌঁছে দিতে এই ইউনিটগুলি চালু হয়েছে। এর মাধ্যমে সেভিংস অ্যাকাউন্ট খোলা, ব্যালেন্স চেক করা, পাসবই আপডেট, আর্থিক লেনদেন, ফিক্সড ডিপোজিট, ঋণের আবেদন, চেক জমা সহ প্রভৃতি কাজ করতে পারবেন গ্রাহকরা। এই ৭৫টি ডিজিটাল ব্যাঙ্কিং ইউনিটের তালিকায় রয়েছে এ'রাজ্যের দক্ষিণ ২৪ পরগনা জেলার সোনারপুরের গ্রিনপার্কের একটি বেসরকারি ব্যাঙ্কের ইউনিটও। ১১টি সরকারি ব্যাঙ্ক, ১২টি বেসরকারি ব্যাঙ্ক ও ছোট একটি আর্থিক সংস্থা এই উদ্যোগে অংশ নিয়েছে।

❑ অসমের আইআইটি গুয়াহাটিতে, 'পরম কামরূপা' নামে সুপারকম্পিউটার সুবিধা চালু করলেন ভারতের রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু। অসমে, তাঁর প্রথম সফরের সময় এই সুবিধা চালু করেছেন তিনি। 'ন্যাশনাল সুপারকম্পিউটিং মিশন'এর অধীনে, এই অত্যাধুনিক সুপারকম্পিউটারটি তৈরি করা হয়েছে। এই সুবিধাটি বিভিন্ন বৈজ্ঞানিক ক্ষেত্রে উন্নত গবেষণা পরিচালনা করতে সক্ষম হবে।

❑ 'আলিগড় মুসলিম বিশ্ববিদ্যালয়'এর প্রতিষ্ঠাতা স্যার সৈয়দ আহমদ খানের ২০৫ তম জন্মবার্ষিকী উপলক্ষ্যে, ২০২২ সালে 'স্যার সৈয়দ এক্সেলেন্স আন্তর্জাতিক পুরস্কার' পেলেন বিখ্যাত মার্কিনি ইতিহাসবিদ তথা অধ্যাপিকা বারবারা ড্যালি মেটকাফ। ভারত ও পাক-ই-স্তানের মুসলিম জনসংখ্যার ইতিহাস নিয়ে লেখালেখি করেছেন তিনি। 'ক্যালিফোর্নিয়া বিশ্ববিদ্যালয়'এর ইতিহাস বিষয়ের এমেরিটাস অধ্যাপিকা হিসাবে এখন কর্মরত তিনি।

☞ এরপর আগামী সপ্তাহে

সঙ্কলক : পল্লবী দেওয়ান

**বিশেষ বিজ্ঞপ্তি**

কর্মসংস্থান পত্রিকায় প্রকাশিত যে কোনো বিতর্কিত আলোচনা বা, নিবন্ধের যাবতীয় দায়িত্ব লেখকের। কর্মসংস্থান কর্তৃপক্ষ কোনোভাবেই এজন্য দায়ী থাকবে না। ওই মতামত কারো পছন্দসই না হলে, প্রতিবাদ জানাতে পারেন। সেক্ষেত্রে তাও যথাযোগ্য মর্যাদায় ছাপা হবে। কারণ, এটি গণমাধ্যম।

## নতুন সিলেবাস অনুযায়ী

# প্রাইমারি টেট



প্রাইমারি স্কুলে চাকরির জন্য পশ্চিমবঙ্গ প্রাথমিক শিক্ষা পর্যদের ২০২২ সালের 'টিচার্স এলিজিবিলিটি টেস্ট' বা 'TET' হবে ১১ ডিসেম্বর, রবিবার। সারা রাজ্যে একই দিনে। ১৫০ নম্বরের টেস্টে থাকবে এই ৫টি বিষয় : (১) শিশু মনস্তত্ত্ব ও উন্নয়ন-৩০ নম্বর, (২) প্রথম ভাষা (যে মাধ্যমের স্কুলে দরখাস্ত করবেন সেই ভাষা) -৩০ নম্বর, (৩) দ্বিতীয় ভাষা (ইংরিজি) - ৩০ নম্বর, (৪) অঙ্ক - ৩০ নম্বর, (৫) পরিবেশ বিজ্ঞান -৩০ নম্বর। প্রশ্ন হবে অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের। প্রতিটি প্রশ্নে থাকবে ১ নম্বর। নেগেটিভ মার্কিং নেই। এই পরীক্ষায় ঠিক যে ধরনের প্রশ্ন আসার সম্ভাবনা, নতুন সিলেবাস অনুযায়ী তেমনই ১৫০টি প্রশ্নোত্তর তৈরি করেছেন চাকরির পরীক্ষায় বিশেষজ্ঞ প্রদীপ পাত্র।

## Bengali

গল্পটা সবাই জানে।
কিন্তু সেই গল্পের ভিতরে
শুধুই প্রশস্তিবাক্য-উচ্চারক কিছু
আপাদমস্তক ভিতু, ফন্দিবাজ অথবা নির্বোধ
স্তাবক ছিল না।
একটি শিশুও ছিল।
সত্যবাদী, সরল, সাহসী একটি শিশু।

নেমেছে গল্পের রাজা বাস্তবের প্রকাশ্য রাস্তায়।
আবার হাততালি উঠছে মুহুর্মুহু;
জমে উঠেছে
স্তাবকবৃন্দের ভিড়।
কিন্তু সেই শিশুটিকে আমি
ভিড়ের ভিতরে আজ কোথাও দেখছি না।

শিশুটি কোথায় গেল? কেউ কি কোথাও তাকে কোনো
পাহাড়ের গোপন গুহায়
লুকিয়ে রেখেছে?
নাকি সে পাথর-ঘাস-মাটি নিয়ে খেলতে খেলতে
ঘুমিয়ে পড়েছে
কোনো দূর
নির্জন নদীর ধারে কিংবা কোন প্রান্তরের গাছের ছায়ায়?
যাও, তাকে যেমন করেই হোক
খুঁজে আনো।

**সঠিক উত্তরটি নির্বাচন করুন :**

1. 'গল্পটা সবাই জানে' — এখানে কোন গল্পের কথা বলা হয়েছে? (a) নীরেন্দ্রনাথ চক্রবর্তীর 'উলঙ্গ রাজা' (b) টলস্টয়ের বিখ্যাত গল্প 'The Naked King' (c) রবীন্দ্রনাথ ঠাকুরের 'প্রশ্ন' (d) সুকান্ত ভট্টাচার্যের 'স্তাবক'
2. এই গল্পে একটি শিশুও ছিল। শিশুটি কেমন — (a) ভীতু (b) সুবিধাবাদী (c) স্তাবক (d) সত্যবাদী, সাহসী
3. আবার হাততালি উঠেছে মুহুর্মুহু — এই হাততালি মুহুর্মুহু দেওয়ার কারণ কী? (a) ছেলেটি সরল, সাহসী ও সত্যবাদী গুণ দেখে (b) রাজা উলঙ্গ দেখে (c) গল্পের রাজা বাস্তবের প্রকাশ্য রাস্তায় নেমেছে বলে (d) স্তাবক বৃন্দ রাজার তোষামোদি করে হাততালি দিচ্ছে
4. 'শিশুটিকে ভিড়ের মধ্যে আর দেখা যাচ্ছে না।' শিশুটি সম্বন্ধে লেখকের মনে জেগে ওঠা শেষ প্রশ্ন কোনটি? (a) সে পাথর-মাটি-ঘাস নিয়ে খেলতে খেলতে ঘুমিয়ে পড়েছে (b) কেউ কি কোথাও তাকে কোনো পাহাড়ের গোপন গুহায় লুকিয়ে রেখেছে (c) নির্জন নদীর ধারে কিংবা পথের প্রান্তরে গাছের ছায়ায় (d) মানুষের ভিড়ের মধ্যে মিশে গিয়েছে
5. 'নির্জন' শব্দটি কী পদ? (a) বিশেষ্য (b) বিশেষণ (c) বিশেষ্যের বিশেষণ (d) বিশেষণের বিশেষণ
6. 'আপাদমস্তক' শব্দটির সমাস নির্ণয় করুন। (a) উপপদ তৎপুরুষ (b) তৃতীয়া তৎপুরুষ (c) ব্যাপ্তি তৎপুরুষ (d) অপাদান তৎপুরুষ
7. 'ভীতু' শব্দটির প্রকৃতি প্রত্যয় নির্ণয় করুন। (a) ভীত + তু (b) ভী + উ (c) ভীত + উ (d) ভীত + উ

কলাকৈবল্যবাদীদের আমি প্রশ্ন করবো : নাটকের মূল উপলব্ধির আলয় যে জাগতিক নিরীক্ষা, তার সঙ্গে আমাদের স্বকীয় জাগতিক নিরীক্ষার বিরোধ যদি মৌলিক হয় তবে কি ঐ-নাটকের সম্যক রসসম্ভোগ অব্যাহত থাকবে? সাহিত্য-বিশেষজ্ঞের সুশীতল সাধুবাদের পক্ষে অবশ্য কবি ও তাঁর পাঠকের মধ্যে হার্দ্য বিচ্ছেদ মস্ত বাধা নয় জানি, কিন্তু আমি বলছি সেই রসগ্রহের কথা যাতে অন্তঃকরণের প্রতিটি তার ঝংকার দিয়ে ওঠে। তেমন ক'রে সাড়া দেওয়ার কথা ভাবলে কি টি এস এলিয়টের মতো আমরাও মানতে বাধ্য নই যে তত্ত্বের এবং তর্কের খাতিরে যা-ই বলি কাব্যর রসম্ভোগ আমাদের মৌল বিশ্বাস-অবিশ্বাসের দ্বারা কতকটা প্রভাবিত হয়?।

**সঠিক উত্তরটি নির্বাচন করুন :**

8. এখান 'কাব্যরসসম্ভোগ' অর্থে লেখক কী বুঝিয়েছেন? (a) সব ধরণের সাহিত্যের রস পান (b) শুধু কবিতার রস উপলব্ধি করা (c) শুধু টি.এস.এলিয়টের কবিতার রস উপলব্ধি করা (d) যেকোনো একটি কাব্যকে উপলব্ধি করা
9. 'নিরীক্ষা' অর্থে — (a) কোনো আগ্রহ না থাকা (b) বিভিন্ন ঘটনার একত্র সমাহার (c) বিশেষভাবে বিচার বিশ্লেষণ করা (c) এগুলির কোনোটিই নয়
10. এখানে 'হার্দ্য' পদটি কোন পদ? (a) বিশেষ্য (b) বিশেষণ (c) বিশেষ্য ও বিশেষণ দু'টিই (d) সর্বনাম
11. এখানে যাঁর নাম আছে, তিনি প্রধানত — (a) সমালোচক (b) দার্শনিক (c) নাট্যকার (d) কবি
12. 'সম্যক' বলতে কী বোঝায়? (a) যথাযথ (b) সঠিক (c) সম্পূর্ণ (d) (a), (b), (c) সবগুলিই ঠিক
13. লেখক যা বলতে চান তা হল — (a) আমাদের ব্যক্তিগত সংস্কার দ্বারা কাব্যপাঠ প্রভাবিত হয় — একথা তিনি বিশ্বাস করেন (b) শুধু নাটকই সমাজের আদর্শকে অবলম্বন করে, অন্য কিছু নয় (c) (a) ও (b) দু'টোই ভুল (d) (a) ও (b) দু'টোই ঠিক
14. পদ পরিচয়ের নিরিখে কোন দু'টি শব্দ একই পদভুক্ত নয়? (a) রসগ্রহণ-রসসম্ভোগ (b) মৌল-মৌলিক (c) কবি-পাঠক (d) হার্দ্য-অন্তঃকরণ
15. নিত্য স্ত্রীবাচক তৎসম শব্দ কোনটি? (a) বিধাত্রী (b) কুলটা (c) বান্ধবী (d) বিরহিনী
16. কোন উপলব্ধি একমাত্র স্বাদনা পাঠের মাধ্যমে সম্ভব? (a) শক্তি ক্ষয়ের (b) দেশাত্মবোধ জাগরণের (c) কবির ভাব-ভাবনার সঙ্গে একাত্মতা অনুভব (d) পঠনকৌশল উপলব্ধি
17. FCA-এর পিছনে কোন তত্ত্বটি কাজ করছে? (a) অতি দ্রুত সংযোগ স্থাপনের ক্ষেত্রে এটি উৎকৃষ্ট পদ্ধতি (b) বেশি নিয়মনীতির গুরুত্ব আরোপ (c) বেশিভাবে ব্যাকরণ নির্ভর (c) ব্যাকরণ নির্ভর নয়
18. অবরোহী পদ্ধতির বৈশিষ্ট্য কী? (a) ভাষাই ব্যাকরণকে অনুসরণ করে (b) শিশু-কিশোরের পক্ষে উপযোগী (c) ব্যাকরণ ভাষাকে অনুসরণ করে (d) ব্যাকরণ পাঠকে আকর্ষণীয় করে
19. ভাষার উদ্দেশ্য কী? (a) সাহিত্যের সৌন্দর্যকে নষ্ট করা (b) শিক্ষার্থীদের সাহিত্য পাঠে নিরুৎসাহিত করা (c) সাহিত্যপাঠের পথকে সুগম করা (d) শুধু ব্যাকরণ শিক্ষা দেওয়া
20. Diverse Classroom কথাটির অর্থ কী? (a) একই বুদ্ধিসম্পন্ন সব ছাত্র (b) আলাদা বুদ্ধিসম্পন্ন সব ছাত্র (c) মাঝারি বুদ্ধিসম্পন্ন সব ছাত্র (d) কম বুদ্ধিসম্পন্ন সব ছাত্র
21. শিক্ষণের ক্ষেত্রে কোনো কবি বা সাহিত্যিকের পরিচয় দিতে হলে শিক্ষক কী পদ্ধতি অবলম্বন করবেন? (a) সংশ্লিষ্ট কবি বা সাহিত্যিকের প্রতিকৃতি দেখাবেন (b) প্রতিকৃতি-সহ তার রচনার সংক্ষিপ্ত তালিকা দেবেন (c) সংশ্লিষ্ট কবি বা সাহিত্যিকের বিস্তৃত জীবনকথা আলোচনা করবেন (d) প্রতিকৃতি-সহ সংক্ষিপ্ত জীবনপঞ্জি ও রচনার সংক্ষিপ্ত তালিকা দেবেন।
22. 'EDUSAT' কী? (a) Educational Satellite (b) Educative Satellite (c) Environmental Satellite (d) None of them
23. বহুভাষাবিদ শিক্ষকের উচিত — (a) একটি ভাষার ব্যাকরণ সম্বন্ধে জানা (b) দু'টি ভাষার ব্যাকরণ সম্বন্ধে জানা (c) যেক'টি ভাষা ব্যবহার করবেন সেক'টি ভাষার ব্যাকরণ ব্যাপারে জানা (d) অনেক বিষয়ের ব্যাকরণ সম্পর্কে জানা
24. সংশোধনমূলক শিক্ষণ কাদের জন্য? (a) অগ্রবর্তী ছাত্রদের জন্য (b) পিছিয়ে পড়া ছাত্রদের জন্য (c) ফেল করা ছাত্রদের জন্য (d) দৃষ্টিহীন প্রতিবন্ধীদের জন্য
25. কোনো শিক্ষার্থী বার বার পিছিয়ে পড়লে শিক্ষক কী ব্যবস্থা নেবেন? (a) পিতামাতাকে ব্যাপারটি জানাবেন (b) শিক্ষার্থীদের জানাবেন (c) প্রধান শিক্ষককে জানাবেন (d) নিজে ছাত্রদের সঙ্গে বসে কারণ বুঝে ব্যবস্থা নেবেন
26. কেন্তম গুচ্ছে ক'টি ভাষা পড়ে? (a) 5টি (b) 6টি (c) 7টি (d) 8টি
27. নব্য ভারতীয় আর্য ভাষায় প্রচলিত ভাষা কী? (a) বৈদিক সংস্কৃত (b) প্রাকৃত ভাষা (c) বাংলা, হিন্দি, মারাঠি (d) মহারাষ্ট্রী প্রাকৃত
28. রাম বাবু গ্রামের মাথা, তিনি ভালোভাবে রবীন্দ্রনাথ পড়েছেন — এগুলি শব্দের কী শক্তি? (a) লক্ষণা শক্তি (b) ব্যঞ্জনা শক্তি (c) অভিধা শক্তি (d) কোনোটিই নয়
29. রূঢ়ি শব্দের অর্থ কী? (a) ব্যুৎপত্তিগত অর্থের সঙ্গে প্রচলিত অর্থের পার্থক্য নেই (b) ব্যুৎপত্তিগত অর্থের সঙ্গে প্রচলিত অর্থের পার্থক্য আছে (c) ব্যুৎপত্তিগত অর্থের সঙ্গে প্রচলিত অর্থের কোনো সম্পর্ক নেই (d) অল্পস্বল্প সম্পর্ক আছে
30. সমাস কথার অর্থ কী? (a) সংক্ষেপ (b) সংযোগ (c) মিলন (d) সমান

## English

**Read the following poem carefully and pick out the best answer out of the choices given each question:**

Where the mind is without fear and
the head is held high,
Where knowledge is free,
Where the world has not been broken
up into fragments by narrow domestic walls,
Where words come out from the depth of truth,
Where tireless striving stretches its arms towards perfection,
Where the clear stream of reason has not lost
its way into the dreary desert sand of dead habit, Where
the mind is led forward by thee into ever
widening thought and action -
Into that heaven of freedom, my Father, let my
country awake.

[Where The Mind Is Without Fear, R.N. Tagore ]

31. In the poem 'where' refers to (a) home (b) England (c) desert (d) heaven of freedom
32. The poet thinks the words should come from (a) mouth (b) the depth of truth (c) God (d) Father
33. 'Where the mind is led forward by thee' – 'thee' refers to (a) poet's father (b) father of the country (c) God (d) none of these
34. The poet compares reason to a (a) clear stream (b) blue ocean (c) deep pond (d) spring
35. 'Dead habit' is compared to (a) an oasis (b) desert sand (c) clear stream (d) river bank
36. In the third line 'free' is used as (a) a noun (b) an adverb (c) an attributive adjective (d) a predicative adjective
37. The antonym of 'dreary' is (a) depressing (b) dull (c) sombre (d) cheerful
38. "..........The dreary desert sand of dead habit" is an example of (a) simile (b) metaphor (c) oxymoron (d) hyperbole

**Read the following passage carefully and pick out the best answer out of the choices given in each question:**

**Beijing, April 28:** Chinese scientists today claimed success in developing an 'effective and safe' Vaccine for human use against the deadly $H_5NI$ human Bird Flu which has already claimed 14 lives in the country.

Preliminary clinical tests have shown that a bird flu vaccine for human use developed by chinese

টেটের নতুন সিলেবাস ধরে
মডেল প্রশ্নোত্তর (ব্যাখ্যা সহ)
পেতে আজই কিনুন
টেট স্পেশাল
Appointment & Career News
ঘরে বসে সরাসরি পেতে যোগাযোগ করুন : 9830624170

# প্রাইমারি টেট

researchers is safe and effective, they said.

The vaccine was jointly developed by China's Ministry of Science and Technology, Centre for Disease Control and Prevention and Beijing Sinovac Co., Beijing based pharmaceutical company.

Recently from the first phase, which ended in June, showed that the four antigens worked at different levels in stimulating the production of antibodies, according to the company.

It said the 10 microgram dosage of the vaccine proved most effective, stimulating 78.3 percent protecting antibodies, exceeding the European union standard of 70% for a flu vaccine.

The 120 participants who were vaccinated have shown no serious adverse reactions, researchers said. Blood tests and Urine tests all indicate that the vaccine is safe for human use.

39. "The invented vaccine is effective and safe" - this claim was done on the
(a) 27th April (b) 28th April (c) 29th April (d) 30th April

40. 'Clinical Trials' means
(a) Police investigation (b) trial game
(c) trail in court (d) medical test

41. Beijing is the capital of
(a) Japan (b) China (c) Thiland (d) Nepal

42. Beijing Sinovac Co. is a
(a) Centre for Disease Control and Prevention (b) Beijing based transport company (c) Beijing based pharmaceutical company (d) a company for free clinical advice

43. The antibodies stimulated by the new vaccine is
(a) more than WHO standard (b) more than European standard (c) less than WHO standard (d) less than European standard

44. To know the adverse reaction of the vaccine on human body the researchers have tested one's
(a) heart (b) blood (c) urine (d) both blood and urine

45. The adjective form of 'virus' is
(a) viral (b) virtuous (c) visionary (d) voracious

46. The suitable similar meaning of 'primary' is
(a) preliminary (b) firstly (c) recently (d) jointly

47. Remedial teachers should observe the following when dealing with the behaviour problems of pupils.
(a) always observe the perfoemance of pupils in class and their behaviour in groups (b) should always pay attention to their misbehaviour (c) give positive reinforcement to pupil's good behaviour (d) refer the cases to student Guidance Officers / Teahcrs for

48. Language laboratory is the place where the learners have listen on headphone. The language labs are set up with a view to provide listening activities in order to make them developing good –
(a) speech habit (b) analysis habit (c) listening habit (d) criticizing habit

49. Behaviourism school of prychology has been established by —
(i) Leonard Bloomfield (ii) Piaget (iii) B. F. Skinner (iv) Pavlov
(a) (i) and (ii) (b) (iii) and (iv) (c) (ii) and (iii) (d) (i) and (iv)

50. Identify the characteristics of various types of Instructional Material used in the class room Instruction.
(i) Audio Visual Aids as Motivator (ii) Supplement oral Teaching (iii) Save Time and Energy (iv) Provide direct Experience
(a) (ii) and (iii) (b) (i) and (ii) (c) (iii), (ii) and (i) (d) All of the above

51. Teachers must keep in contact with parents to help them understand their children and to provide appropriate guidance to develop the pupils –
(a) memory (b) potentials (c) intellegence (d) farsightedness

52. Teaching aids such as charts, Maps, Pictures and Drawings should be used by teachers as they
(i) motivate for further preparation (ii) prepare students mentally (iii) are not expensive
(a) (ii) and (iii) (b) (i) only (c) (i) and (ii) (d) All of these

53. The two most common assessment methods are listed as follows for teachers refernece
(a) Cumulative / Formative Assessment (b) Formative / Evaluation Assessment (c) Formative / Summative Assessment (d) Summative / Cumulative Assessment

54. Keeping in view the significance of text book, what should one keep in his mind while selecting a text book?
(i) Text book should cover the objectives of the subject
(ii) The publisher of the book should be well known
(iii) Age, interest and individual differences
(iv) The cover should be attractive and qualitative
(a) (i), (iii) and (iv) (b) (i) and (ii) (c) (i) and (iii) (d) All of these

55. Remedial teachers should liaise with —— to seek for professional support with a view to helping pupils solve their problems.
(a) related book writers (b) math experts (c) related professionals (d) strict tutors

56. 'use stress and rhythmic patterns, and intonation patterns of the language' and 'use of vocabulary appropriately' are the micro-skills invalved in which of the following?
(a) writing (b) listening (c) speaking (d) reading

57. —— function is when language is used to gain knowledge about the environment (e.g. 'what the tractor doing?') which one of the following is the function identified by Halliday?
(a) Regulatory (b) Instruments (c) Representational (d) Heuristic

58. When a teacher asks her students to write a letter after having a group discussion, she is
(a) integrating different language skills (b) following a traditional method (c) that test the texual knowledge throughly (d) the focus primarily on the structures and words used in the text

59. Pre-reading tasks are meant for
(a) giving the meanings of difficult words and phrases (b) evaluating the reading skill of the learners (c) explaining the grammatical items used in the reading text (d) introducing the main idea and motivating the text learners.

60. Learners acquire a language by
(a) analysing the structure of the language (b) learning about the calture of the speakers of that language (c) study the literature of that language (d) using the language in a natural interactive environment

## ENVIRONMENTAL STUDY

61. নীচের কোনটিকে E-waste বর্জ্য বলা হয়?
(a) চিকিৎসাসংক্রান্ত বর্জ্যকে (b) গৃহস্থালীর বর্জ্যকে (c) বৈদ্যুতিক বর্জ্যকে (d) তেজস্ক্রিয় সংক্রান্ত বর্জ্যকে

62. 'ফুকুশিমা দুর্ঘটনা' কত সালে ঘটে?
(a) 1984 (b) 1972 (c) 2002 (d) 2011

63. GIS-এর পুরো নাম কী?
(a) জিওগ্রাফিক্যাল ইনফর্মেশন সিস্টেম (b) জিওগ্রাফিক্যাল ইনফমেটিক্স অ্যান্ড সিস্টেম (c) জিও-এনভায়রণমেন্টাল ইনফর্মেশন সিস্টেম (d) কোনোটিই ঠিক নয়

64. বায়ুমণ্ডলে কোন গ্যাসের পরিমাণ বেশি?
(a) নাইট্রোজেন (b) অক্সিজেন (c) মিথেন (d) কার্বন ডাই অক্সাইড

65. গ্রিক শব্দ 'Oikos' এর অর্থ কী?
(a) পরিবেশ (b) জলাভূমি (c) অরণ্য (d) ঘর

66. গ্লোবাল ওয়ার্মিংয়ের ফলে মেরু অঞ্চলের বরফ গলে যাবে। এটি একটি বিরাট পরিবেশগত উদ্বেগ, কারণ এর ফলে —
(a) হিমশৈলগুলি বাড়বে (b) তেল অনুসন্ধানের সুযোগ বাড়বে (c) মেরু ভাল্লুকদের শিকারের পরিসীমা কমে যাবে (d) উপকূলবর্তী অঞ্চল বন্যায় প্লাবিত হবে

67. নীচের মধ্যে কোন দূষিত পদার্থ ট্রাফিক পুলিশের শ্বাসগ্রহণের মাধ্যমে ভিতরে প্রবেশ করে?
(a) $CO_2$,$PbO_2$,$SO_2$ (b) Pb (c) $SO_2$, Pb (d) $CO_2$, $SO_2$

68. নীচের কোনটিকে 'জীববৈচিত্র্যের সুপারমার্কেট' বা, 'বড়বাজার' বলা হয়?
(a) স্থলভূমিকে (b) ভূপৃষ্ঠকে (c) জলাভূমিকে (d) বায়ুমণ্ডলকে

69. নীচের কোন ভিটামিন রিকেট ও অস্থিওম্যালেশিয়া রোগ প্রতিরোধ করে?
(a) ভিটামিন D (b) ভিটামিন B কমপ্লেক্স (c) ভিটামিন K (d) ভিটামিন E

70. 'মারাংবুরু উৎসব' পশ্চিমবঙ্গের কোন জেলায় হয়?
(a) বাঁকুড়ায় (b) বীরভূমে (c) পুরুলিয়ায় (d) আলিপুরদুয়ারে

71 'হ্যাবিট্যাট' সম্বন্ধীয় অধ্যয়নকে কী বলে?
(a) ইথোলজি (b) ইকোলজি (c) এন্টোমোলজি (d) কোনোটিই নয়

72. 'আরাবাড়ি মডেল' কী কারণের জন্য বিখ্যাত?
(a) সৌরতাপ কেন্দ্র (b) বৃষ্টি জল-সংরক্ষণ কেন্দ্র (c) পারমাণবিক তাপবিদ্যুৎ কেন্দ্র (d) যৌথ বন ব্যবস্থাপনা

73. প্রাথমিক শিক্ষাস্তরে পরিবেশ শিক্ষা —
(a) বিভিন্ন বিষয়ের মধ্য দিয়ে দেওয়া হয় (b) বিভিন্ন বিষয়ের মধ্য দিয়ে দেওয়ার পাশাপাশি নির্দিষ্ট পুস্তক ব্যবহার করা হয় (c) নির্দিষ্ট পুস্তক ব্যবহার করা হয় (d) ওপরের কোনোটিই নয়

74. নীচের কোনটি সঠিক নয়?
উত্তম শিখন পরিবেশের শর্ত হল —
(a) শিখন পরিবেশ শিক্ষার্থীর কাছে চ্যালেঞ্জিং হবে (b) শিখন পরিবেশ শিক্ষার্থীর কাছে নতুন হবে (c) শিখন পরিবেশ বিন্যস্ত হবে (d) শিখন পরিবেশ শিক্ষার্থীর কাছে আকর্ষণীয় হবে

75. পরিবেশ ও পরিবেশ বিদ্যার ওপর প্রয়োগের জন্য প্রশিক্ষণের ভূমিকা হল —
(a) সমাজবিজ্ঞানে জ্ঞানার্জন ও এর উন্নত প্রয়োগের জন্য প্রশিক্ষণের ব্যবস্থা করা (b) জাতীয় সম্পদ ব্যবস্থাপনার মূল্যায়নে সমাজবিজ্ঞানীদের অন্তর্ভুক্ত করা (c) জাতীয় সম্পদ ব্যবস্থাপনায় সমাজবিজ্ঞানের ভূমিকা সম্পর্কে গবেষণাকে উৎসাহ দান (d) ওপরের সবগুলি

76. যদি কোনো শিক্ষার্থীর বায়ু, জল, মাটি যে পরিবেশের অন্তর্ভুক্ত সেই সম্বন্ধে ধারণা না জন্মায় পাঠদানের পর তবে তাকে —
(a) পরিবেশবিদ্যার অংশ মুখস্থ করতে বলা উচিত (b) সংশোধনীমূলক শিক্ষণের ব্যবস্থা করা উচিত (c) তাকে পরিবেশবিদ্যা শিক্ষণের প্রতি গুরুত্ব দেওয়ার প্রয়োজন নেই বলা উচিত (d) (a) ও (b) উভয়ই ঠিক

77. বিদ্যালয়ে পরিবেশবিদ্যা আবশ্যিক করার কারণ কী?
(a) পরিবেশদূষণের ওপর প্রভাব বিস্তার করে (b) জীবনের গুরুত্বপূর্ণ দিক (c) বহু ব্যক্তির বৃত্তির সুযোগ হয় (d) আমরা পরিবেশের সঙ্গে সর্বদা মিথস্ক্রিয়া করি

78. প্লাস্টিক ব্যবহার কমানোর জন্য নীচের কোন তথ্য সংগ্রহ করার দরকার নেই?
(a) পরিবেশের ওপর প্লাস্টিকের প্রভাব (b) প্লাস্টিকের গুণগত মান (c) প্লাস্টিকের দাম (d) প্লাস্টিকের দূষণকারী ক্ষমতা

79. পরিবেশ শিক্ষার জন্য সহজলভ্য দৃষ্টিনির্ভর গুরুত্বপূর্ণ উপকরণ কী?
(a) চার্ট (b) মডেল (c) ব্ল্যাকবোর্ড (d) স্লাইড

80. বায়ুদূষণ সম্পর্কে আলোচনা করতে গিয়ে শিক্ষক বিশ্বের বিভিন্ন দেশে বায়ুদূষণের বিষয়টি উল্লেখ করেন। তিনি কোন ধারণাটি গঠন করতে চান?
(a) বায়ুদূষণের মাত্রা সম্পর্কে জানানো (b) বায়ুদূষণের মাত্রা কীভাবে কমানো যায়, সে সম্পর্কে সুপারিশ করা (c) আমাদের দেশের বায়ুদূষণের মাত্রার সঙ্গে অন্যান্য উন্নত দেশের বায়ুদূষণের মাত্রার পার্থক্য জানানো (d) বায়ুদূষণ যে আন্তর্জাতিক ঘটনা সে সম্পর্কে জানানো

81. যে জলে DO কম সেই জল কেমন?
(a) দূষিত (b) পাতিত (c) বিশুদ্ধ (d) কোনোটিই নয়

82. প্রাকৃতিক পরিবেশ বিষয়ে দক্ষতা সংক্রান্ত মূল্যায়ন থেকে কী জানা যায়?
(a) শিক্ষার্থী প্রাকৃতিক চিত্র আঁকতে পারে কিনা (b) প্রকৃতির জিনিসপত্র সঠিকভাবে চিনতে পারে কিনা (c) পর্যবেক্ষণ প্রকৃতির সঠিক বর্ণনা দিতে পারছে কিনা (d) প্রাকৃতিক বিভিন্ন ক্রিয়ার সঠিক কারণ ব্যাখ্যা করতে পারছে কিনা

83. 'ইউনাইটেড নেশনস পরিবেশ কর্মসূচি' কবে শুরু হয়?
(a) জুন, 1972 (b) আগস্ট 1970 (c) জানুয়ারি, 1974 (d) জুন, 1992

84. কোন পদার্থ জল দূষণ ঘটাবে না?
(a) ম্যাগনেশিয়াম (b) লেড (c) আর্সেনিক (d) কপার

85. প্রাথমিক শিক্ষাকে শিশুকেন্দ্রিক করতে হলে, কী করতে হবে?
(a) তাত্ত্বিক শিক্ষার ওপর জোর দিতে হবে (b) ব্যবহারিক শিক্ষার ওপর জোর দিতে হবে (c) পরিবেশের সঙ্গে শিশুকে মিলিয়ে শিক্ষার ব্যবস্থা করা দরকার (d) পরিবেশ শিক্ষার প্রয়োজন নেই

86. বৃক্ষরোপণ কোন ধরনের শিক্ষাকে বোঝায়?
(a) খেলাধুলার মাধ্যমে শিক্ষা (b) কাজের মাধ্যমে শিক্ষাকে (c) তাত্ত্বিক দিক শিক্ষা (d) দৈহিক শিক্ষাকে

87. কত সালে জলাভূমি রক্ষা ও সংরক্ষণকে মুখ্য বিষয় করে ইরানে আন্তর্জাতিক সম্মেলন হয়?
(a) 1968 (b) 1969 (c) 1970 (d) 1971

88. নীচের কোনটি মূল্যায়নের ক্ষেত্রে পরিবেশ সংক্রান্ত প্রয়োগের প্রশ্নের উত্তর হতে পারে?
(a) পরিবেশের সংজ্ঞা দেওয়া (b) পরিবেশের বিভিন্ন পদার্থকে চেনা (c) পরিবেশের বিভিন্ন জিনিসকে দৈনন্দিন কাজে ব্যবহার করা (d) পরিবেশের বিভিন্ন ক্রিয়ার কারণ ব্যাখ্যা করা

89. স্টেনো থার্মাল হল এমন একটি জায়গা —
(a) সেখানকার উদ্ভিদ ও প্রাণীদের তাপমাত্রার বিশেষ পার্থক্য সহ্য করার ক্ষমতা নেই (b) সেখানকার উদ্ভিদ ও প্রাণীরা বিশেষ তাপমাত্রার পার্থক্য সহ্য করতে পারে (c) সহ্য করলে কী করবে না তা উদ্ভিদ ও প্রাণীর প্রকৃতির ওপর নির্ভর করে (d) যেটি কোনোটিই হতে পারে

90. আম্লিক জলে pH-এর মান কত?
(a) 7 (b) 7-8 (c) 8-এর বেশি (d) 7-এর কম

## CHILD DEVELOPMENT AND PEDAGOGY

91. পিয়াগেট ও ভাইগটস্কি যেমন বুঝেছিলেন একটি গঠনমূলক শ্রেণিকক্ষ শিক্ষা —
(a) শিক্ষক/শিক্ষিকাদের মাধ্যমে নির্দেশিত ও শিক্ষার্থীরা সেই নির্দেশের নিষ্ক্রিয়ভাবে গ্রহণকারী (b) সক্রিয় ভূমিকা পালনকারী শিক্ষার্থীদের মাধ্যমে স্বহস্তে গঠিত বিষয় (c) অনুপ্রেরণা ও সাড়া দেওয়ার যৌথ প্রচেষ্টা (d) শিক্ষক/শিক্ষিকার মাধ্যমে পুনঃশক্তির প্রতিষ্ঠা

92. মানব বিকাশ ক'টি স্তরে বিভক্ত?
(a) শারীরিক, আধ্যাত্মিক, বৌদ্ধিক ও সামাজিক (b) শারীরিক, বৌদ্ধিক, প্রাক্ষোভিক ও সামাজিক (c) মনোবৈজ্ঞানিক, বৌদ্ধিক, প্রাক্ষোভিক ও শারীরিক (d) প্রাক্ষোভিক, বৌদ্ধিক, আধ্যাত্মিক ও সামাজিক মনোবৈজ্ঞানিক

93. সম্প্রতি শিশুদের ভুল ধারণাকে বিকল্প ধারণা হিসাবে দেখার একটি প্রবণতা দেখা যায়। এটা আরোপ করা যেতে পারে —
(a) শিক্ষার্থীদের ভুল ধরতে কল্পিত কথা ব্যবহার (b) শিশুদের বোধের তারতম্য হওয়ার ও তাদের নিজ নিজ শিক্ষা কাজে নিষ্ক্রিয় হওয়ার প্রতি (c) শিশুরা চিন্তা করতে সক্ষম ও তাদের চিন্তা পরিণত বয়সের মানুষের চিন্তা থেকে আলাদা (d) সবক'টি

94. অন্তর্ভুক্তিমূলক শিক্ষা কী?
(a) প্রান্তবর্তী গোষ্ঠী থেকে শিক্ষক নির্বাচন (b) কোনো মতবাদ শেখানো বা অন্তর্ভুক্ত করা (c) শ্রেণিকক্ষের মধ্যে বৈচিত্র্য সৃষ্টি করা (d) প্রবেশিকা প্রক্রিয়াকে কঠোর করতে উৎসাহিত করা

95. কোহেলবার্গের তত্ত্ব অনুযায়ী একজন শিক্ষক শিক্ষার্থীদের নৈতিক মূল্যবোধ গঠন করেন
(a) নৈতিক ক্ষেত্রগুলিতে আলোচনায় শিক্ষার্থীদের যুক্ত করা (b) ধার্মিক শিক্ষণে গুরুত্ব প্রদান (c) আচরণের বিভিন্ন স্তর স্পষ্ট করা (d) আচরণ করতে হয় তার কাজের নির্দেশনা দানে

# প্রাইমারি টেট

96. শিখনের মূল ভিত্তি কোনটি?
(a) অনুভূতিমূলক (b) আধ্যাত্মিক (c) পেশাদারি (d) পরীক্ষামূলক

97. ডাইগটস্কি শিক্ষার্থীদের শিখনে নীচের কোনটিকে গুরুত্ব দিয়েছেন?
(a) নৈতিক (b) শারীরিক (c) বংশগতি (d) সামাজিক

98. ছাত্রদের জন্য বিদ্যালয় থেকে শিক্ষামূলক ভ্রমণ প্রয়োজন কেন?
(a) ছাত্ররা বেড়িয়ে আনন্দ পাবে (b) ছাত্ররা ভ্রমণ উপভোগ করবে (c) প্রত্যক্ষ সংস্পর্শে এসে ছাত্ররা সম্পূর্ণ জ্ঞান অর্জন করতে পারবে (d) অধ্যয়ন তাদের কাছে বোঝা বলে মনে হবে না

99. বর্তমানে ছাত্রছাত্রীদের শিক্ষার প্রতি আগ্রহ না থাকার কারণ কী?
(a) শিক্ষা পদ্ধতি বেশি ব্যয়বহুল (b) উপযুক্ত পাঠ্যক্রম ও আদর্শ শিক্ষার অভাব (c) শিক্ষাব্যবস্থায় তারা ভালো ভবিষ্যৎ দেখতে পাচ্ছে না (d) অভিভাবকদের অনীহা

100. নীচের কোনগুলি সম্পাদনী অভীক্ষা?
(i) আর্মি আলফা টেস্ট (ii) ড্র-এ ম্যান টেস্ট (iii) ডিয়ারবর্ন ফর্ম বোর্ড টেস্ট (iv) কোহস ব্লক ডিজাইন টেস্ট
(a) iv ও i (b) iv ও ii (c) i ও iii (d) i ও ii

101. সাধারণত আমরা কোনো কিছু দেখে 30% ও কোনো কিছু শুনে কত শতাংশ মনে রাখতে পারি?
(a) 25 (b) 20 (c) 50 (d) 40

102. নীচের কোনটি বৃদ্ধি ও বিকাশের নীতির সঙ্গে সম্পর্কিত নয়?
(a) শ্রেণিবিন্যাসের নীতি (b) ব্যক্তিত্বের নীতি (c) ধারাবাহিকতার নীতি (d) কোনোটিই নয়

103. শিশুর মানসিক বিকাশের ধাপটিকে কী নামে অভিহিত করা হয়?
(a) সঞ্চরণ (b) মূল্যায়ন (c) পুনর্গঠন (d) স্বতন্ত্রীকরণ

104. আপনার শ্রেণিকক্ষে কোনো শিশু তার নিজের ব্যর্থতার দায় সবসময় অন্য কোনো শিশুর ওপর চাপিয়ে দেয়, সে কোন ধরনের প্রতিরক্ষা কৌশল ব্যবহার করে?
(a) অনুকম্পন (b) অবদমন (c) প্রক্ষেপন (d) যৌক্তিকতা

105. শিশুর সামগ্রিক বিকাশ প্রক্রিয়া হল —
(a) জৈবিক (b) মনো-দৈহিক (c) শারীরবৃত্তীয় (d) মনস্তাত্ত্বিক

106. শিক্ষাদান প্রক্রিয়ায় শিক্ষার্থীর পারদর্শিতা একটি —
(a) নিয়ন্ত্রিত চল (b) মধ্যস্থ চল (c) স্বাধীন চল (d) নির্ভরশীল

107. গঠনমূলক মূল্যায়নে কোন কৌশলটি উপযুক্ত নয়?
(a) টার্ম পরীক্ষা (b) অ্যাসাইনমেন্ট (c) মৌখিক প্রশ্ন (d) কুইজের সেশন

108. সৃজনশীল শিক্ষার্থী কাকে বলা যায়?
(a) উচ্চবুদ্ধিসম্পন্ন (b) অদ্ভুত প্রতিভাসম্পন্ন (c) পরীক্ষায় সবসময় বেশি নম্বর পায় (d) পার্শ্ববর্তী চিন্তা ও সমস্যা সমাধানে ক্ষমতাসম্পন্ন

109. ডাইলেক্সিয়া প্রধানত কোন ত্রুটির সঙ্গে যুক্ত?
(a) পঠন (b) কথা বলা ও শ্রবণ (c) শ্রবণ (d) কথা বলা

110. হাতে-কলমে কাজ করার ক্ষেত্রে কোন বুদ্ধির প্রয়োজন?
(a) বিমূর্ত বুদ্ধি (b) মূর্ত বুদ্ধি (c) সামাজিক বুদ্ধি (d) কোনটি নয়

111. একজন শিক্ষক মনে করেন, প্রতিপালন একটি শিশুর বিকাশের ওপর জোরালো প্রভাব ফেলে। তিনি কোন বিষয়টির গুরুত্বের সঙ্গে একমত নন?
(a) সহপাঠীদের সঙ্গে সংযোগ (b) বাড়িতে ব্যবহৃত খেলনার প্রকৃতি (c) জিনগত বৈশিষ্ট্য (d) পিতা-মাতা শিশুর প্রতি যে নৈকট্য ও ভালোবাসা প্রদর্শন করেন

112. একজন শিক্ষক তাঁর ছাত্রছাত্রীদের দক্ষতা বুঝতে চেষ্টা করবেন। নীচের কোনটি এই বিষয়ের সঙ্গে সম্পর্কিত?
(a) এডুকেশনাল সাইকোলজি (b) এডুকেশনাল সোশিওলজি (c) মিডিয়া-সাইকোলজি (d) সোশ্যাল ফিলোজফি

113. নীচের কোনটি প্রাথমিক স্তরের একজন শিক্ষকের সবথেকে গুরুত্বপূর্ণ গুণ হিসাবে বিবেচিত হয়?
(a) শিক্ষাদানের ঔৎসুক্য (b) ধৈর্য ও অধ্যবসায় (c) উন্নতমানের ভাষা ব্যবহার করে শিক্ষাদানের দক্ষতা (d) বিষয়ের জ্ঞান ও শিক্ষাদানের দক্ষতা

114. মূল্যায়নকে কার্যকরী ও উৎসাহব্যঞ্জক করতে হলে কী করতে হবে?
(a) বিভিন্ন ছাত্রের মধ্যে তুলনা করতে হবে (b) ছাত্রদের শিক্ষণ ও তৎসংক্রান্ত সীমার মধ্যে ছাত্রদের শিক্ষাগ্রহণ সম্বন্ধে তথ্য সংগ্রহের জন্য বিভিন্ন ধরনের পদ্ধতি ব্যবহার করতে হবে (c) ছাত্রদের গড়পড়তা অথবা বুদ্ধিমান হিসাবে চিহ্নিত করতে হবে (d) ফল জানাতে পরিভাষা ব্যবহার করতে হবে

115. একটি শিশুর বিকাশের নীতিগুলিকে বোঝা একজন শিক্ষককে সাহায্য করে —
(a) শিক্ষার্থীর অর্থনৈতিক প্রেক্ষাপটকে বুঝতে (b) শিক্ষার্থীর সামাজিক অবস্থানকে বুঝতে (c) শিক্ষার্থীর শিক্ষালাভের বিভিন্ন ধরনকে কার্যকারীভাবে কাজে লাগাতে (d) কেন শিক্ষার্থীকে শেখানো হবে তার যুক্তি ঠিক করতে

116. মানসিকভাবে পিছিয়ে পড়া দু'জন ছাত্রকে আপনার ক্লাসে নিতে বলা হল। আপনি কী করবেন?
(a) নিজের ক্লাসে তাদের অন্তর্ভুক্ত করে শিক্ষাদানের জন্য মানসিকভাবে পিছিয়ে পড়া ছাত্রদের পড়ানোর পদ্ধতি শিখে নেবেন (b) ছাত্র হিসাবে তাদের গ্রহণ করতে অস্বীকার করবেন (c) শুধুমাত্র মানসিকভাবে পিছিয়ে পড়া ছাত্রদের জন্য নির্দিষ্ট ক্লাসে অন্তর্ভুক্তির ব্যবস্থা করতে প্রধানশিক্ষককে বলবেন (d) এগুলির কোনোটিই করবেন না

117. 'ইকোলজিক্যাল পারস্পেক্টিভ অফ ডেভেলপমেন্ট' কীসের ওপর গুরুত্ব আরোপ করে?
(a) কতগুলি ধারাবাহিক ধাপের ওপর (b) বিকাশের ক্ষেত্রে বংশানুক্রমের ভূমিকার ওপর (c) বিকাশের ক্ষেত্রে শিক্ষণের ভূমিকার ওপর (d) যে প্রেক্ষিতে বিকাশ ঘটে তার ওপর

118. একটি লাজুক ও অন্তর্মুখী শিশু প্রাপ্তবয়স্ক অবস্থাতেও অন্তর্মুখী থাকবে, না অমায়িক ও সামাজিক হবে তা বিকাশের কোন বিষয়টির সঙ্গে সম্পর্কিত?
(a) প্রাপ্তমনস্কতা (b) ধারাবাহিকতা ও অ-ধারাবাহিকতা (c) সাংস্কৃতিক সর্বজনীনতা বনাম সাংস্কৃতিক আপেক্ষিকতা (d) প্রকৃতি ও প্রতিপালন

119. নীচু ক্লাসে খেলার মাধ্যমে শিক্ষার ভিত্তি হল —
(a) উন্নয়ন ও বিকাশের মানসিক নীতি (b) শিক্ষাদানের সমাজতাত্ত্বিক নীতি (c) শারীরশিক্ষা প্রকল্পের তত্ত্ব (d) শিক্ষণ পদ্ধতির নীতি

120. ক্লাসে কিছু ছাত্র পড়াশোনায় মন দিতে চাইছে না। শিক্ষক হিসাবে আপনি কী করবেন?
(a) তাদের পড়তে বাধ্য করবেন (b) তাদের ক্লাস থেকে বাইরে যেতে বলবেন (c) তারা যে বিষয়ে আগ্রহী সে বিষয়ে তাদের কিছু বলবেন (d) পড়াশোনায় মন না দিলে প্রধান শিক্ষককে জানাবেন বলে তাদের ভয় দেখাবেন

## MATHEMATICS

121. $\dfrac{(8.81-7.98)^2}{(7.98-6.52)\times(6.52-8.81)}+\dfrac{(7.98-6.52)^2}{(6.52-8.81)\times(8.81-7.98)}+\dfrac{(6.52-8.81)^2}{(8.81-7.98)\times(7.98-6.52)}=?$
(a) 2 (b) 3 (c) 1 (d) 6.52

122. $x = 72$ হলে $x^4 - 71x^3 - 71x^2 - 71x + 10 = ?$
(a) 6 (b) 50 (c) 72 (d) 82

123. $\dfrac{1}{a+\dfrac{1}{b+\dfrac{1}{c+\dfrac{1}{d}}}}=\dfrac{17}{60}$ হলে $a+b+c+d=?$
(a) 17 (b) 1 (c) 13 (d) 60

124. $a = 195, b = 194, c = 196$ হলে $a^3 + b^3 + c^3 - 3abc = ?$
(a) 0 (b) 1786 (c) 1805 (d) 1755

125. $\dfrac{16\times0.88\times0.88-9\times0.99\times0.99}{0.88\times0.99-5\times0.99}\times\dfrac{4\times0.88-20}{4\times0.88\times0.88+3\times0.88\times0.99}+\dfrac{32\times0.88-24\times0.99}{0.88\times0.99}=?$
(a) 0.1 (b) 1 (c) 0.5 (d) 0.3


126. $\dfrac{0.33\times0.33-4\times0.77\times0.77}{0.33\times0.77+0.77\times0.77}+\dfrac{0.33\times0.33+2\times0.33\times0.77}{4\times0.77}\times\dfrac{0.33\times0.33+0.33\times0.77}{4\times0.33-8\times0.77}$
(a) 1 (b) 0.23 (c) 0.50 (d) 0.05

127. $\dfrac{1}{4}\times\dfrac{2}{6}\times\dfrac{3}{8}\times\dfrac{4}{10}\times\dfrac{5}{12}\times\ldots\ldots\times\dfrac{31}{64}=\dfrac{1}{2^x}$ হলে $x = ?$
(a) 37 (b) 32 (c) 36 (d) 31

128. 13-এর ক্ষুদ্রতম গুণিতকটি নির্ণয় করুন, যাকে 4, 5, 6 ও 7 দিয়ে ভাগ করলে প্রতিক্ষেত্রে 3 ভাগশেষ থাকবে?
(a) 3780 (b) 3783 (c) 2520 (d) 2522

129. একটি বাক্সে 1 টাকা, 50 পয়সা ও 25 পয়সা মিলিয়ে মোট 180 টাকা আছে। তাদের সংখ্যার অনুপাত 2 : 3 : 4 হলে, 50 পয়সার সংখ্যা কত?
(a) 120 (b) 60 (c) 150 (d) 180

130. নিচের চিত্রে $\angle BOA = 100^\circ$, $\angle AOC = 110^\circ$ হলে $\angle BAC =$ কত?




(a) $90^\circ$ (b) $80^\circ$ (c) $75^\circ$ (d) $60^\circ$


131. $\Delta ABC$ একটি সমদ্বিবাহু ত্রিভুজ, যার $AB = AC$ ও $\angle A = 90^\circ$ হলে $\angle C$-এর মান কত?
(a) $35^\circ$ (b) $45^\circ$ (c) $60^\circ$ (d) $75^\circ$

132. $\dfrac{7}{1000}+\dfrac{9}{100}+8\times100+7\times1000=?$
(a) 780.97 (b) 7800.097 (c) 7900.078 (d) 8700.097

133. কোনো সংখ্যাকে 6 দিয়ে ভাগ করলে 3 অবশিষ্ট থাকে। ওই সংখ্যার বর্গকে 6 দিয়ে ভাগ করলে কত অবশিষ্ট থাকবে?
(a) 2 (b) 6 (c) 3 (d) 1

134. কোনো অর্থের $\frac{1}{4}$, $\frac{1}{8}$ ও $\frac{1}{16}$ অংশ তিনজনের মধ্যে ভাগ করে দেওয়ার পরও 18,000 টাকা বাড়তি থাকে?
(a) 16000 (b) 28000 (c) 30000 (d) 32000

135. নীচের চিত্রে OED ও OBA বৃত্তকলা, যেই বৃত্তের কেন্দ্র O. চিহ্নিত অংশের ক্ষেত্রফল কত?




(a) $\frac{11}{2}m^2$ (b) $\frac{11}{16}m^2$ (c) $\frac{11}{8}m^2$ (d) $\frac{11}{4}m^2$

136. আমাদের দেশে প্রাসঙ্গিক গণিত শিক্ষার ক্ষেত্রে কোন পদ্ধতি বেশি কার্যকরী?
(a) বক্তৃতা (b) প্রতিপাদন (c) প্রোজেক্ট (d) আবিষ্কার

137. প্রাথমিক শিক্ষায় প্রথম স্তরে গণিত শিক্ষা দিতে হলে T.L.M. ব্যবহার করা উচিত —
(a) মূর্ত জিনিস (b) বিমূর্ত ধারণা (c) উভয়ই (d) কোনোটিই নয়

138. চতুর্থ শ্রেণির একজন শিক্ষার্থী তার পাঠ্যক্রমের জ্যামিতিক চিত্রগুলি আঁকতে পারে, এক্ষেত্রে তার যে শিখন সামর্থ্য হয়েছে বলা হয়, তা হল —
(a) জ্ঞান (b) বোধ (c) প্রয়োগ (d) দক্ষতা

139. সংশোধনী শিক্ষায় শিক্ষার্থীদের —
(a) বিষয় শেষে অনুশীলন করানো উচিত (b) ক্রমাগত অনুশীলনে রাখা উচিত (c) বাৎসরিক অনুশীলন উচিত (d) সেমেস্টার পদ্ধতির মাধ্যমে মূল্যায়ন করা উচিত

140. কোনো শিক্ষার্থীকে গণিত শিক্ষাদানে আগ্রহ বাড়াতে কী প্রয়োজন?
(a) কঠোর শৃঙ্খলাবোধ তৈরি করা (b) Reinforcement দেওয়া (c) আবাসিক গণিত শিক্ষাকেন্দ্র তৈরি করা (d) Trial Error পদ্ধতি শেখানো

141. একজন ছাত্র অঙ্কের পরীক্ষায় 50 পেয়েছে, একে কী বলা হবে?
(a) মূল্যায়ন (b) পরিমাপ (c) অ্যাসেসমেন্ট (d) পরীক্ষা

142. Programmed learning-এর মাধ্যমে গণিত শিক্ষার সুপারিশ করে কোন কমিশন?
(a) উচ্চশিক্ষা কমিশন (b) মুদালিয়র কমিশন (c) NPA 1986 (d) কোঠারি কমিশন

143. গণিত পাঠক্রমের একটি নীতি হল —
(a) ভৌগোলিক নীতি নির্ধারণ (b) প্রাকৃতিক বিপর্যয়ের পূর্বাভাস (c) প্রাকৃতিক সম্পদের হিসাব নিকাশ (d) প্রাকৃতিক নিয়মাবলীর উত্তম ব্যাখ্যায় সহায়তা

144. 'মানব সভ্যতা ও মূল্য গঠন' হল গণিত শিক্ষার একটি —
(a) বৈশিষ্ট্য (b) লক্ষ্য (c) উদ্দেশ্য (d) পরিধি


145. একজন শিশুশিক্ষার্থী বিভিন্ন ধরনের ত্রিভুজের শ্রেণিকরণ করতে পারে। তাহলে তার কোন ধরনের শিখন সামর্থ অর্জিত হল —
(a) জ্ঞান (b) বোধ (c) প্রয়োগ (d) দক্ষতা

146. গণিতের বৈশিষ্ট্য হচ্ছে —
(a) ভাষা ব্যবহারের সংক্ষিপ্ত উপায় (b) ধারণার সংক্ষিপ্ত উপায় (c) বিজ্ঞানের সংক্ষিপ্ত উপায় (d) ওপরের কোনোটিই নয়

147. ক্ষেত্রফলের ধারণা দিতে একজন শিক্ষক শুরু করতে পারেন —
(a) প্রতিটি ক্ষেত্রের ক্ষেত্রফল গণনা করা হয় একক বর্গক্ষেত্রের ক্ষেত্রফল গণনা করে (b) বিভিন্ন সামতলিক ক্ষেত্রের ক্ষেত্রফল ফর্মুলার সাহায্যে ব্যাখ্যা করে (c) যেকোনো চিত্রের সঙ্গে বিভিন্ন সামতলিক ক্ষেত্রের ক্ষেত্রফলের তুলনা করে — যেমন, হাতের তালু, পাতা, পেন্সিল, নোটবই ইত্যাদির মাধ্যমে পড়ানো যেতে পারে (d) আয়তক্ষেত্রের দৈর্ঘ্য, প্রস্থ থেকে উহার ক্ষেত্রফলের ধারণাকে কাজে লাগিয়ে (যেমন : দৈর্ঘ্য × প্রস্থ)।

148. একজন শিক্ষার্থী $\frac{1}{2}+\frac{1}{3}=\frac{2}{5}$ ভগ্নাংশটির যোগফলে ভুল করল। এক্ষেত্রে ভুল শোধরানোর জন্য শিক্ষক কোন ব্যবস্থা নেবেন?
(a) প্রতিটি ভগ্নাংশের পরিমাণ নির্ণয়ে সাহায্য করা (b) ল.সা.গু-র ধারণা বুঝতে সাহায্য করা (c) শিক্ষার্থীকে অনুশীলন করতে সাহায্য করা (d) কোনোটি করার প্রয়োজন নেই

**নির্দেশ (149)** : একটি শহরে বসবাসকারী 900 জন অধিবাসীর মধ্যে সঙ্গীতের প্রতি অনুরাগের ওপর ভিত্তি করে পাওয়া তথ্য (শতকরা হিসাবে) Pie-Chart-এর মাধ্যমে নীচে দেখানো হল। Pie-chart থেকে নীচের প্রশ্নগুলির উত্তর দাও।




149. কতজন অধিবাসী রবীন্দ্রসঙ্গীত ভালোবাসেন?
(a) 500 (b) 200 (c) 225 (d) 275

150. NCF (2005) অনুযায়ী গণিত, একটি নির্দিষ্ট পথে চিন্তা করা ও কারণ নির্ণয় করা। এর অর্থ কী?
(a) শিক্ষার্থীদের বিশেষ কোচিং দেওয়া (b) বাস্তব জীবনের সঙ্গে সম্পর্কিত বিষয়ে হাতে-কলমে শিক্ষা ও ভ্রমণমূলক শিক্ষার ধারণা সংক্রান্ত আলোচনায় শিক্ষার্থীদের অন্তর্ভুক্ত করা (c) সব গণিত পাঠ্যপুস্তক আবার নতুন করে লেখা (d) শিক্ষার্থীদের প্রচুর পরিমাণে সমস্যা-সহ ওয়ার্কশিট দেওয়া

## উত্তর

1(b). 2(d). 3(c). 4(c). 5(b). 6(c). 7(c). 8(b). 9(c). 10(c). 11(d). 12(d). 13(c). 14(d). 15(b). 16(c). 17(a). 18(a). 19(c). 20(b). 21(d). 22(a). 23(c). 24(b). 25(d). 26(b). 27(c). 28(a). 29(b). 30(a). 31(d). 32(b). 33(c). 34(a). 35(b). 36(d). 37(d). 38(b). 39(b). 40(d). 41(b). 42(c). 43(b). 44(d). 45(a). 46(a). 47(b). 48(a). 49(b). 50(d). 51(b). 52(c). 53(c). 54(a). 55(c). 56(c). 57(d). 58(c). 59(d). 60(d). 61((c). 62(d). 63(a). 64(a). 65(d). 66(d). 67(a). 68(c). 69(a). 70(a). 71(b). 72(d). 73(a). 74(b). 75(d). 76(b). 77(b). 78(c). 79(c). 80(d). 81(a). 82(a). 83(a). 84(a). 85(c). 86(b). 87(d). 88(c). 89(a). 90(d). 91(c). 92(c). 93(c). 94(b). 95(a). 96(d). 97(d). 98(c). 99(b). 100(a). 101(b). 102(a). 103(d). 104(c). 105(b). 106(d). 107(a). 108(d). 109(a). 110(b). 111(c). 112(d). 113(b). 114(b). 115(c). 116(a). 117(d). 118(d). 119(b). 120(c). 121(b). 122(d). 123(c). 124(d). 125(c). 126(a). 127(c). 128(b). 129(a). 130(c). 131(b). 132(a). 133(c). 134(c). 135(d). 136(b). 137(a). 138(d). 139(b). 140(b). 141(b). 142(d). 143(d). 144(c). 145(b). 146(a). 147(c). 148(b). 149(c). 150(b).

In association with

SRF

RICE EDUCATION | ricesmart

TOGETHER IN SUCCESS



# সরকারি চাকরি প্রার্থীদের জন্য সেরা স্কলারশিপ

সামনেই আছে TET, CGL, WBCS, BANKING ইত্যাদি বিভিন্ন সরকারি চাকরির পরীক্ষায় নিজেকে প্রমাণ করে দেওয়ার সুযোগ। প্রস্তুতি শুরু করে দাও আজই।

**৫০% পর্যন্ত স্কলারশিপ**

প্রতীকী প্রয়োজনা

R

RICE TALENT SCHOLARSHIP TEST

#SecureYourDream

আজই রেজিস্টার করো
www.ricesmart.in/rtst

রেজিস্টার করার শেষ তারিখ: ১৭ নভেম্বর, ২০২২

পরীক্ষার তারিখ: ১৯ ও ২০ নভেম্বর, ২০২২

বিশদে জানতে যোগাযোগ করো **62921 90230**

ricesmart.in

বেলঘরিয়া (হেড অফিস) 84799 02085 / 84799 18051 | শিয়ালদহ (সিটি অফিস) 84799 18013 / 84799 17959 | বেহালা 84799 17961
সোনারপুর 84799 17962 | হাওড়া ময়দান 84799 17956 | বারাসাত 84799 00574 | শিলিগুড়ি 84799 17965 | কোচবিহার 84799 00576
দুর্গাপুর 84799 00578 | আসানসোল 84799 00577 | বর্ধমান 84799 00575 | বহরমপুর 84799 17952 | মালদহ 84799 17953
মেদিনীপুর 84799 17954 | খড়গপুর 84799 17955 | তমলুক 84799 17957

Owner : Sangsthaan Prakashan Pvt. Ltd., Printer : Mousumi Ghosh, Publisher : Mousumi Ghosh, Published from Flat No. B-3, 2nd Floor, 12/3/4 Jamir Lane, Kolkata - 700 019, Dist. : 24 Parganas (South), West Bengal and Printed from Sangsthaan Prakashan Pvt. Ltd., Vill : Nazirabad - Uchchepota, P.O. : Uchchepota, Gram Panchayet : Kheadaha, Dist. 24 Parganas (South), Kolkata - 700 150, West Bengal, Editor : Mousumi Ghosh. Phone No. : (033) 2460 6211/12, Fax No. : (033) 2460-8233. E-Mail : karmsang@gmail.com